घारम मा । विरायकः हेजेरबारम किमा ১००७ वृह्येरस्य शूर्त्व काराम टाव्निक हिन मा, इच्छा: क्वारांत्र वक वक বৎসর পূর্বেষ যে হিন্দুরা কামান নির্মাণ বা ব্যবহার করিতে ्यानिक हेश विरम्भी अक्षा नश्लाहे विश्वान क्रेयात नरह । नावात्रन मछ बारे रव ১৩৩৬ किया ১৩৩৮ बुरोस्य हेंखेरतारम প্রথম কামান ব্যবহৃত হয়। কিন্তু অনেক অন্থসন্ধানের পর है जिहान (विधार के स्वाप्त के दिना के निकास है के-রাছে যে ভাহার অব্যে ১৩১২ খৃষ্টাব্দে প্রথমে মূরগণ স্পোন এক প্রকার কামান ব্যবহার করিয়াছিল। মুরগণ যে আরব-निरागत कर्ड्क अञ्जविनाम मीर्जिक क्षेत्रीयाष्ट्रिक देश नर्सवानि-সমত, এবং অধুনা বেরপ প্রমাণ পাতুরা বাইভেছে বে আর-व्यता जात्रक्ष्यर्थ इहेरक हिकिएमाविमा, ब्लाफिर्सिमा, श्रिक শাস্ত্র ইভাাদি শিকা করিয়াছিল, ভাহাতে বোধ হয় যে কামান ব্যবহারও ভাহারা ভারতবর্ষ হইতে শিক্ষা করিয়া পরে ইউরোপে প্রচলিত করিয়াছে।

কিছ স্বদিপের ইউরোপে কামান প্রচলিত করিবার বহদিন পরে ইংরাজেরা সবে মাত্র ১৩৪৭ গৃষ্টাকে প্রথম কামান ব্যবহার করেন, স্থতরাং ভারতবর্বেও যে আর দিন হইতে কামান চলিয়াছে এ কথা যে তাঁহারা প্রকৃতি করিতে চেষ্টা করিবেন ইহার আশ্চর্য্য কি ? কিছু র্ লিখিয়াছের আহাতে ভিনি বেশাইরাছেন (৩) বে যমুনাক্তম্ব কথনই মৃগলমার কৃত হইতে পারে না। বিশেষতঃ বছুলা ভাতের তলদেশে হিন্দিগের পূকার ঘন্টা প্রভৃতি বে বক্তম্ব প্রতিমৃত্তি স্থিত রহিরাছে ভাহাতে উহা হিন্দ্দিগের কৃত বলিয় বক্তমাণ হইতেছে। বদুনাক্তম্ব আদিকানে বত উচ্চ ছিল এখন আর ডত উচ্চ নাই। কেননা কৃতবউদিন উহার শিখর দেশ ভার করিয়া মুসলমানরীতি অহসারে পুনর্কার উহার শিখর নির্বাণ করিয়া সুসলমানরীতি অহসারে পুনর্কার উহার শিখর

বেমন কুলক্ষেত্র এখন স্থানেশ্বর নামে অভিহিত, তেমনি কুলক্ষেত্রর পুণানদী দৃশ্বতীও অধুনা কাগার-(a) নামে গাত। ইহা স্থানেশ্বর প্রদেশের দক্ষিণাঞ্চলে প্রবাহিত ইইতেছে।

পাগলিনীর ব্যাপারটি আমরা একটা প্রকৃত ঘটনার আভাব ইইভে কলিড করিয়া লইয়াছি।

কাপ্তেন টডের রাজস্থান পাঠে জানা বার যে জাশাপূর্বানামে দেবী বথার্বই দিরির কুলদেবী ছিলেন, এরং
সকল রাজপুতেরাই কোন কর্ম করিবার জ্বগ্রে জ্বালপুর্বা
দেবীর পূজা করিছেন।

unninghan's Archeaological Survey of Vol. IV.

Elphinstone's History of India.

ক্ষাৰে ভজি এবং ভালবাসার উদ্ধেক হয়, আহার গলে বালে ক্ষার কশিতিও ইইতে বাকে। ভালার ভেলারী অসচ অহলারশ্রা, প্রশাস্ত কিন্ত লচ প্রতিজ্ঞান ক। সমরসিংহ বড়বিংশ বর্ষীর মারা, কিন্তু তালার উন্নত রাজমূর্তি দেখিলে ভাগাকে অপেক্ষাকৃত ব্যীরান বা বোগ হয়। মহারাজ হয় ককে বসিয়াহিলেন, সহসা ম ভূতা সেই ককে প্রবেশ করিয়া ক্ষরানে বলিল ইথীর একটা প্রস্থান ইইয়াছে। এই শুভ সংবাদ মহারাজের বদনমঙল হর্ষোৎক্ষ ইইয়া উঠিল। বিশাল সমুক্ত সহসা বেন রজভ্যাব্রিভ

বাসনাসিতে মহা কটচিত্তে পুত্রমুখ দেখিতে অন্তঃপুরে
বিদিয়াতে সন। পূর্ণিমা ভিথিতে চল্লোদরের সঙ্গে স্কে
কট চটল। এই শুভ লগ্নে কুমারের জন্ম হইছে
সকলের হৃদয় আহলাদে পূর্ণ হইল। স্মরসিংছ
নাম কিবিয় করি ছেলিন, দেখানে স্মন করিলেন। নললাদি
ভার্য রাজবাটীর উলানে কুশাসনোপরি উপরিট, ভারার
ভাত্ত পূর্ণি, পরিধান পটবর, মুদীর্য ভল ললাটে রক্ত চলাকর
ভিত্ত । ভিনি পূর্ণি পরে দৃষ্টি রাণিয়া নবকুমানের আহল
স্পন্ম করিতেহেন এবং সেই গণনার সহিত ভারা নক্তরের
ভিত্তি বিলাইবার জন্ম বেন মাবে মাবে এক একবার

আকাশে চাহিয়া দেখিতেছেন। গগন-মণ্ডলে মেদের। ক্রমাজ নাই; আকাশের স্থানে স্থানে ভারকারান্তি দীতি
বিকাশ করিতেছে; আর প্রশিশধরের নির্মান কিরবে সমস্ত
উদ্যান, সরোবর, বৃক্ত-পত্র, ভত্রবেশ ধারণ করিয়াছে।
এ আলোকের নিকট দীপালোকের শোভা কোথার ৪ সে
আলোক ইহার নিকট ভীব লাগিভেছিল।

শমবিণংহ আসিয়া দেখিলেন, গুরুদেব গণনা করিছে-ছেন, কিন্তু তাঁহার মুখ বিবাদে অভিত রহিলাছে। তাঁহার মুখ দেখিরা শমবিণংহের আহলাদ তিরোহিত হুইল; ভিনি ৰলিলেন, "গুরুদেব। নবকুমাবের ভাগ্যে কি দৈখিলেন ? দে ভবিষাতে রাজা হইবে ত?"

মঙ্গলাচার্য গড়ীর ধবে নবিলেন, "হটবে—'কছ—''
সমর্মিং 'কিছ' শুনিয়া বিষাদে ও বিশ্বরে ওক্তেবের কলা
শেব না ইইভে ইইভে বলিলেন, "এবারও 'কিছু প' হার!
শামি এড কি পাপ করিয়াহি, বে আমার বংশে কেইই
কোনমত্তে সিংহাগনে আবোহণ করিছে পারিবে না। আমার
ভোঠপুর্ত্ত কলাবের ভালা নির্বন্ধ করিয়া আপেনি প্রিক্তরাছিলেন—'ক্রাাণ যদি সিংহাগনার্চ্ছ হয়, ভবে পর্তাভারের
পৌভাগা। এমন স্পুত্ত ভোনাদের বংশে এ প্রান্ত ভন্মক্রণ করে নাই, কিছু ক্লাাণ কোন শাপ-এই দেব। য়ালা
ছইবার উপযুক্ত বয়ঃক্রম পর্যাভ ক্লাাণ এ প্রিবীতে
পাকিবে কি না সন্দেহ ছব, ভূমি ভাহার রালা হইবার আশা

छाशि कत्र।' यायि कनारिशत यवन कायनात्र **या**शियाहक कछ शंश, यख, होम कतिए विनाम, जांशिन किहर एके छोड़ीत त्म थेट थेएन कतिए भातिसन ना। अधन কল্যাণের আশা আন্তি ভ্যাগ করিরাছি। কল্যাণের কনিষ্ঠ र इहे लांका बाहर, जालनि दनितनन, 'छाहाता ताला হইবার উপযুক্ত নহে, ভাহারা রাজা হইলে চিভোরের মন্ত্রন নাই। তুমি আবার বিবাহ কর'। আনি দেই জনা ভাছা-দেরও আশা ত্যাগ করিয়া লক্ষ্মীদেবীকে বিবাহ করিলাম। ভাহার সভান হইল না দেশিয়া, আপনার আজ্ঞাক্রমে আবার कमलाप ी के विवाह कतिलाम । जिलि अर्फर जी हरेल আপনি বলিয়াছিলেন 'এবার যে পুত্র ভুন্মিবে দেই ভোষার সিংহাদনে কবিষ্ঠিত হটবে।' আমি মনে মনে কভ আনক্ষিত হইলাম, ঈশ্বরকে কত ধন্তবাদ দিলাম। এখন আৰু আৰার वाशनि विलिख्टिन 'ताका इहेरव, किन्न'- खर किन्न कि বলুন ? আমার অনৃষ্টে নাই, আপনি কি করিবেন ? "

গুরু । "বংশ । অত নিরাশ হইও না। অদৃটের দিখন থান হয় না, আমি কি করিব । এই নবকুমারের সমস্ত রাজ লক্ষণ দেখিতেছি, বে প্রকারে হউক রাজা হইবে। কিছু তিন বংশরে ইহার একটা গ্রহ আছে। তিন বংশর শর্মান্ত লাবধানে রাখিতে হইবে, তিন বংশর উত্তীর্ণ হইলে আর ভর নাই।" শহলা এই সময় তাহারা অদৃধ্যে টীংকার ভনিতে পাইলেন। ছুই জনে সেই দিকে চাহিয়া দেখিলেন,

धक्कम श्रीत्राक्त रख स्ट्रेफ कि महेरात काना करे किन জন লীলোক চেটা করিভেছে, কিছু সে ভাহা ছাড়িয়া দিভেছে না; এবং ভাহাদের টারি কনের কথাতেই এইরূপ কলরব হৈছেছে: তাহারা কোলাহল করিতে করিতে রাজ-শোচরে উপস্থিত হইল। একজন বলিল, "মহারাজ। এই পাসলী আপনার সদ্যোজাত শিশুকে লইয়া প্রাইয়া আলি-রাছে। ভাষাকে আমাদিগের নিকট কোনমতে দিতে চাহিতেতে মা। বলখার। লইতে গেলে কুমারের লাগিবে. ভারে আমরা বন প্রকাশ করিছে পারিতে ি না।" क्रीशंत कथा (भय इहेता मक्रमाहों या नमत्रिः हर् कि जिलाना করিকেন, "এ পাগরিনী কে?" সমরসিংহ বলিরেন, "এ कि, भाष्मी विन् मानीक हिनिएक शाक्षिए हन ना ? चार्शित कि खरमन माहे, त्म शामन दहेश जिलाहि ?" মললাচার্যা বলিলেন, "আমি ভীর্থ কইছে আনিয়াও কথা ন্তনি নাই। আর পাগল হইরা এখন বে প্রকার পরিবর্ভন হ্টিয়াছে, আমি দভাই প্রথমে চিনি.ত শাবি নাই ক্রিক শালাল হইল কেন ?"

শ্মর। "হুরমান ংইল, উহার একটি লুকুরে ইইরাছিল, কেইলেক্টানটা ছই তিন মানের হইলে প্রাগলিনী বিষকা কর। ভাষার কিছুদিন পরে দেই প্রজানটীরপ্র মৃত্যু হইল। নিক্ অব্যানিক পাল্ল হইনা বিশ্বছে। গাগলিনী অথব মনেক্তর আদি উহার হাকী, জান, উহার বিষয়ক কে,

9

हेशक जुळ मात नाहे, कीविक ब्लाह, एक চूर्ति करिका लहेक গিয়াছে ৷ তাহা ভিন্ন কল বিষয়ে উহায় আন বড় পাগুলামী দেবা যার না।" পাগলিমী এই ব্যর সহর্বে শিওকে চুখন করিছে করিতে বলিল, "মহারাজ! আমি আমার হারাধনকে আবার পেরেছি। আহা। কেম-মটা হারিয়েছিল, ঠিক তেমটিই স্মাছে। কে চুরি করে-हिन छात ?" अहे विनिशा नमतिनिश्हत कर्णत निक्छे बूध আনিয়া আত্তে আত্তে বলিল, "আমার সতীন। আজ দেধি, আমার বাছাকে 'সে কোলের কাছে নিয়ে ওয়ে আছে। আমি দেগতৈ পেরে ভাড়াতাড়ি সেণাম হতে ভূগে নিরে পালিয়ে এসেছি। কেমন জব্দ করেছি, কি মন্ধা, হা হা श।" नभड़ीक कांकि निवाह, धरे बास्नाहर त छेटेक:-স্বরে হাসিতে জারভ করিল'। সমর্সিংহ বলিলেন, "না, এ ভোমার পুতা নছে। তুমি যাহার নিকট হইতে লইরা আসিয়াছ, ৫ ভাহারি পুত্র ৷ ভোমার পুত্র হইলে এভ দিন অনেক বড় হইত, দেখিতেছ না. এ নদ্যোদাত শিত্ नकान?" भाग ननी क्ष ६ हेशा दनिन, "कि - कृषि व नहीं-নের দিকে হরে আমার পুত্র ভাকে দিছে বন্ছ প আমার नामी आमात छेलत निर्मत । ना, आमि आमात संस्थित प्रमय मा, बहर छूबि आभाह मछीदनह इस्त थाक € अस्त्र শামি ভোমার দাবি করব না। শামি সার ছোমাকে দাই না ৮ ছুমি ভার এবার কারী হও। ভানি সাজ্যার বার্ছাকে নিয়ে থাকি । আমার হারানিধি আবার আমি পেরেছি—
আমার ভাবনা কি ণু পাগলিনী শিশুকে সমরিদংহের মুধের
নিকট আনিয়া আবার বলিতে লাগিল, "দেখ দেখি, আমার
বাছার মুখ দেখ দেখি, ঠিক তেমনিটীই আছে। ওমা!
এজকণ এনেছি,—ভোমার পুত্রের মুখে একটা চুমও খেলে
না! হাঁ বুঝেছি, এ যে জ্মরাণীর ছেলে, স্থমরাণীর পুত্র হলে
এতকণ কভ গণ্ডা চুম পড়ত।" সমরিদংহ বলিলেন,
"আছো, আমার ক্রোড়ে দেও, চুখন করি।"

পাগনিনী। তোমার কোলে দিতে ভর হয়, বে সভীনের বশ, এখনি আমার পুত্র ভাকে দিয়ে তার মন সঙ্গুই করতে পার। তা এই নেও! োমারও ভো পুত্র। ভোমারও ভো একবার কোলে করতে ইচ্ছা হয়। এই নেও, একবার কোলে করে চুম থেয়ে আমাকে দেও।" সমরসিংহ পাগনিনীব ক্রোড় হইতে পুত্র লইয়া এক জন পরিচারিকার কোড়ে দিনেন। সে ভাহাকে লইয়া অভঃপুরে গমন করিল। পাগনিনী রোষ ও বিশ্বস্থের সহিত জনকাল রজোর দিকে চাহিয়া রহিল এবং শারে রোষক্ষাভাতররে বলিল, "বিখাস্ঘাভক! এই ভো কর্তব্য! আজ আমার রূপ গিয়াছে, মোহন গিয়াছে, এই ভ ঠিক! এইভ উচিভ! বাও গাও! বাক্ বাক্ সব বাক্! আমার আছে কে । আমার আমার সামার আছে কে । আমার সামার আমার হেলে আমার না, নতীনের বশ,

क ?' পাগলিনী क्रिया गानि निष्ठ निष्ठ ठिलेश (शन क পাগলিনী यভक्क हिल, मन्ननां हार्या ভाशान किए अकन्तरे চাহিয়া ছিলেন। সে গমন করিলে তিনি বলিলেন, "এই পাগলিনীর ক্রোড়ে তিন বহুনর পর্যন্ত কুমারকে কোন मा (ए अहा ना इहा, हैश विश्वा कतिहा ए विश्व इहात । একে ত যে কিপ্ত, তাহার কোলে শিশু সন্তান দেওয়াই উচিত নহে, উহার মনের ভাব প্রতিক্ষণে পরিবর্ত্তিত হইতে পারে, কথন মাতৃচক্ষে দেখিয়া অভান্ত শ্লেহ করিবে, কথন मुश्रीभुत जाविया मन हेळा हहैवात जारुकी नाहे, এবং সে বলিককে লইবার জন্য যে প্রকার উৎস্থক, তাহা দেথিয়া আমার ভয় জিলাতেছে, হয় তো উহার ঘারাই কুমারের কোন মন্দ হুইবে, 'সেই জন্মই উহাকে মাতৃচকে দেথিতেছে। যাহাই হউক, তিন বৎদর পর্যাপ্ত উহার কোলে যেন না দেওয়া হয়, আর একটা রক্ষা কবচ সর্বাদ। কুমারের গলদেশে রাখিতে হইবে। তিন বৎসর যদি নির্বিছে কাটিয়া যায়, ভাহা হইলে আর ভয় নাই।" মঙ্গলা-চার্যা আবার বলিলেন, "আর একটা কথা আছে। लक्की-प्रवीत मुखान इस नाइ, मुप्रकीत मुखान प्रविशासान कुक्ष হটরা তিনি যদি কিছু অনিষ্ট কামনা করেন, সে পথও রুদ্ধ कता छेडिछ। कमलापियी क नकल वैका है शा विलाश लक्षी দেবীকে এই শিশু স্ন্তান সমর্পণ কর। এই শিশু আজ্জর্ধি ভাঁহার পোষ্য সম্ভান হউক। কমলদেবীর সম্ভান বলিয়া

कुमांत्रक क्ट राम कथम छेल्लथ करत मा। সম্ভাম হইলে লক্ষ্মীদেনীর হিংসার কিষা কৃষ্ণ হইবার কোন कांबन थाकित्व मा।" मजनवाभी यादा शहा विलिन, महा-রাজ তাহাই করিলেন। নবকুমারের কিরণসিংহ নাম প্রদত্ত হইল। শৃন্মীদেবী তাহাকে পুত্ররূপে পাইয়া অতিশয় আহলা-দিও হইলেন। বয়োর্দ্ধির সঙ্গে সঙ্গে কুমার দিন দিন শ্রীসে_{শি} ক্ষা বিভিত হইতে লাগিল। পাগলিনী তাহাকে আপন পুত্র জ্ঞানে অভিশয় সেহ করিতে লাগিল। কিন্তু তাহার ক্রোড়ে দিতে নিষেধ থাকায় নিভাস্ত কাকৃতি মিনতি করিলেও কেহ ভাষার ক্রোড়ে দিতে শাহদ করিত না। পাগনিনী তাহাতে আন্তাক্ত ছু:খিত ও সময়ে সময়ে কুদ্ধ হইত। কিন্তু কি করিবে, 'সামী সভীনের বশ,'--ক্রোড়ে না দিলেও তাহার কিছু ক্ষমতা নাই। ক্রমে বালক তিন বৎসরে পদার্পণ করিল। এত িনের মধ্যে কুমারকে একবারও ক্রোড়ে না পাইয়া সন্তান পুনঃ প্রাপ্তির আশায় পাগলিনী ক্রমে নিরাশ হটতে লাগিল। 'এখন যদি তাহার স্পত্নী আৰু দিনের জনাত তাহার সন্থানকে ভাহার ক্রোড়ে দেন, তাহা হইলেই সে ভাছার বাছাকে সভীনকে দিবে, মনে মনে এই স্থির করিয়া পাখলিনী এক জন পরিচারিকাকে বলিল, "সভী-নকে গিয়া বল, আমার পুত্রকে ভাহাকে দিতে প্রস্তুত হই-बाहि। এथन त जामात काएक अकवात कित्रवरक निरत কি মা । " তথন পরিচারিকার ক্রোড়ে কিরণিনিং ছিল ও

বলিল, "কেন, সৈ পাগলি এলে কি হবে ?" কুমার বলিল, "আমি অমনি লোড়ে তার কোলে যাব।"

দাসী। "আমরা থেতে দেব কেন ?"

কুমার। 'ঈস্! দৈবে না বই কি! আমি দৌড়ে ভার কোলে যাব, সে যে আমাকে নিতে চার।" পরিচারিকা বলিল "লে যে পাগল ভোমাকে যদি মারে ধরে १"

কুমার। "দে আমাকে মারবে কেন ? আমাকে ভো কেছ মারে,না, আমি ভার কোলে দৌড়ে ধাব।"

পরিচারিকা। "তুমি তার কোলে যাবে কি ? স্থামর। তো বেতে প্র্বিকা।" বালকলিগকে যাহা করিছে নিমের করা যার, ভাহার। তথনি তাহা করিছে পারো ব্যক্ত হইরা উঠে। পরিচারিকার কথার দে বলিল "না, স্থামি মাব।" দানী তাহাকে ভূলাইবার ইচ্ছার বলিল "নে তো এথানে নাই, ভূমি কেমন করে যাবে ?"

কুমার। "না আমি যাব।" পরিচারিকা ভাষাকে শন্য-মনা করিতে চেটা করিয়া বলিল, "ছি ও কথা কি বলে, ও দেখদেখি কেমন একটা বড় কেয়ার্ছ্ল ছুটেছে।" কির্ণ অমনি পাণলিনীর কথ। ভূলিয়া গিয়া ব্যগ্র হইয়া বলিদ, "কই ?'

দানী। "ঐ্থে, ঐ পুকুরের ধারে"। এই আমাদের খুব কাছে।" কিরণ আবার ভিজ্ঞান। করিল, "কই ?"

পরিচারিকা। "ঐ বে, ঐ গাছটার আড়াল দিয়ে একটু

একটু দেখা যাছে।" কিবণ বলিল, "প কুলটা আমি নেব, आমি বাই।" এই বলিয়া কুমার সেই দিকে ছুটিল। পরিচারিকা ভাহাকে ধরিয়া বলিল, "ওমা। ওয়ে পুকুরের শাড়ে ফুটেছে, ভূমি আন্তে পারবে কেন । পড়ে যাবে বে?" কুমার ভাহার হস্ত ছাড়াইয়া পলায়নের নিমিত্ত বল প্রকাশ করিল, কিন্তু সক্ষম না হইয়া বলিল, "আমি ঐ কুল নেব, না পেলে নাকে বলে দেব।" দানী এখন পুছরিণীর জীরে গিয়া কউকারত কেরাকুল ভোলা বিষম সন্তট দেবিল্ল বলিল, "এই যে এইখানে এই অনেক চুল ছুটেছে ছুলে দিচিট।"

কিরণ। "না এ ফুল না, আমি ঐ ফুল নেব।"

পরি। "ভবে ঐ দরছায় গিয়া একজন প্রহরীকে বলি, কে ঐথানে গিয়া ভূলে এনে দেবে।"

কিরণ। "না প্রহরী দেবে না, তুমি এখনি এনে দেও।" দাসী কিরণের হস্ত হইতে কোনমতে নিস্তার না পাইরা অগত্যা অতদূর কট স্বীকার করিছে রাধ্য হইরা বলিল "আচ্ছা এদ, ঐ পুক্রের কাছে সিরে ভোমাকে ঐ প্রহরীর নিক্ট রেপে আমি ফুল ছুলে মানি।"

চিতোরের রাজবাদী কডকটা হুর্গের আকারে নির্শিত।
বৃষক্ত রাজবাদী উচ্চ প্রাচীর খারা বেটিত। দেই প্রাচীর
বাটির মধ্যে রে স্থান আহে, ভাষা পুশারক্তে, প্রক্তর চিত্তে
ও ক্ষোন্নারার একটি উদ্যান রূপে শোভিত ইইরাছে। সেই

खेलातित यथा पिता शांति शांति वाति भग्ने के यह ति विक পথ চলিয়া গিয়াছে। প্রাচীরের চারি ছিকে চারিট প্রবেশ-দার। প্রতি দারের বাহিরে ও ভিতরে প্রহরীগণ সর্কদা ·পাহারায় নিযুক্ত রহিঁরাছে। «এই চারিটি দার ভিন্ন বা**টা** প্রবেশের জনা ঘার নাই। প্রাচীরের বাহিরের চতর্কিক আবার প্রকাও রমণীয় উদ্যানে বেষ্টিভ। এই উদ্যানের চত্র্পিকে আর প্রাচীর নাই। উচ্চ উচ্চ লৌহনও বারা বেষ্টিত রহিয়াছে, এবং ইহার ঘারগুলিনও লৌহনিস্মিত। রাজবাটীর প্রাচীরের ভারি দিকে যেমন চারিট প্রবেশ-দার আছে, এই উদ্যানেরও তেমকি চারিট প্রধান প্রবেশ-বার। কিন্তু তাহা ব্যতীত ইহার স্থানে স্থানে আরো ক্সা ক্র লৌহ-বার ছিল। চারিট প্রধান প্রবেশ-বারের স্থায়, কুল কুত্র বারে তেমন প্রহরীর আড়মর ছিল্না। প্রতি কুত্র बाद मर्जन। একজন করিয়া প্রহরী নিযুক্ত থাকিত। কোন भावगाक हहेता, भीष राहिवात बना श्रवान श्रादण श्राद निवा ঘুরিয়া না গিয়া, বাটার দাসদাণী কখন কখন এই পথ দিয়া বাহিরে ষাভারাত করিত। তাহা ভিন্ন ইহা সচরাচর পমনা-भगत्मत नथ हिन ना। अथम अहे छेन्। ति अदिन कतिया, व्याबात त्मरे श्राठीत हात व्यक्तिकम कतिएन छत्त ताकरां है। মধ্যে প্রবেশ কর। ঘাইত। এই উদ্যানে আজ কিরণ্সিংহ ভাষার পরিচারিকার শহিত ভ্রমণ করিতেছিল। যে পুকরিণীর छीदा क्यांकृत कृष्ठियांछिन, ভाशांत मिक्न नितक खेनदाक

প্রকারের একটি কুদ্র দার ছিল। পরিচারিকা সেখানে মাসিয়া ভাহার হারীকে বলিল "আমি কেয়াফুল তুলিভে এ পুরুরধারে যাচ্ছি, ভূমি একবার এই কুমারকে দেখ। বাবা! এমন হুরস্ত ছেলে দেখি নাই, যা ধ'র্বে তা কিছুভেই ছাড়বে না।" কিরণকে প্রহরীর নিকট রাখিয়া পরিচারিকা ফুল তুলিতে চলিল। বুকের নিকট পঁছছিয়া সে ফুল ভূলিবার নিমিত্ত কেয়াবৃত্তে হস্তার্পণ করিল। কণীকে অঙ্গী ঈষৎ বিদ্ধ হওয়াতে আবার অমনি হস্ত টানিয়া লইল। মনে মনে কুমারের প্রতি অত্যস্ত ক্রন্ধ হইল। কিন্তু কেরাফুল না লইয়া গেলে নিস্তার নাই দেকিয়া আবার দাবধানে তুলিতে চের্ছা করিল। আপন অঞ্চল ছারা দাব-ধানে বৃত্ত ধরিয়া আন্তে আন্তে ফুল তুলিল। চিন্ত কেবল কউকে অঙ্গী বিদ্ধ হইরাই সে নিস্তার পাইল না। কুল শইয়া যেমন আদিবে, ভাহার অঞ্জ কেয়াবৃক্ষে আবদ্ধ रहेश व्यमि तम त्मथान रहेए धक्यात पुक्तिनी यत्मा পঞ্জিয়া গেল। পড়িয়াই 'মরিলাম' 'মরিলাম' করিলা চীৎ-कांत्र कविना छेठिन । छाटा छनिया, मानी सम्बन्ध रहेबाहर, धरे ভावित्रा, धरुती कूमात्रक त्रहेशात बाधित्रारे, पुष्किशीत छीदा इंडिया आनिन, आनि अर्थकरन नामिया ভाशांक টানিয়া টানিয়া ভীরে তুলিল। ভরেই পরিচারিকার অর্ছ মুক্তা হইয়াছিল। সে তীরে উঠিয়া একটু শমিত হইবামাত যত রাগ क्याद्वत छे अत वाष्ट्रिक नामिन। "वाया, अमन ছেলে দেখিনি,

श धत्र द ज किছु एउटे इ ज़ित्र ना। ताकात हिल जातात আমাদের কিছু বলিবারও যো নাই।" প্রহরী ভাহার হস্ত ধরিরা টানিয়া আনিতে আনিতে বলিল "চুপ চুপ, ভোমার কথা যদি কেহ ভনিতে পার গুরাজাদের প্রতি রাগ করিছে নাই. যদি কর তো মনে মনে।" প্রহরী ভাহাকে লইয়া বার-(करन कानिसं (नीहिन। किन्छ त्यथारम क्मांत्रक ताथिया গিয়াছিল, দেখানে ভাছাকে দেখিতে পাইল না। ভাছারা একট ভীত হইন; থেলিতে খেলিছে যদি কোথাও পড়িয়া গিয়া থাকে, প্রথমেই এই আশকা হইল। তাহারা উভরেই ইতন্তভঃ একটু অবেষণ করিয়া দেখিল, পাইল না। তথন ভাবিল, কোন কারণ বশতঃ হয়তো কোন দাস দাসী এই পথ দিয়া ঘাইতেছিল, কুমারকে একাকী দেখিয়া উঠা-हेता नहेता शिवाहत। कुमात अकाकी दिन, तिहे खर রাজ্ঞীগণ দাসীকে এক্ষণি কত ভর্মনা করিবেন ভরে দাসী মতান্ত ভীত হইল। সে রাজীগণের ভর্ৎ সনায় কিরুপে উত্তর দিবে ভাবিতে ভাবিতে আত্তে আতে অন্তঃপুরে গমন করিল। দেখানে আদিয়া রাজ্ঞীগণের কথা কহিবার অগ্রেই कक्त चारत विल्ल ''आमात किছু দোষ नारे, आमि श्रव्हीत काट्ड निम् शिशहिनाम। किंड-किंड-" कमनामधी আক্র্যা হইরা বলিলেন "কি বকিতেছিল! পাগল হইরা-हिन् नाकि ?° डाँशांक छ॰ मना कति एक ना मिस्रा, मानी धक्रे गार्य भारेया वनिन 'यथार्थ आमि निव्ति करत

ষলছি, আনি কুমানকে প্রহরীর নিকট রেখে গিয়াছিলাম।
কিন্তু মাছবের দৈব বিপদ।" কমলদেবী ভীত হইরা
বলিলেন "কি আবার দৈব বিপদ ঘটরাছে। প্রহরীর
নিকট হইতে কুমার পড়িয়া গিরাছে?"

া দাসী। ''না না, কুমার পড়বে কেন, বালাই। আমি পুকুরে আর একটু হলে ডুবে মরেছিলুম।" তাঁহারা হাসির। বলিলেন, ''তবে আবার বাঁচ্লি কি করে ?''

লাগী। "সেই প্রহরী আমার চীৎকার ওনতে পেরে আমাকে গিরে তুল্লে। আপনারা বুঝে দেখুন, এতে কি আমাদের কারো দোধ আছে?"

কমল। "লোষ আছে কৈ বল্ছে, প'ড়ে গিয়েছিস, প্রহরী ভুলেছে, এতে জার দোষ কি ?"

দাসী। 'ডাই আমিও তো ডাই বল্ছি, এতে আর দোৰ কি ? ডবুও আমি আপনার। বক্বেন মনে করে এডকশ, ভয়ে মরেছিলুম।

্কমল। "এতে ভর পেলি কেন। ভুই মরতে মরতে বৈচে গেছিদ, আমরা ভনে আরো খুকি ইলেম, বক্ব কেন।"

দাসী। "আমিও তো তাই বলছি। আপনারা হলেন মাবাপ, আপনারা আমাদের ভাল বাদবেন নাঁতো কে বাদবে ? ভবে কুমার কোথা ? ভার জন্তে আমি এই কেয়া-জুল তুলে এনেছি।" কমল। "কুমার কোপা তা আমরা কি জানি। ভূই বে বলছিল প্রহরীর কাছে রেখে গিরেছিলি ?"

করেছেন, আপনারা ভানাদের, ক্ষয়।
করেছেন, আপনারা ভনলেন আমাদের দোষ নাই, জার
কেন ? এবারকার মত মাপ করুন।" কমলদেবী বিরক্ত ও
কুল্ম হইয়া বলিলেন, "ব্রেছি—ভোদের দোষে কুমারের
কোথার লেগেছে ? কি হয়েছে খুলে বল্না ? আর আমরা'
তোর 'মাপ করুন,' ভনতে চাই না।"

লাগী। • বালাই। কুমারের কিছু হর নাই।" কমল। ' "ভবে কি ?"

দানী। "কুমারকে প্রহরী একেনা রেখে স্থামাকে ভুলতে গিরাছিল ভাই বলছি।"

কমল। "একাকী রেখে গিয়াছিল তা কি হয়েছে ?" দাসী। "এমন কিছু হয় নাই; কেবল আমরা জব্দ হয়েছি।" কমল। "তোরা জব্দ হলি কি করে ?"

দাসী। "কুমারকে একাকী দেখে আমাদের ভব কর-বার জন্ত কে ভূলে নিরে এবেছে।"

কমল। "এতে ভোরা জব্দ হবি কি করে?"

কাসী। "আপনাদের কাছে নিয়ে আস্বে, আর স্থাপ-নারা আয়াদের বকবেন।"

্ কম্প । "কই আমাদের মিক্ট কুমারকে ডে। কেছ আনে নাই।" দানীর দে কথা বিধান হইন মা। দে ভারিক

তাহার ভাহার সহিত ভাষাদা করিভেছেন। "অপরাধ ক্ষমা করুন, আর কথন, আমি কুমারকে একাকী রাখিব না। সে কোথায় বলুন, ফুল দেব।'' মহিৰীগণ আশ্চণ্য ও ভীত হইয়া বলিলেন "তুই কার কাছে দিয়েছিস্ ? দে কোথায় নিয়ে গেছে, আমরা এখান হ'তে কি প্রকারে कानव ?" मानी कमलामवीत हतान পতिত हहेबा विलल, "ষথেষ্ট দণ্ড হইয়াছে জার আমি এমন কর্ম্ম কথন করিব না। কুমার কোণা আপনি বলুন।" মহিবীগণ ভাহার কথায় উত্তরোত্তর অধিক আশ্চর্যা ও ভীত হইতে লাগিলেন। যথার্থ कि घटेना इहेबाए, जाश मात्री क त्रवित्य विलाख आक्रा कतिला । कार्य रा राजा विला । जारा जारा की क হইয়া বাটীর প্রত্যেক দাসদাসী প্রহরীদিগকে কুমারের কথা कि छान। করিলেন। সকলেই বলিল "জানি না।" কুমারের নিমিত্ত বাটীমধ্যে ত্লস্ত্ল পড়িয়া গেল। ভাহারা উদ্যানে ও वांगित निकछ निकछ छ्जूदिक अध्ययन कतिए नाशिन। ভাবিল "কুমার একাকী খেলিতে খেলিতে কোথাও পিয়াছে।" যদি কোথাও পড়িয়া গিয়া থাকে, এই ভয়ে সকলে ভীত হইণ। ক্রমে স্মর্সিংহ ভাষা ভনিতে পাইলেন। ভিনি बाङ्गिहित्स यह लाक मत्य नहेश्रा, बायवांनेब श्रास्त्रक পুষরিণী, প্রভাক মঞ্চ, প্রভাক গৃহ ভন্ন ভন্ন করিয়া অনু-সন্ধান করিলেন। যদি জলনিমগ্ন হইরা থাকে, এই আশ্বায় অভ্যেক পুতরিণী মধ্যে ছই ভিন বার প্রবেশ করিয়া অবেষণ

कता हरेन ; किन्तु शाय! छाहारणत शतिलाम प्रथा हरेन। উদ্যান, বাটা ভলাস করিতে করিতে প্রায় সন্ধা হইরা আসিল, তথাপি কুমারকে পাওয়া গেল না। তথন দমবসিংহ লোকপূর্ণহৃদয়ে পরিচারিকাকে সমুথে জানীত করিয়া আবার मानाज्ञण अम कतिए नार्शितन। अहती यथन मानीएक ভুলিতে গিয়াছিল, তথ্ন কিরণ কোন ছলে ছিল, ভাছাদের আসিতে কত বিলম্ব হইল ইত্যাদি নানা রূপ প্রশ্ন করি-লেন। ভাহার। পূর্বেও যেমন বলিয়াছিল, এখনও সেইরূপ সমন্ত্রিংহ যথন ভাহাদের জিজ্ঞাসা ক্রিভেছিলেন, ভখন দেখানে অনেক লোক ছিল। দাসী কিরণকে প্রহরীর নিকট রাখিয়া ফুল তুলিতে গিয়াছিল, তনিয়া একজন বলিয়া উঠিল "মিখ্যা কথা, মিখ্যা কথা, দাসী কুমারকে রাখিয়া কুল जूनिए यात्र माहे, अहती कून जूनिए शिशाहिन। किम मा ख्यन आमि थे পथ निया याहेगात नमय बादत প्रदर्शीक लिथ-লাম না কেবল দ্বারদেশে কুমারকে কোলে করিয়া লাগীকে বেড়াইতে দেখিলাম।" পরিচারিকা আকর্য্য ইইয়া বলিল "কথম কোলে করিতে দেখিয়াছ ? ষডকণ আমি উদ্যানে ক্রণের নিকট ছিলাম, ভাহার মধ্যে কুমার এক-বারও আমার ক্রোড়ে উঠে নাই, হাত ধরিয়া বেড়াইতেছিল। ভোমরা বাহা বলিয়া শপথ কবিতে বল, আমি করিভেছি। আর আমি ফুল তুলিতে গিয়াছিলাম কি মা, ভাষা 🛊 প্রহরী নান্দী দিবে।" প্রহরী পরিচারিকার পোৰকতা করিয়া বলিব,

क्यांबर गानी क्यांबरक बामान निकर डाविका स्ना कृतिस विश्ववित । सामात द्वांव इत, सामि तथन शुक्त हरें दिन विश्वदि एनिए त्रिश्राहिनाय, एशन जमा गांगीत टकाएए क्यांतरक দেৰিয়া ভোমার এই দাণী বলিয়া ভ্রম হইরাছিল। কিন্তু ভাহা वा कि श्रकात श्रहेरव १ मकन भविष्ठातिकाई एका विनिष्टिक क्रमात्रक (मर्थ नाहे।' ভাহাদের कथाय श्ठी ६ इटे जिन ন্ধ প্রহরী এককালে বলিয়া উঠিল, "তবে তো আর এব হইতে পারে, আজ পাগলিনী রাজবাটীতে প্রবেশ করিয়াছিল দার শুনা ও কুমারকে একাকী দেখিয়া সে যুদি সেই বা मित्रा नहेंगा शिया थारक।' अहे कथात्र मानी वाअण्डहेंगा वनित्र উটিল, "ভাহাই হইবে, এই ঠিক। একদিন পাগলী আমা •কোল হইতে কুমারকে লইতে আদিয়াছিল, নিবেধ থাকা भागि मिटे नारे। छाशांख तम अछि कुछ शरेता कि विविध বকিতে চলিয়া গেল। তথম তাহার কথার অর্থ বুরিত भाति गाउँ, कि विनवाहिन अथन वृक्षि छि।" अहे विनय পালনীর সহিত ভাহার কি হইরাছিল, বরিশেব সমর निःहरक वनिन। धवात छिनि वृतिष्ठ ना श्रिलन, क्यातत्व পাগলিনী নইয়া গিয়াছে। এরপ মনে না হইয়া বাটার মধো , ও নিকট নিকট স্থান দেখিতেই বুখা এত সময় নষ্ট হইল, এই ভাবিয়া সমর্বিংহ অত্যন্ত তঃথিত হইলেন। বাহার পাগলিনীকে বাটা প্রবেশ করিতে দেথিয়াছিল, ভিনি ভাছা (नत विलानन, "भागतिमीतक अंदरण कतिएक एंपिशाहिस्त ভাষা এতকণ বল নাই কেন ? ভাষার। বলিল ভাষাকে প্রবেশ করিতে লেখিরাছিলান বটে, কিছ আয়াতের ভাষাকে সংক্ষ হয় নাই। কেন্দা পাললিনী মুমারকৈ কইয়া আনি রম করিলে, বার লভব্নের সমর কোন না কোন প্রহরীর নয়ন-প্রধে পড়িত, কিছ আমরা কেহই উহাকে বাটার বাহির হইতে দেখি নাই, কিছ পরে বখন শুনিতেছি, একটা কুম বার শ্না ছিল তখন মনে হইতেছে, সেই বার দিরা পাল লিনী পলায়ন করায়, আমরা কেহ দেখিতে পাই নাই।"

সমরিশিংই এথন ব্যাকুল হৃদরে পাগলিনীর উদ্দেশে চতুর্দ্ধিকে লোক প্রেরণ করিয়। আপনিও ভাহার সন্ধানে গমন করিলেন।

কুমারকে পাগলিনী লইয়া ,গিয়াছে ওনিয়া মক্ষণসামী বৃদ্ধিলেন, "যদি পাগলিনীর ক্রোড়ে তিনি শিশুকে দিউে নিবেধ না করিতেন, তহা হইলে এ প্রকার ঘটিত না। নিবেধ করিয়াই বিপরীত ঘটিল। তাঁহার পরামর্শেই ভবিতবা ফলিল।"

তৃতীয় পরিচ্ছেদ।

পাগলিনী কি প্রকারে কুমারকে লইয়া পলায়ন করিয়া-ছিল, ভাহা আমরা এই পরিছেদে প্রকাশ করিব। রান্ধবাঁটী ভ্যাগ করির। অবধি পাগলিনী পথে পথে বনে বনে অমণ করিত এবং তিক্ষার ঘারা উদর পোরণ করিত। কিন্তু কিরণকে দে ভূলিতে পারে নাই। অলপিন পরেই আবার কিরণকে দেখিবার ইচ্ছ। তাঁহার অভ্যন্ত বলবভা হইয়া উঠিল। কিন্তু দতীনের বশীভূত সামীর বাটী যাওয়। অপমানজনক জ্ঞানে বাটীর বাহির হইতে কিরণকে দেখিবে, এই স্থির করিল।

পাগলিনী কিরণকে দেখিবার নিমিন্ত সেই দিন রাজবাটীর নিকটছ রা**জ**পথে একাকী ভ্রমণ করিতেছিল। কির**ণ ভা**ছার পরিচাদ্রিকার সহিত ছিল। সে চাহিয়া চাহিয়া পুর হইতে দেখিতেছিল। কিরগঁকে দেখিয়া তাহার নিকট স্মানিতে পাগ-লিনী মত্যন্ত ব্যগ্র হইয়া উঠিল। 'দতীনের বাটী' বলিয়া আর ছাহার মনে বহিল না। সে বাজপথ ভাগে করিয়া রাজবাটীর भिभिर्ध हिनन । बाद्य (भी हिल এक अन अहती विनन, "कि প্রাগলি। এতদিনের পর আজ যে এথানে আস্ছ ১" "পাগলী" रिनित পार्शनिनी अञास कुछ इहेछ। तम कुछ इहेगा आएअ শান্তে বকিতে বকিতে দেখান হইতে উদ্যানে প্রবেশ ঞ্জিল, बनिन, "धकवात म्मका प्रथा ठाकत श्रत कि ना ताबीतक পাগলী বলে ! স্বামী দতীনের বশ ব'লে কেহই গ্রাহ্য করে ना।" कित्रवं अ পत्रिज्ञातिका स्वधारम हिल, स्वधारम आत्रिज्ञा পাপলিনী াহাদের দেখিতে পাইল না। চলিতে চলিতে আরো কিঞ্ছিৎ দূরে জাগিলে হঠাং চীৎকার-ধানি ভাছার

कर्ल थाराण कतिल । अमिन रा धक कन थाईबीरक राहे नित्क क्रैंक्टिंड दर्शिया। अन्त्रीत्क छनित्रा वाहेट्ड दर्शित्रा कित्र १९ वस्त्र मुक्त स्वात नात्र धकाकी मानत सूर्य बातरम् • इटेट अपिक अपिक अपिक कारिया। वित्रमाक ककाकी मिथिए शाहेश शांशनिकी आगात अजील कन পাইল। দে সহর্ষে ক্রভবেগে ভাহার নিকট আসিয়া উপ-স্থিত হইল। দার শুন্য দেখিয়া সহসা তাহার হৃদ**য়ে নৃত্**ন আশার সঞ্চার হইল। সে আজ তাহার বছ দিনের আশা পূর্ণ করিবার স্থযোগ দেখিল। কিরণকে ক্রোড়ে করিয়া চুম্বন করিছে করিতে পাগলিনী বলিল 'আহা! এই বাছাকে আমায় দেয় না! বাবা! তুমি আমার ছেলে, আমার মাণিক, আমার ধন, আমার সর্বাস্থ । • আমার মত ভৌমাকে रि (कहरे जान दारा ना। धन, जामारक निरंत्र धकरो। ফুলের বাগান দেখিয়ে আনি, বড় হান্দর বাগান।" किরণ বলিল 'আমার জন্ম ফুল আন্তে গেছে সেই ফুলটা নিয়ে ষাব :''

পাগনিনী। "দে বাগানে এ ফ্লের চেয়ে কড ভাল ফুল আছে, কড পাথী আছে, আমি ডোমাকে সব দেখার, দেখানে কড ভাল ফুল পাবে।" কিরণ সহর্দে বলিল "ভবে যাব,—কোখায়?" পাগলিনী ভাহাকে লইয়া ছার পার হইয়া চলিতে চলিতে বলিল "কিন্তু ভূমি যেন কেঁল না। ভোমার কারা ভন্তে পেলে উহারা আমার কোল হ'তে 44

ক্ষোকে কৈছে কেৰে। সামাৰ নৰে ক্লের
কেণ্ডে বেডে দেকে লা। ' পাগলিনীর ক্ষোড়ে কুনারকে
কেণ্ডে বেডে দেকে লা। ' পাগলিনীর ক্ষোড়ে কুনারকে
কাছিয়া বলিল 'না'। পাগলিনী বলিল 'ভবে ডোমাকে
নিয়ে দৌড়ে সেই বাগান দেখতে যাই।' পাগলিনী ক্ষডবেগে অলক্ষ্যভাবে িরপকে লইয়া পলায়ন ক্রিল। দে
য়াকপথ ডাগে করিয়া নির্জন পথ দিয়া উর্জ্বানে ছুটিডে
ছুটিতে নদীতীরাভিমুথে গখন করিয়। ননীতীরে আদিয়া
দেখিল, সনেক নৌকা চলিতেছে। সে উভার মধ্যে একথার
নৌকার মাথিকে শাকিয়া বলিল ''আমি ডোমাদের নৌকায়
য়াব, নৌকা তীরে লাগাঙ।'' এই সময় কুমার বলিল
'কিই ছুলের বাগান কই?'

পাগলিনী বলিল ''এই যে নোকা ক'রে আমরা ফুলের বাগান দেখ্ডে যাব।'' বালক আর কিছু বলিল না। া মাঝি বলিল ''আমরা অনেক দরে যাব।''

পাগলিনী। 'তোমরা বেধানে যাবে দেখানে বেছে আমার আপত্তি নাই। শীজ এস, দেরি হ'লে আমার ভাইনের লোকেরা এসে আমার বাছাকে নিরে রাবে'। মানি নৌকা ভীরে লাগাইল। পাগলিনী নৌকার উঠিলে নৌকা ছাড়িরা দিল। নৌকার উঠিয়, পাগলিনী কটিদেশ হইতে একটা বিজ্ঞের থলি বাহির করিয়া, ভাহার ভিক্লা-স্থিত ধনের মধ্য হইতে ক্রেকটা রৌপ্য মুদ্রা বাহির করিয়া নাবিকের হত্তে

নিদ্বা বনিল "প্রছিলে আরো দিব"। কিছু দুর দিরা কুমার আবার বনিল "ফুনের বাগান ?" পাগনিনী আবার ভাষাকে ভরঙ্গ দেখাইয়া, ভীরত্ব উদ্যান দেখাইয়া ভ্লাইবার কেটা করিল।

ক্রমে সন্ধা হইয়া আদিল। পশ্চিম গগনে সন্ধ্যাতার। (मथा मिल्का मक्ता-नमीतरा अत अत छतक **ऐथिए हरे**ता ফুলিয় ফুলিয়া নৌকার গায়ে আলিয়া পড়িতে লাগিল। ভরক ভেদ করিয়া রূপ রূপ শব্দে দাঁড় ফেলিতে ফেলিতে দাঁডি মাঝির। ট্রফৈ:মরে গীত আরম্ভ করিল। নৌকা এখন অনেক দূরে আসিয়া পড়িল! কুমারও 'ফুলের বাগান, ফুলের বাগান' করিয়া বিরক্ত করিতে করিতে পাগলিনীর ক্রোডে বুমাইর। পড়িল। আজ কৃষ্ণকের প্রতিপদ। এখনো চন্দ্র-মার দেখা নাই। জ্যোৎসা-ধৌত হইয়া এখনো ভরক্ষালা হাসিতেছে না। সহসা এ আবার কি । হায় । চল্লের মিশ্ব কিরণ বুকি আর আজ এ পৃথিবীকে মিশ্ব করিতে व्यानित्व ना । शूर्व गगत गिरिया (पर्थ ! हास्त्र जान नहना क्षक व स्व कानिया किविनात कतिन। क्रांस क्षक के একটু করিয়া চভূদিক মেদে ব্যাপ্ত হইল। বাভাগ বৃদ্ধি হইতে লাগিল এবং ভাহার সহিত জলের চেউও বাড়িতে লাগিল। কণ্কাল মধ্যেই বাতাদের গতি অন্থির হইল, काम बात प्रक्रिय हरेएड, कथम शक्तिम हरेएड, कथम আবার অপর কোন দিক হইতে, বেঙ্গে দমকা আসিতে

লাগিল। তাঁহার সহিত মধ্যে মধ্যে মেঘের গর্জন, বঙ্কের কক্ষম শব্দ আরক্ত হইল। মাঝিদের আর িছু দেখিবার কিছা তানিবার উপার রহিল না। বায়ুবেগে উচ্চ উচ্চ তরক্ষ উথিত হওয়াতে নৌকামধ্যে ফল প্রবেশ করিতে লাগিল। মাঝিরা বাস্ত সমস্ত হইয়৷ নৌকা তীরে লাগাইবার চেটা করিল। বিছাভালোকে ও আন্দাব্দে আন্দাব্দে ভাহার। নৌকা তীরের দিকে লইয়া চলিল। একটু অগ্রসর না হইতে হইতেই অমান একটা চেউ আসিয়া তাহাদের পরিশ্রম বার্থ করিয়া দিল। ঝড়ের শব্দে কুমারের নিজা ভক্ষ হইল্। সে মাতার ক্রোড় আপনাকে না দেখিয়াও ক্ষ্ধার উট্চাঙ্গেরে কল্ম আরম্ভ করিল। পাগলিনী সাধামত ভুলাইতে চেটা করিল। ক্রমে কাঁদিতে কাঁদিতে শ্রান্ত হইয়া আবার খুমাইয়া পড়িলণ

এ দিকে মানিরা এইরপ লক্ষণ দেথিয়া অভাস্ক ভীভ

ইইরা আবার নৌকা ভীরে লাগাইবার চেটা করিল, আবার

একটা চেউ আসিয়া ভাহাতে বাধা দিল। বারম্বার এইরুপ

বাধা পাইয়া শেষে ভাহারা নিরাশ হইয়া উচ্চৈঃম্বরে উশ্বরের
নাম গ্রহণ করিতে লাগিল। দেথিতে দেখিতে আবার চেউ

আসিল। আবার আর একটা চেউ আসিল। উপর্গপরি

ইই ভিনটা চেউ আসিয়া নৌকা সলোরে উল্টাইয়া ফেলিল।

নৌকারেইী লোকগণ জল-নিমগ্র হইল। পাগলিনী জলে
পিড্রার সমন্ত্র কুমার কোড্চাত ইইয়া দ্বে পড়িয়া

গেল। মাঝি মালা প্রভৃতি সভরণ পারস লোকেরা সভরণ আরম্ভ করিল। অন্ধকারে কেহ কাহাকে দাহায়া করিছে পারিল না।

' এ দিকে রাজবার্টীর লোকেরা পাগলিনীর অনুসন্ধানে গমনের অল্লেশ পরেই সন্ধাতারেও হইল। ভাহার সভে সংক্ষ বড়ও আসিল। রাশি রাশি ধূলিকণা উথিত হইয়া जाशामत मूर्य हरक थादन कतिए नाशिन। त्रहे धृनिएक ও ভীষণ ক্ষরকারে নিকটের বস্ত দেখিতে পাওয়াও ভাছাদের পক্ষে হছর হইয়া উঠিল। ক্রমে কড়ের সহিত বৃষ্টিও আরম্ভ হইল। মড় মড় শব্দে গাছ পালা ভাকিয়া পড়িতে লাগিল। যাহারা চিতোরের বহির্গত স্থানাদি অবেষধে গিয়াছিল ভাহারা কটে আবার সহরে পদার্পণ-করিল। তথন পুরাতন অট্রালিকার জীর্ণ দরজা জানালা পড়িবার হুম দাম শব্দ ভাছাদের কর্ণে প্রবেশ করিল। কোন অটালিকার জীর্ণ অংশ হয়তো কাহারো গাত্রে পড়িতে পড়িতে সে বাঁচিয়া গেল। ভূমিশারী রুক্ষের উপর পড়িয়া কাহারো পদে গুরুতর আঘাত লাগিল, কেহ অন্ধকারে পথ হারাইয়া চলিল, এই क्रां अथन बात कूमांद्रक ब्याहरून कृतिए ब्यममर्थ इहेगा ভাহার। বহু কর্তে রাজবাটী ফিরিয়া আদিল। আদিতে আসিতে পরস্পর সকলেরই আশা হইতে লাগিল, যে অক্ত পথ দিয়া কুমারকে এভক্ষণ আর কেছ বাটা লইয়া গিয়াছে। কিছু আর সকলে ফিরিয়া আদিলেও এই বড় বৃষ্টি আছ-

কাৰে হবোঁলে হতভাগ্য দ্বরসিংহ প্রাণের মুক্রকে হারাইয়া রটিকা-জন্ত ভরণীর ভারে, বাডকুভিত সাগরের ভ্যার,
উত্তর হইরা ইতভভঃ ছুটিরা বেডাইতে লাগিকেন। প্রজ্ঞেক
বার্র লক্ষেন। ভানি মনে করিতেছিলেন ভারার দিওরই
ক্ষেন। অন্ধানে কর হইতে ছোট ছোট গাছ পালা দেখিরা
ভারার পুত্র বনিরা ভ্রম হইতে ছিল। এবং অবশেষে নিরাশ
হইরা আরো উন্মন্ত ইইরা উঠিতেছিলেন। হা বিধাতঃ!
আজ ভোমার মনস্রামনা পূর্ণ হইল। অনুই! ভূমি পরাক্রান্ত
রাজার ক্ষমভাকে পরিহাস করিরা আজ ভোমার কঠোর লিখন
সার্থক করিলে। ভূমি সমর-নিংবের ক্রোড় হইতে ভাহার
সন্তানকে কাড়িয়া লইলে এবং আজ হতভাগ্য রাজা বর্ত্তমানের আনক্ষ ও ভবিকাতের আশা হারাইলেন।

ছুটতে ছুটতে তিনি কতবার নদীতীরে গমন করিলেন। দেখিলেন দেই প্রশাস্ত মৃত্নাণী নদী এখন লোক-সংহারিনী মৃষ্টি ধারণ করিয়া ক্রোধে ভয়ন্থর তর্জন গর্জন করিতেছে। ভাহার বক্ষোপরি একথানাও নৌকা নাই। তীরে শুক্ত নৌকা বাঁথিয়া রাখিয়া দেশীর নাবিকগণ এই ছুর্ফেন্ট্র আপন আপন গৃহে গিয়াছে। কেবল তীরত্ব মহাজনি নৌকার লোক রহিয়াছে। সকলেই ছুর্মোগ দেখিরা সাবধান হই-য়াছে। বাহারা সাবধান হয় নাই ভাহারা এভক্কণ ভাহার কলভোগ করিয়াছিল। তিনি একখানি মহাজনি নৌকার নিকট আনিয়া ভাহার মাবিকে জ্বিজানা ক্রিলেন "এই নদী

कीय निया अकति खीरगाकरक अकति समात्र निक नहान ক্ৰোভে করিয়া লইয়া বাইতে হেথিয়াছ ?" মাৰি জাছাত্ৰ डेबाच दन दाविया रशिन विके भागन मा कि है आधार ানদীর মাবে থাকি, দুঁর হইছে কত ত্রীলোককে লিও জ্যোড়ে চলিতে দেখি, বে শিশু স্থলৱ, কি তার কত বয়স, স্ত্রীলোক্ষী কেমন তাতো আর আমরা দূর হইতে এত দেখিতে পাই না ।" সমর্সিংছ তাহাকে আরো ছুই এক প্রশ্ন করিলেন · কিন্তু ভাহাতেও এরপ উত্তর পাইয়া সে নৌকা হইতে আর এক নৌকার নিকট গিয়া ভাষার মাকিকে একপ জিজ্ঞান। করিলেন। সে বলিল "আমর। আপন আপন নৌকা নিয়েই বাস্ত থাকি, কখন ভীর দিয়া কে কাকে কোলে ক'রে যায় ভাহা দেখ্বার এক আমাদের সময় থাকে না।'' তিনি সেধান হইতে আর একখান নৌকার মারির निकृष्ठे आंत्रित्वन । तमा भावि वित्तन "मगाई ! आभवा वित्तनी লোক, অন্নের চিন্তায় দেশ হ'তে এথানে এসেছি, আমাদের ७मव कथा किकाना कतित्व आभवा किछूहे विलट्ड शांतिवं না।" সমরসিংহ এই প্রকারে সেই বিদেশীর নাবিকগণের নিকট কিছুই সন্ধান পাইলেন না। তিনি তীরে সংদশীয় এমন কাহাকেও দেখিতে পাইলেন না যে তাহার নিকট কুমারের কথা পিজাদা করেন।

ভিনি জিজাদা করিতে ছিলেন 'পাগলিনী কুমারকে 'ভীর দিয়া কইয়া গিয়াছে কি না ? কিন্ত হারণ: তিনি জানেন না যে কিরৎক্ষণ পূর্বে এই নদী দিয়াই তাঁহার কিরণ চলিয়া গিয়াছে।

পাগৰিনী যে কুমারকে লইয়া চিতোর ভ্যাগ করিবে সমরসিংহ এরূপ মনে করেন নাই।

কোন মতে কুমারকে প্রাপ্ত না হট্যা রাজাও প্রাপ্ত ক্লান্ত श्हेमा वाणी कितिया आमिट वाधा ब्हेलन। मामाविनी আশা তাঁহাকে বলিল 'মিছামিছি এখানে এতক্ষণ ঘুরিয়া বেড়াইতেছ কেন? ভোমার হাদয়ধনকে এতক্ষণ অল নিক मिया अन्य लादकता न जिल्ड किताहेश नहेश विवाह । कुमात এখন মাতৃকোঁড়ে শুইয়া কত কথা বলিতেছে। রাজবাদীতে চারি দিকে আহলান-স্তক হাসা পড়িয়া গিয়াছে, আর ভূমি এখানে ঘুরিয়া বেড়াইতেহ। যাও যাও শীঘ্র যাও, রাজবাটী গিয়াই ভা≱াকে দেখিতে পাইবে " আশার কথায় রাজা অমনি উদ্ধানে রাজবাটী ছুটলেন। প্রশান্ত সাগর ষেমন বাতাাহত হইয়া ভয়ানক হইয়া উঠে, আজ গেই গঙীর র্রাজমূর্ত্তিকে সেই রূপ শোকোন্মত্ত দেখিলা কাহার পায়াণ ক্ষর না ব্যথিত হইবে ? তিনি পথে আসিতে ক্সেসিতে 'কুমার কুমার' রবে পথঘাট ধ্বনিত করিতে লাগিলেন। কুমার তাঁহাকে উত্তর দিল না। বাটা আসিয়াও কুমারের দেখা পাইলেন না। দেখিলেন ভাহার মাতৃকোড় শূনা। ভাহার माछ। किलाक श्रमात, मञ्जननश्रान कांश्रांब अर्थका कति-(अरहन। जिनि क्यांत्रक नहेशा कितिया व्यानित्वन, अहे

তৃতীয় পরিচ্ছেদ।

আশায় রাজ্ঞীগণ প্রতিশব্দে উাহারই আগমন প্রতীক। করিতেছেন, গৃহে আসিলেন, আশাও তাঁহাকে তাগ করিল। তিনি নিরাশ হইয়া পড়িলেন।

ি নিরাশ রাজা শৃভাকোড়ে কিরিয়া আসিলে বাটীর মধ্যে আরো হাহাকার পড়িয়া গেল। বে রাত্রে কেই নিস্তা গেল না। আবার কে কোন্ নিকে কুমারের অল্বেষণে গমন করিবে, এই বন্দোবস্ত করিডেই রাত্রি প্রভাত হইল। কেহ বলিল "পাগলিনী পর্বভগুহায় আছে, তথায় লোক (अत कत।" , कह रिनन "जाश किन इहेर्द, भागनिनी পর্বতে উঠিতে ভয় করিত, পর্বতে দে কথনও যার নাই. . আর কোথার আছে।" এই প্রকার নানা লোকে নানা কথা বলিতে লাগিল। কিন্ধ কি আকুৰ্যা। পাগলিনী যে চিডোর হইতে পলায়ন করিবার নিমিত্ত নৌকাপথে বাইতে পারে. এরপ কথা কাহারে। মুখ হইতে একবার নির্গত হইল না। প্রভাবে আবার কুমারের উদ্দেশে লোক রহনা হইল। কিছু পরেই করেকটা লোক পাগলিনীর মৃত-দেহ লইয়া রাজবারীতে কিরিয়া আদিল। সমরসিংহের মন্তকে বছপাত इहेल। जिंद्री जावित्तन भागितनीत महिछ क्मादित अ মৃত্য হই 🖟 । তিনি কম্পিত স্বরে বলিলেন "এ মৃত-দেক কোথা /হিলে ?" যাহারা শব আনিয়াছিল ভাহারা বলিল শীক্ষান করিতে করিতে নদীতীরে ইহাকে দেখিয়া দানয়ন করিয়াছি।"

রাজা। "সেখানে কুনারকে দেখিলে না ?" ভাহারা বলিল "না।"

রাজা। "তবে কুমারের কি ইইল । পাগলিনী মরিল कि व्यकारत ?" जाहाता विनन "त्याध हरा, त्मोकात किरिया পাকিবে, কা'ল বড়ের সময় নৌক। ওক ভূবি হইরাছে।" শমরসিংহ তাহাই সভব জ্ঞানে রাত্রিকার ঝড়ের শমস্ত সংবাদ আনিতে লোক প্রেরণ করিলেন। লোকেরা তদস্ত করিয়া শিক্ষা বলিল "আমরা অনেক দুরে চড়ার উপর একধানি ভাঙ্গা নৌকা দেখিয়া আদিলাম। কা'ল রাত্রিকার কড়ে সেইখান ভারিয়া গিয়াছে। আর অন্ত অন্ত মাঝিগণের निक्रे बिक्कामा कतार जाहाताल विनन 'अक्री जीताकरक তিম চারি বৎসরের একটী, শিশু সম্ভান ক্রোড়ে করিয়া ভাষার ঐ দৌকার উঠিতে দেখিরাছিল।' ভাষারা বে व्यकात विनन, ভाशांख तिरे जीतनाकी भागनिनी । तान-কটী বে কুমার তাহার আর কোন সন্দেহ নাই। পাগলিনী ভূৰিরা ক্রনে স্রোভে এই দিকে 'ভাসিরা আসির্বছে ুকিছ কুমান্তের যে কি হইল কিছুই সন্ধান পাওয়া খোৰ প্রা

ব্যারসিংহ ভাষাদের কথা তনিয়া কুমানু ক কি লখা হইরাছে বৃথিতে পারি লন। ডাহাকে প্রঃপ্রাই ব আশা আব তাঁহার কিছুমাত রহিল না। তিনি বলিও বিশ্ব হই তেই নিরাশ হইরাছিলেন তপাপি তাঁহার বে এই বিক্সুপ্র আশা ছিল না এমন আমহা বলিতে পারি না।

তৃতীর পরিচেছদ।

মানবের প্রধান জীবনোপায়, জাশাতেই গুণার কঁলিতেছে।
বধন জামরা বলি 'জার জাশা নাই', জহুদহান করিলে
দেখা বায় তখনও ছাদ্যের প্রকন্থানে কণামাত্র জাশাও
ল্কারিত রহিয়াতে। 'জারে আমরা আশাকে ছাড়িতে চাহি
না। নিতান্ত বাধ্য হইলে তখন শেব অবহার আমরা
জাশাকে ভাগা করি।

সমরসিংহের তথনো এক একবার মনে ইইডেছিল কুমারকে হয়তো এথনো পাইতে পারেন। কিন্তু এইবার সম্পূর্ণরূপে আশা তাগি হইল।

দেবীর মন্দিরে একাকী দণ্ডারমান হইরা কি করিছেছিলেন ? দেবীর মন্দিরে একাকী দণ্ডারমান হইরা কি করিছেছিলেন ? ভিনি নরন মুদিরা বোড় করে নিবিট চিত্তে দেবীর উপাসনার রত ছিলেন। কটের উপার নৈরাশ্য মিশিরা তাঁহার বদমমণ্ডলে স্বর্গীর ভাব লন্ধিত হইতেছে। ভিনি হৃদয়কে অনেক সংঘত করিরা আনিয়াছিলেন। এখন তাঁহার শিরোদেশ মুক্টে শোভিত হইতেছে না, নিকটে একটা আসনে মুক্ট পড়িয়া রিয়াছে, অঙ্কে রাজকীয় পরিচ্ছদ নাই, আজ সমরসিংহ স মান্ত বেশে দেবীর আরাধনা করিতে আসিয়াছেন। উপাসনা সমাপ্ত হইলে ভক্তি ভাবে ভিনি লাইাছে প্রণত হইলেন। উঠিয়া আসনত মুক্ট হত্তে অইয়া দেবীকে সম্বোধন করিয়া বিশ্বেন "দেবি চতুপুর্দ্ধ। এই আজ আমি তোমার পদ্ধ

मील-निर्साव।

ভলে মুক্ট পরিভাগে করিতে হি, আল হইতে আর মুক্ট পরিব না, রাজকীয় বেশ ভ্যার গজিত হইব না; আল হইতে এই মস্তকে জটাভার বহন করিব, আল হইতে রাজা নামে আর আমাকে সংখাবন করিতে দিব না। ভগবতি! আমার মনের যাহা কিছু বুধা অহলার আছে আল তোমার সন্মুথে ভাহা বিশক্তন দিলাম। কিছু এই অহলারের জন্য আমাকে বে শান্তি দিয়াহ, যে বহুযত্তমঞ্চিত আশা উন্দৃশিত করিয়াহ, ভাহা এখনও ভ্লিতে পারিতেছি না। হউক, দেবি! ভোমার ইচ্ছাই পূর্ব হউক, ভোমার আজ্ঞা পালন ক্রিতেই জ্লন্য সমর্থ হউক। এই বলিয়া মহারাজ দেবীর চরণে মুকুট নিক্ষেপ করিয়া আবার প্রণাধ করিয়া মন্দির ভাগে করিলেন।

নেই দিন হইতে জাঁহার যোগীক্ত নাম হইল ; এবং এই ষোগীক্ত নামেই ইতিহাসে তিনি বিধ্যাত আছেন।

চতুর্থ পরিচেছদ।

ষমুনার একটা শাগানদী আলোরার নগরীর প্রান্ত ভাগ নিয়া বহিয়া যাইতেছে। প্রথমোক্ত ঘটনার সাভ বংসর পরে ১১০৩ শকে সেই নদী দিয়া এক গানি নৌকা চলিতে-ছিল। তথন নিশা প্রভাত প্রায়। পূর্কদিকে ভক্কণ উবার

*

ছটা দেখা দিতেছে। পক্ষীগণ মনের উল্লাসে গাঁন গাহি-ভেছে। আলু আলু প্রভাত সমীরণ ধীরে ধীরে আসির। ধীরে ধীরে তরুলভাকে আলিখন করিভেছেও ভাহার কোমল চুখনে মুদিত কুন্মানিচর চম্কিত হইরা চক্ষ্ উশ্মীলন করিতেছে।

নিশা অব্যান দেখিয়া নৌকামধ্য হইতে এক জন বলিল "মাঝি, নৌকা তীরে লাগাও, আমি এই থানেই নামিব"। নৌকা ভরঙ্গ-দোলিত হইয়াধীরে ধীরে ভীরে আসিয়া লাগিলু। অমনি এক জন প্রোচ্বয়ক্ষ পুরুষ একটা বালিকাকে ক্রোড়ে ক্রিয়া নৌক। হইতে নামিলেন। পুরুষ-টীর বরঃক্রম চলিশ বৎসর হইটেব। ইহাঁর মধ্যেই ভেশ শাঞা জবিকাংশ পরু হইয়াঙে, মুখে কালিআ পড়িয়াছে। হাসির চিল্মাত্র লক্ষিত হইতেছে না। ইহাঁর ফ্রন্য়ে ঘোর অক্ষকার, মুখে তাহা স্পষ্ট প্রতিভাত হইতেছে। যৌৰনের স্লখ ইহার মধ্যেই ইহাঁকে ত্যাগ করিয়াছে। তাঁহার পরিধান গেরুয়া বস্ত। কিন্তু পরিধানে অমত্যান লক্ষিত হওয়াতে বোধ হই-ভেছে যে তাহা তাঁহার নুতন ব্যবস্ত। বালিকাটি চারপাঁচ বৎসরের হইবে। ভাহার অল্ল অল্ল লম্বিভ মুক্ত কেশদাম কপোল্বর ঢাকিরা বক্ষদেশে পড়িরাছে। কেশের মধা হইডে সুকুমার চঞ্চ চক্ষু বুদ্ধি-জ্যোভিতে জ্বলিভেছে ও শৈশবের কোমল মধুর হাস্য অধরে লাগিয়া রহিয়াছে। রূপের সৃহিত वृक्तित त्योन्मर्था छारात मूथ-मछत्वत गतिम। वर्षिछ रहेत्राहि।

मील-मिर्वान।

বালিকার পরিধান পরিচ্ছন পিতার ভার হীন নছে। ভারারপরিচ্ছন দৈবিয়া ভারাকে ধনাচ্যের কল্পা মনে হর। পুরুষটি
নামিরা হস্তভিত একটা বারা হইতে ব্রস্তে করেকটা মুজা
বাহির করিয়া নাবিকের হস্তে দিলেন"। মুজার সহিত এক
খণ্ড কাগজ ভাঁহার হস্তে উঠিয়া জানিন। তিনি বার্মের
মধ্য হইতে এক একটা করিয়া জারো ছুই তিন খণ্ড কাগজ
বাহির করিয়া পূর্ব্ধ কাগজের সহিত একতা করিয়া নদীর
জালে নিক্ষেপ করিলেন। কাগজ গুলিন ভালিয়া চলিল
তিনি কল্পাকে লইয়া নদীর তীরে বিলিলন। বালিকা ক্ষণ
পরে বলিল "পিতা! বাড়ি বাবে না ?" ভারার পিতা গন্তীর
ক্ষরে বলিলেন "শৈল! ভোমার পিতার বাড়ি নাই"।
বালিকা বলিল "ভবে স্কামরা কোবার থাকিব ?"

िण्छ। "वदन।"

বালিকা। "ভবে চল আমরা বনে যাই। বাবা! বন কেমন্"? বালিকাকে এই হংধের অবছাতেও স্থবী দেখিয়া ভাঁহার সেই শুক অধর 'প্রাক্তে একটু হাসির বেখা দেখা দিল। ভিনি ভাহার কথার উত্তর না দিয়া আক্রুণীকোচনে ভাহার মুপচুম্বন করিয়া আবার চিন্তায় মন্ন হইলেন। কণ পরে বালিকা আবার অন্পূলি হার। দেখাইয়া বলিল "দেখ দেখা বাবা, ঐ জলে কে দাছিরে আমাদের চেয়ে দেখ্ছে।" ভিনি সেই দিকে চাহিয়া দেখিলেন এক জন সন্মানী প্রাভঃক্তা সমাধা করিয়া ভাঁহাদের দিকে চাহিতে জন

চতুর্থ পরিচেছদ।



হইতে উঠিছেছেন। দর্মাদী ভাঁহাদের স্থানের কথা নকন ভিনিরছিলেন। তিনি ক্র'ম তাঁহাদের মিকটই আগমন করিলেন। দর্মাদীকে দেখিরাবালিকার শিভা ক্রন্তে উঠিন প্রাণিশাভ করিলেন। দর্মাদী আশিব করিয়া বলিলেন "আমার সক্ষে আইম।" বালিকার শিভা হঠাৎ এই কথায় আকর্ম্য হইরা কারণ জিজ্ঞাদা করিলেন। দর্মাদী বলিলেন "এখন কারণ জিজ্ঞাদা কবিও না, পরে বলিব।" এই কথায় অধিকভর আকর্ম্য হইরা বালিকার শিভা কন্যাকে ও ভাঁহার পথের সমল দেই বাফ্লাটি লইরা দর্যাদীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিলেন।

সেখান হইতে চারপাঁচ কোশ দ্বে আলোরার শীমানার বহিত্ ত কুল কুল পাহাড়প্রেণী সন্নিনেশিত রহিরাছে। ভাষার একটা কুল পাহাড়ের উপর সন্নাদীর কুটার। এই কুটারে সন্নাদী তাঁহাদের সঙ্গে করিবা লইরা আদিলেন। পাহাড়ী অসভ্য মন্ত্রয় ব্যভীত এই পাহাড়ে সচরাচর আর কোন মন্ত্রতকে দেখা ঘাইত না। কেবল কখন কখন কেই আলমীর হইতে দিল্লী গমনকালে এই পাহাড় দিয়া ঘাইত, কারণ আজনীর হইতে দিল্লী গমনকালে এই পাহাড় দিয়া ঘাইত, কারণ আজনীর হইতে দিল্লী গমনের অন্ত অন্ত স্থাম পথ থাকিলেও এই পাহাড়-পথ দিয়া অপেকারত শীল্ল ঘাইয়া ঘাইত বলিয়া, কোন বিশেষ প্রয়োজন হইলে লোকে কই করিয়াও এই পথ দিয়া কখন কথন দিল্লী গমন করিত। এই পাহাড়ে আলাদের আরও আদিতে হইবে বলিয়া উপরে প্রটুকু বলিয়া রাখিলাম।

সন্ন্যাসীকৈ আসিতে দেখিয়া একটি প্রায় দশমব্যীর বালক হাসিতে হাসিতে "পিতা পিতা" করিয়া তাঁহার নিকট আসিয়া বলিল "পিতা, আপনি তো এই কুটার ত্যাগ করিয়া কোথাও ধান না। আজ কত রাত্রি থাকিতে নদীতে মান করিতে গিয়াছিলেন তবুও এত বিলম্ব করিয়া আসি-লেন। আর আমি আপনাকে একেলা যাইতে দিব না-উহারা কে আসিতেছেন ?'' সর্বাদী বলিলেন "আচ্ছা আমি আর কোথাও একেলা যাইব না, এইবার অবধি ভোমাকে সঙ্গে করিয়া লইয়া ঘাইব। ইহাঁরা আমার ক্ষতিথি, উহাঁরা এইখানে থাকিবেন।" অতিথি ভনিয়া বালফের অতিশয় আফলাৰ হইল। সে শীল্ল অভিথিয়েবার উদ্যোগে গ্ৰমন করিল। কুটীরে আসিয়া বালিকার পিতা জিজ্ঞাসা করিলেন "কি জন্ম লইয়া আসিলেন, এখন বলুন।" সন্ত্রাদী বলিলেন "বলিতেছি! অত্যে তুমি আমার প্রশ্নের উত্তর প্রদান কর। তুমি কোথা স্ইভে এথানে আদিয়াছ ?"

পিতা। "ক্ষমাককন! ভাহা আমার বলিখুরু ইচ্ছা নাই।"

সন্ন্যাসী। "তাহা বুঝিয়াই কেবল পরীক্ষার জন্ত এ কথা জিজ্ঞানা করিলাম, ভবে তুমি ছদাবেশে থাকিতেই দেশ ভ্যাগ করিয়া এথানে আদিয়াছ ?"

পিতা। "আপনি কিরপে জানিবেন।" শন্যানী। "তোমার কন্তার সহিত বে কথা ইইতেছিল

ds

তাহা শুনিয়া শামার এই প্রকার শস্মান হইছেছে। হার !
শামারও একদিন ঐ দশা ঘটিয়াছিল ! পথে পথে ছলবেশে
বেড়াইতাম, কিন্তু তথনও স্থানেশ ত্যাগ করি নাই। দে
সব যাক্—ভোমাকে কিন্তু এখানে স্থানিলাম বলি। তুমি
চল্লবেশে থাকিতে ইচ্ছা কর ৪৬

পিতা। 'হা।"

সন্ন্যানী,। "এই কুটার অতি নির্জন, এইথানে নিঃশৃষ্কচিত্তে তুমি বাদ করিতে পারিবে, দেই জন্ম তোমাকে এই
থানে লইরা আদিলাম।" বালিকার পিতা কুল হইরা বলিলেন "বুঝিয়াছি, আমাকে আশ্রেরহীন দেথিয়া আপনার
দয়া হইয়াছে, দেই জন্ম আপনার কুটারৈ আমাদের আশ্রের
দিতেছেন, কিন্তু এথানে থাকিতে আমি সম্মত নহি, তাহা
হইলে আপনাদিগের অস্ত্রিধা হইবে।"

সয়াসী বৃকিলেন যে বালিকার পিতা কাহারে। অছ্ঞাহ লইতে ইচ্ছুক নহেন। তিনি বলিলেন "আমার জন্ত ভোমার চিস্তা নাই। আমার অস্ত্রবিধা হইবে না। ভোমার যথার্থ মনের ভাব আমি বৃকিয়াছি। তুমি কাহারও নিকট অন্ত্যুহীত হইতে চাহ না, কিন্তু অন্তের সহিত আমার তুলনা করিও না। আমি সয়াসী, ভোমার পিতৃতুলা। আমি ভোমার নিকট অন্ত্রগ্রহ প্রার্থনা করিভেছি, তুমি করিভেছ না। আমার বাছা পূর্ণ না করিলে আমার মনে কট কইবে।" বালিকার পিতা সয়াসী যোগীদের অভিশয় ভক্তি-শ্রদা করিভেন। afr.

ক্টারে না থাকিলে যদি সরাদী কুক হন এই তরে তিনি তাহার আজা লজ্মন করিছে সমর্থ না হইয়া সেইখানে থাকিতে সম্মত হইলেন। তাহাদের আহারাদি সমাপ্ত হইলে বালক, বালিকাকে লইখা, তাহার থেলিবার প্রথা সামগ্রী দেখাইতে লাগিল। ছঙ্গনে কভ কথা হইভে লাগিল। বালিকা বলিল "তোমাদের বাড়ির নীচে নদী নাই কেন? আমাদের বাড়িতে এমন ছিল না!"

বালক। "ভবে ভোমানের বাজি কেমন ছিল ভাই!" বালিকা। "আমানের কেমন নদীর উপর বাজি ছিল। আমানের বাজির উপর নদীর জল কেমন উথ্লাউথ্লি করিজ, আমরা কেমন দেখ্ভেম। বাবা দে বাজিকে নৌকা বলেন, দে বাজি কেমন দকল জালগাল বেজিল। বেজাল।"

বালক। "ভূমি কথন আমাদের মত বাড়িতে থাক নাই ॰

বালিকা। "না।"

वालक। "किन्छ धमन वाष्ट्रि (मरवह १'रू"

বালিকা। "দেখেছি বইকি? এর চেম্বেও বড় বড় বাড়ি দেখেছি, আমাদের বাড়ি ব'লে ব'লে নদীর পাড়ে এই রক্ম আনেক বাড়ি দেখতে পেডেম।"

বালক। "ভোমার দে বাড়ি দেখুতে বেতে ইক্ছা হতো না ?" বালিকা। "তা ইচ্ছা হতে।, আমি বাবাকে বলভেম— বাহা আমি ঐসব দেখতে বাব।"

বালক। "দেখানে থাক্তে ইচ্ছে কর্ত !"

' বালিকা। "ভা কেন কর্বে।"

বালক। "ভবে তুমি দে বাড়ি ছেড়ে এলে কেন ?"

বালিকা। "বাবা এলেন তাই আনিও এলেম।" বালক কুণ্ণ হইয়াবলিল "ভবে ভোমার আনাদের কুলীরে থাক্তেইছে করেনা?"

ৰালিকা। " "বাবা যেখানে থাকেন আমারও সেইখানে পাক্তে ভাল লাগে।"

বালক। "ভোমার বাবা যদি যান, ভূমিও হাবে।" বালিকা। "হা।"

রালক। "আচ্ছা, এস এখন জামি তোমাকে সামার ছরিণ দেখাইগে।"

এই বলিয়া দিলীপ শৈলবালার হস্ত ধরিয়া কৃটীর হইছে. বির্গত হইলেন। কৃটীর হইতে বাহির হইয়া বালিকা অদ্বে ছুইটী মর্ব দেখিরা বলিয়া উঠিল "দেগ দেখ ।" কেমন অদ্বে পাথী। আমি বাই—একটা ধরিগে।" বালিকা মন্থ্র ধরিতে ছুটিল, মন্থ্রও অমনি ছুটিল। দিলীপ বলিলেন "আমি মন্থ্র দিছেছি, ভূমি ছুটিও না।" কিন্তু বালিকা ভাঁহার কথার কর্ণপাত করিল না। দিলীপও ভাহার অভ্যামন করিলেন। কিছু দ্বে গিয়া পর্কাত-পথে চলা অনভাাদ বলতঃ

শৈলখণ্ডে আখাড প্রাপ্ত ক্টরা শৈলবালার পড়িবার উপক্রম হইল। দিলীপ অমনি ভাড়াভাড়ি দেই অর্প্রভিভ অবস্থায় শৈলবালাকে ধরিলেন। তিনি জিজ্ঞাদা কবিলেন "কোথাও স্বাঘাত লাগিয়াছে ?'' বালিকা "না" বলিতে বলিতে শিলাথণ্ডে বারম্বার পদাঘাত করিতে লাগিল। দিলীপ হাদিয়া বলিলেন "ভূমি ময়ুর নেবে ?" ভিনি নাম ধরিয়া ময়ুর ডাকিতে লাগিলেন, ময়ুর আদিল। শৈলবালা আশ্চর্যা ও ছঃথিত হইয়া বলিল "ভোমার কাছে ত এল ! আমার কাছ হ'তে ভবে পালাল কেন, আমি নেবনো।" निलीপ धःथिछ इहेशा विनित्तन "कृषि नृजन, ভোষাকে" (हरन ना. ভাই পালিয়েছিল, এবার নেও, আর পালাবে না।" দিলীপের विषक्ष मुर्थ प्रशिक्षा वानिका जनिन "बाक्का अपि प्राच ।" **क्लिश मग्नुत धतिया ताथिलान, वानिका छाहात्क नहे**एड গেল। কিন্তু ভাহার গাত্তে হস্তু দিবামাত্র দে প্লায়ন চেষ্টায় এমনি পাধ্না কাড়িয়া উঠিল যে বালিক। ভয়ে 🔻 🕏 টানিয়া বলিল "আমি আর নেব না।" দিলীপ আতিভ হইলেন। তিনি ময়ুরের গাতে আন্তে আন্তে হার্ড বুলাইতে বুলাইতে বলিলেন "ভুই গেলিনে কেন? তবে আমিও আর ভোকে নেব না।" ভিনি সেখান হইতে ময়্র দ্রে নিক্ষেপ করিলেন। দে উঠিয়া অন্তস্থানে পিয়া বদিল। দিলীপ বলি-লেন "ভবে আমার আর কি কি আছে দেখিবে এস।" ভাঁছার হরিণ অথ প্রভৃতি ষেধানে থাকিছ, দিলীপ শৈল্বানাকে

নকৈ করিয়া নেই বানে কইরা আনিলের। আঁর ছেনিয়া শৈলবালা বলিল "অভ বড় খোঁড়ার সঙ্গে ভূমি কেম্ব কংর থেলা কর।"

দিলীপ। "আমি উহার উপর চড়ি।" শৈলবালা আন্চর্য্য व्हेश विनन "ठफ़! काष्क्र। ठफ़ प्रिनी ।" निनी श कथा दाइन कतिया अर्थ ছुটाইয় फिलान। শৈলবালা উল্লাসে কর-তালি দিয়া উঠিল। সে আমনদ প্রকাশ করিতে করিতে দেখান হইতে দৌড়িয়া কুটীরে ভাহার পিভার নিকট আগমন করিল । পিতাকে বলিল "দেখ দেখ। দিলীপ কেমন ঘোঁড়ায় চড়েছে! ভূমি কেন চড় না। আমি চড়ব বাবা। . সে আবার কৃটীর হইতে দিলীপের নিকট কিরিয়া আদিল, তথ্ন দিলীপ লাগাম চিল দিয়া,আন্তে আন্তে শৈলবালার নিকটে সাসিলেন। বলিলেন "তুমি চড়িবে ? এ ছোঁড়া ভোমাকে কিছু বলিবে না।" বালিকা ব্যগ্র হইয়া বলিল "হাঁ আমি চড়িব, আমাকে চড়িয়ে দেওনা।" দিলীপ নামিয়া ভাহাকে অৰপৃষ্ঠে চড়াইয়া দিলেন। বলিলেন "আমি ভোমাকে ধরে থাকি, আর ঘোঁড়া আন্তে আন্তে চলুক; गहिल कृषि পড़ে शाय।" दिनीश এक शस्त रेननवानारक ধরিয়া অপর হত্তে অখের লাগাম ধরিয়া কুটীরের ছারে লইয়া আদিলেম। স্বারে আদিলে বালিকা বলিয়া উঠিল "দেগ দেখ বাবা! আমি কেমন দিলীপের মত ঘোড়ায় চড়েছি।" সন্মাদী ও বালিকার পিতা হাসিতে লাগিলেন।

বালিকার পিডা ভিন চারি বংগর এই কুটীরে রহিবেন।

পঞ্ম পরিচ্ছেদ।

একে সন্ধাকাল, ভাহাতে নিবিড় মেবে গপন আছেন।
আন্ধকারে পৃথিবী আছে। দিও ইইরা পড়িরাছে। জনে জনে কলে।
নিঃশব্দৈ বিহাৎ ছুটিভৈছে। এখনি আভাত বৃষ্টি ইইবে
বলিরা বোধ ইইভেছে।

কিছ দীপানোকের সহায়তায় এ সময়েও ক্টারে অন্ধ কার নাই। বালক বালিকা প্রদীপের সমুখে বসিমা ক্রীছা করিতেছে। সম্মানী ও বালিকার পিছা ক্রমান দিয়া আকাশের প্রতি চাহিয়া গ্র করিতেছেন।

শৃষ্কাসী বলিলেন "দেখিতেছ মেঘে কি অন্ধনার হই-রাছে, এবনি অতাভ বৃষ্টি হইবে।" বালিকার পিজা বলিলেন "হাঁ বৃষ্টি হইলেই ও মেঘ এগনি চলিয়া বাইবে, কিছু আমা-দের হাব-আঁবার কিছুতেই বৃচিধার নর ?"

সন্মানী। "ওরপ ভাবিও না। ছঃখও এই বেরেশর

নাার চঞ্চল। তুমি কি ভাবিরাছ ভোষার হুঃ শুলাক ? ভাষা ভাবিও না। এ লোকে স্থাী নাহও পরবোকে হইবে, কথন একেবারে নিরাশ হইও না।'

তাঁহারা কথা কহিতে কহিতে উপ্টপ্ শব্দে আরম্ভ হইরা
ক্রমে ঝুপ্ ঝুপ্ করিরা বৃষ্টি পড়িতে লাগিল। ঘন ঘন কড় মড়
শব্দে মেঘ গর্জিয়া পৃথিবী কাঁপাইছে লাগিল। বিছাৎ চমিনিয়া
আকাশের এক প্রান্ত হইতে অপর প্রান্তে ছুটাছুটি করিতে
লাগিল। নেই তিমিরাছের পৃথিবী, মেঘাবুড আকাশ, ও
অবিশ্রান্ত বৃষ্টিধারা অতি ভয়ক্কর ব্লিয়া বোধ হইতে
লাগিল।

কুটারে বৃষ্টিধারা প্রবেশ করাতে সন্ন্যানী ঘারক্তক করিয়া।
নিলেন। কিছু পরে সহসা হ্য হ্য শক্ষে কুটারের হারে
আঘাত পড়িতে নাগিল। সন্ন্যানী কুটার মধ্য হইতে জিল্পানা
করিলেন "কে কুমি ?" উত্তর হইল "আমি পথিক, বৃষ্টির
জল্প আর অধিক চলিতে সক্ষম নহি, রাত্তের জল্প এখানে
আশ্রর প্রার্থনা করি।" সন্ন্যানী ঘার খূলিয়া একটা বৃদ্ধ পুকমকে কুটারে লইরা আদিলেন। ভাহার সর্কাক জলে আর্ম,
হস্তপদাদি পাংতবর্ণ ও শীতল, শীত্তে নীলবর্ণ ওঠাধর এখনো
কাঁপিতেতে। বার্ছকা বশতঃ অন্ধেতেই অভি শীত লাগিরাহে। সন্মানী বৃদ্ধকৈ ভাহার আর্ম বন্ধ হাড়িতে ত্রুক বন্ধ দিলেন। বৃদ্ধ ভাহা পরিয়া অগ্রির নিকট বসিন্না হস্তুপদ সেঁকিতে লাগিল। বানিকার পিছা ভাষাকৈ অবৈশ করিতে দেখিবামাত্র চমকিরা উঠিকেন। তিনি তাঁহার উত্তরীর বস্ত্র বারা নাসিক। ও চক্ষ্ ব্যতীত আর সমস্ত মুখ উত্তমকপে আর্ত কবিরা ক্টারের এক পার্থে গিয়া বসিয়া রহিলেন। হস্ত পদ সেঁকিতে গোঁকিতে আগন্তুক সন্ন্যাসীর সহিত গল্প আরম্ভ করিল। সন্নাসী বলিলেন "এ অসমরে ভূমি কোঞ্জা বাইতেছিলে?"

আগন্তক। ''আনি দিল্লী যাইতেইলাম। আমার প্রভ্ চল্লপতি সেথানে আছেন, সেই জনা আনি তাঁহার নিকট শাইতেছি।'

সন্ন্যাসী। ''অন্য স্থাম পথ থাকিতে এ গ্রেথ যাইটেছ কেন ?''

কাগন্তক। "শীঘ্র যাইরার জন্ম এ পথে যাইছেছিলাম। সন্ন্যাসী। 'শীঘ্র যাইবার এত আবশাক কি ?"

আগদ্ধক। "হুংথের কথা বলিব কি, প্রস্তুর বিবাহ উপ-স্থিত।" সন্যাদী আশ্চর্যা হইয়া বলিলেন "বিবাহ চইবে, ইহাতো সুথের বিষয়, হুঃথ কেন ?

আগস্থক। "তাহা আপনার। কি প্রকাশে বৃদ্ধিবন ?
কোথা হ'তে এতটুকু একট। করা বিবাহ করে আন্বেন,
ছদিন পরে আবার সে আনাদেশ উপর প্রভৃত থাটাবে। এডদিনকার ভূতা জ্ঞানে একটুও শস্ত্তিত হবে না। শ্রুকি আমাদের স্থাথর বিষয়!" আগস্থকের ভ্রের কারণ শুনিয়া
সন্নানী হাদিতে লাগিলেন। আগস্তক, ক্লুক্ত হইয়া বলিগ

"ভা আপনার হাসিবেন না ভো কি ? আমাদির নান বারে, আপনালের কি ; আমাদের হংশ আপনারা কি ব্যাবের গণ সমাদী হাল্য সহরণ করিয়া বলিলেন "ভোমার প্রভুর আজ-মীরে বাড়ি, তবে দিলীতে বিবাহ হইভেছে কেন ?"

আগন্তক। দিলীখনের ইচ্ছা। আমার প্রস্থ তাঁহার পরম বন্ধু, সেই জনা দিলীখন আপনি কন্যা মনোনীত করে মহা ধুমধানে আপনার নিকট বিবাহ দিতেছেন। মেয়েটা ওনেছি বার বৎসরের আর খুব হৃদ্দরী, প্রাস্থ তন্ছি দেখেই ভূলে গেছেন। এবার আনাদের রক্ষা নাই। এইবার আর্মা-দের মান সক্ষম পেল।"

সন্নাসী। "কি প্রকার ধুমধাম হবে १"

আগন্তক। "আনেক রাজাদের নিমন্তণ হথেছে, তাঁহারা সবাই এসেছেন। কেবল জয়চক্র আসেন নাই। সমরসিংহ সপরিবারে এসেছেন। কিন্তু কমলদেবী না আসাতে রাজ-মহিবী অভ্যন্ত হুংথিত হইয়াছেন। কমলদেবীর সৃহিত মহি-বীর অভিশয় সৌহাদ্য আছে।"

नमानी। "ভिনি आत्रन नाइ कम १"

আগত্তক। *হার! তাঁহার পুত্র কিরণনিংই জলনিমর হওয়া পর্যান্ত তিনি কোন আমোল প্রমোদে কোখাও যান না দেই অবধি তিনি জীবন্যুতবং ইইরা আছেন।*

नज्ञानी। "कि, नमजनिरंद्यत पूज जनमिया बहेबा-दिन १ जायकुमात कि क्षकारत बनमिया हरेटन ११ আগন্ধক কিরণের জলনিমর হইবার বুজান্ত বলিতে লান্তিব। সর্যাসী নীরবে তনিতে লাপিলেন। শেব হই জ দে বলিল "সে কথার আর কাব নাই, সে সব মনে করিলে বড় কট হয়। এখন একটি স্থসংবাদ তন্ন। প্রভুকে মহারাত্ব এইবার কবি উপাধি প্রধান করিবেন।"

সন্ন্যাসী। "ভোষার প্রভু কবি ?"

আগসন্তক। "কবি। আপনি এত নিকটে থাকিয়া তাহা ভানেন না। দ্র দ্ব দেশে তাঁহার নাম কবি নামে পরিচিছ ইয়াছে। তিনি যে এখন অবিতীয় কবি বলিয়া প্রসিদ্ধ!"

স্ক্রাসী। "পামি লানিভাম না।"

আগন্ধক। "এবার প্রত্যেক কুলু লোকও তাঁহাকে কবি
বলিরা" জানিতে পারিবে। এবার আর কেহ চল্রপতি
বলিবে না। এখন অবধি তাঁহার নাম কবিচল্র হইবে।"
সন্মাসী ও কথা আর না উঠাইয়া বলিলেন "আছো, অনা
বাজারা আসিয়াছেন, সয়চল্র আসেন নাই কেন? গুনিয়াছি
সম্পর্কে জয়চল্র ও দিল্লীখর পরস্পর কিরপ ক্লাছা, জুলী।"

আগন্তক। "কারণ আবার কি १—বিংসা। মৃত দিলীপর ভালাকে রাজত না দিরা পৃথীরাজকে দিরা গিরাছেন, নেই অববি অরচক্র হিংসার জনিউছেন। আর একটা কথা ওনি-রাছেন ং অরচক্র, পৃথীরাজের প্রক্তি নির্মাণ ভালার মলা চেষ্টা করেন বনিরা, অরচক্রের শিভ্বা অরচক্রকে কি উপদেশ দিরাছিলেন নেই অববি ভালাকে কুম্বনের বিবাদ ক্ইরায়ন্ত্।"

আপনার ইচ্ছামত ইইলে মন শীঘ্রই বোঝে । সে এই প্রকারে মনকে বৃকাইরা অবশেষে ভাগা করিতে নক্তর দরিল। বিজয় এতক্ষণ ভাগার কোন উত্তর না পাইরা টিতে উদ্যত ইইলে গোলাপ অঞ্চলন নিবারণ করিয়া ভাগাকে থাকিতে বলিয়া বলিল "আমি এখন বৃকিলাম ভানার কার্যাসিদ্ধির জন্মই আমাকে ভালবাসা দেখাইরাছিলে? আমাকে ভালবাস বলিয়া নহে। আচ্ছা, তৃষি গাহা বলিলে, আমি যদি ভাগা করিতে সমত ইই ভাগাইল যথাগই কি আমার ইইবে?"

বিজয়। "এই আমি চক্রত্যা দাক্ষী করিল। বলিভেছি ভাহা হইলে আমার গোলাপ আমারই হইবে।" গোলাপ দহর্ষে রলিল "আচ্ছা, দবে ভোমার জন্ম আমি এ প্রকার দাপ করিতেও প্রবৃত্ত হইলাম, এখন আমাকে শেষে ভাাগ করিও না।"

ত্দির। বিজর আফলাদে মত হইলেন। তিনি গোলা-পের মনে এতক্ষণ যে কট দিলেন, ভাগা অপনীত করিবার নিমিত্ত ভাষাদের ভবিষাৎ সুখের ক্রোপক্থন ক্ষারক্ষ করিনেন। সরলা গোলাপ ভাষাতেই ভূলিল। গোলাপ শান্ত হইরাছে দেখিয়া বিজয় বলিলেন "রাজ আজাক্রমে আমি কল্যাণকে ডাকিতে এখানে আদিয়াছি। কিন্তু ভোমার সহিত্ত কথার কথার ভোমাকে এতক্ষণ তাহা বলিতে ভূলিরা গিছাছিলাম।"

গোলাপ। "ভবে আমি বাই, বলিয়া আসি।"

্বিজয়। "চল, আনিও যাই, তাঁহার। কি কথা কছিছে ছেন তনিব।"

গোলাপ। "আমাকে দিয়া বাহা করাইতেছ কেবল ভাহাতেই কান্ত থাকিবে না? চল ইহার অপেক্ষা যথন অধিক বিখান্যাতকতা করিতে প্রস্তুত হইয়াছি তথন ইহাও গারিব।"

বিজয় লুকাইয়া তাঁহাদের কথা তনিতে গেলেন বটে,
কিন্তু তাঁহাদের দেই স্থাকর প্রেমালাপ তনিবামাত তাঁহার
অভি কই হইল। তিনি একটা ত্ইটা কথা তনিয়া আর
অধিক তনিতে পারিলেন না। প্রতাক কথাতেই দেন তাঁর
ক্লমে বাণ বিদ্ধ হইতে লাগিল। গ্রোলাগকে এইয়া নামিয়া
আসিলেন। নীচে আসিয়া বলিলেন সমামি যাহা বলিলাম
ভাষা করিবার এখন উত্য স্যোগ দেখিতেছি। রাজ্ঞাজ্ঞা
আনাইতে ব্বরাজের নিকট আনি আর একজনকে প্রেরণ
করি। তুনি ঐ মঞ্জের ভিতর যাও। যখন দেখিবে ব্বরাজ
ঐ মঞ্জের নিকট দিয়া শতায় ঘাইতেছেন ভ্রম আর্মা

ফাহা বাহা বলি, উটকঃস্বরে বলিও, যেন তিনি **গুনিছে** পান।"

যাহা যাহা করিতে বিজয় শিখাইয়া দিলেন ভাহা পূর্ব পরিচ্চেদে প্রকাশিত হইয়াছে।

এই সকল বলিয়া বিজয় সভায় আসিলেন। এই সকল ঘটনা লিখিতে যত সময় লাগিল, কার্য্যন্থলে বিজয়ের ভাষার অর্থেক সময়ও লাগিল না।

যোড়শ পরিচ্ছেদ।

~~~~<u>}</u>

দিলীতে ঘোরতর যুদ্ধগক্ষা আরম্ভ হইতেছে। কল্যাণ বৈল্যাধ্যক্ষ, ওঁহোর আর কিছু করিবার অবকাশ নাই। কেবল সৈল্যবিল্যাসে ও যুদ্ধের বন্দোবস্ত করিতেই ব্যস্ত। আমরা যে দিনকার কথা বলিয়াছি, সেই দিন অবধি এও দিন পর্যাপ্ত আর এক নিএও ওঁহোর রাজকল্যার সহিত দেখা সাক্ষাৎ হয় নাই। অদা ওঁহাকে দেখিবার নিথিত চঞ্চল হইলেন। অল্লহণের নিমিত্ত যুদ্ধ-সক্ষার ভার ওঁহোর সহ-কারী দিলীপশিংহকে দিয়া তিনি রাজকনার নিকট ঘাইবেন ছির করিলেন। কিন্তু ইতিপূর্কে একবার দিলীপশিংহ এই খানে আসিয়াছিলেন। আবার ধি কথার জনা ওঁছাকে এখানে' আহ্বান করা উচিত বোধ না করিয়া ডিনি উহা বনিতে বয়ং তাঁহার গৃহে গমন করিলেন।

क्लिने अरे नमंत्र जात कक कार्या वास दिलन। नमानी वनिशाहितन 'निनीत्यत जननिमध बद्ध विजीत्यत ৰংশ সপ্ৰমাণ হইতে পারে।' কিন্ত দিল্লী আসিয়া গোলে-माल मिलीप अरु पिन के नकत कथा जुलिश शिशाहिलन। আৰু ভাষা মনে পড়িয়া সেই বন্ত্ৰ দেখিতে তাঁখার কৌতৃহল জাত্মিল। তিনি কৌতৃহলচিত্তে জলনিতা পরিচ্ছদ বাহির कतिशा, जाहात व पृष्ठा ও पृष्ठा, ठजूकिक, पूर्वाहेश मिथिएड লাগিলেন। যাহা আশা করিয়াছিলেন, কিছুই দেখিতে পাইলেন না। পরিজ্ঞের কোন স্থানে কোন রূপ চিহ্নও দৃষ্টিগোচর হইল না। পূর্বেও আত্মপরিচয়ে ধেমন অজ্ঞাত ছिलिंग, अध्या उटमा बहिल्या अहा मान इहेन "हैशां कि क्षकां त यः म नक्षमान श्रेत ?" जिनि एक-বার, আর বার, পুনর্কার কাপড়গানি দেখিতে লাগিলেন, কিন্তু কিছুতেই আশা পূর্ণ না হওয়াতে বিরক্ত হইয়া পরিচ্ছদ পুরে কেবিরা দিলেন। অমনি হুই তিন । পুরু কাগজ বস্ত্রচাত হইয়া ভূমিতে পড়িল। তাহার হানর স্থামনি নাচিয়া উঠিল। ইহাতে বুলি ভাঁহার পরিচর আছে ! কি আভর্ষ্য, এডকৰ ভাষা দেখিতে পান মাই। তিনি তত্তে উঠিয়া कांगब फेंगोरेशा नरेलन अंदर अंक ४७ शक्ति कांत्रख कतिर्देश-

"মহামহিম প্রবলপ্রতাপ কুমার তেজনিংহ মহিমাণ্রেষু। আপনার ভাতস্থা মহারাজ জগচন্ত আপনার নৈই কথার জুদ্ধ হইরা মন্দচেষ্টা করিছেছেন। সাবধান থাকিবেন।

আপনার ওভাকাজী 🗐---

এ কি ? ইহার অর্থ কি । ইহাতে তাঁহার পরিচর কোঞার ।
দিলীপ এই পত্রে বাহা দেখিতে আশা করিয়াছিলেন,
কিছুই পাইলেন না। তিনি নিতার জীবীর হইয়া আর এক
বঙ ভুলিয়া লইলেন। পড়িলেন—

* "মহামহিম প্রবলপ্রভাপ-----ভেন্সবিংছ-----

জয়চক্রের ক্রোধ এখনো যায় নাই। তিনি আপনাকে
নির্বাসন করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন। আপনি বদি
অয়চক্রের ক্রোধের সময় স্টছা -- ...
তবে আপনার কন্যা শৈলবালাকে আমার নিকট রাশ্বিরা
আপনি পলায়ণ করুন।

শৈলবালার নাম পড়িয়া দিলীপ চমকিয়া উঠিলেন, ভাঁছার
মনে পড়িল ঘেদিন সৃষ্পলী তাঁহাদের কুটারে শৈলবালা ও
তাঁহার পিডাকে লইবা আসিয়াছিলেন, সেই দিন সর্লাসীর
হস্তে ভিনি এইরূপ কয়েক খণ্ড কাগজ দেখিয়াছিলেন।
বালিকার পিডা বখন সেই পত্রখণ্ডভিনি জলে নিকেপ
করিয়াছিলেন সেই ময়র বধার্থ ই স্ল্যাসী সেই গুলিম ভূলিয়া
আনিয়াছিলেন। এখন বৈরাগো হিডাহিত বিবেচনা শ্রুত্ব

হইয়া ধাহা নিকেপ করিভেছেন পরে ভাহা ভাঁহারি কাদে লাগিতে পারে এই ভাবিষা সল্লাসী তাহা তুলিয়া রাখিষা ছিলেন। কিন্তু বালিকার পিডা ভাষা দেখিতে পান নাই। मन्नामी तिहे भव भिष्ठाहित्य कि मा मत्स्रचन, किम ना. मृज्यकारन रम कथात कि हुई উल्लंभ करतन नाई। किया ভখন ভাঁহার ও কথা অরণ ছিল না এমনও হইতে পারে। দিলীপ আত্মপরিচর সন্ধান করিতে গিয়া শৈলবালার পরিচর প্রাপ্ত হইয়া অভিশয় আহলাদিত হইলেন। তিনি ভাবিলেন "মজাত কুলশীলা শৈলকালা কি তবে কুমার ভেদ্দিংহের কনা ? আনার শৈলবালা কি ভবে সভাই রাজ-ৰংশীয়া ? দিলীপ এইরূপে মনে মনে ভর্কবিতর্ক করিভেছেন. এমন সময় কলাাণ তাঁর গৃহে আসিয়া উপনীত হইলেন। ক্ল্যাণকে দেখিয়া দিলীপ ত্ৰস্তে সেই পত্ৰগুলিন লুকাইলেন। গুহে আদিয়া কল্যাণের দেই ভূমিপতিত বস্তের প্রতি দৃষ্টি পড়িল। রাজপরিচ্ছদ এখানে দেখিয়া তিনি আশ্রেষা হই-লেল। পাগলিনী যথন কিরণকে লইয়া ষায় তথন কল্যান ৫।৬ वर्गातत । ज्यमक त घरेना कन्यात्स्य आत विक्र मान हिन না। বাহা ছিল তাহাও ছারামাত। তবে বড় হইরা তাহা স্বিশেষ ক্রিয়াছিলেন। কিছু সেই প্রিচ্ছদ দেখিয়া ভাঁছার টিনিবার কোন সভাবনা ছিল না, তথাপি সেই পরিচ্ছদ দেখিৰামাত্ৰ ভাঁছার মনে হইল ভিনি যেন ঐ প্রিচ্ছল কোথা 9 দেখিরাছেন। তিনি দিনীপকে বলিলেন "এ কাহার ?

ষোড়শ পরিচ্ছেদ।

দিলীপ। 'ওনিয়াছি আমার বাল্কালের।'

কলাগে। ''তুমি রাজপরিচ্ছদ কোথায় পাইলে ? স্থামার যেন মনে ইইতেছে স্থামি পূর্বেই হা কোথাও দেখিয়াছি। ভোমার সম্বন্ধে স্থামার একটী সন্দেহ ইইয়াছে। স্থার ভোমার সহিত যথমি স্থামার সাক্ষাৎ হয়, ভোমার কথায় সেই সন্দেহ স্থারো দৃঢ়তর হয়। সে যাহা হউক, ভোমার বাল্যকালের বস্তু স্থাজ ভূমিতে পভিত কেন ?"

দিলীপ। "দল্লাদী বলিয়ছিলেন ঐ বল্পে আমার
পুরিচর পাইব সেই জনা উহা আনিয়া দেখিতেছিলাম।
কিছুই না পাইয়া বিরক্ত হইয়া কেলিয়া দিয়াছি।" কলাাদ
মনোযোগ পূর্বক ভাহার কথা শুনিতে লাগিলেন। দিলীপের নিকট ভিনি যাহা যাহা শুনিয়াছিলেন ভাহাতে ভাঁহার
ভাহাকে কিল্প বলিয়া সন্দেহ হইয়াছিল। উন্তরোভর
ভাহা দৃট্টভূত হইতেছিল। কিন্তু যত নিন না কোন স্পষ্ট
প্রমাণ পাওয়া যায়, তত নিন ভাঁহার মনের ভাব প্রকাশ করিবার ইচ্ছা ছিল না। কেনুরা, যদি শেষে দিলীপ কিরণ না
হন ভাহা হইলে সমর্বিংহ আশা পাইয়া নিরাশ হইলে
আরো অধিক কই পাইবেন। কল্যাণ বলিলেন "ভূমি মে
সে দিন বলিভেছিলে, সয়াাণী বলিয়াছিলেন ভোমার কঠের
কবচে ভোমার যথার্থ নাম আছে, ভাহা কই আমাকে
দেখাইলে না?"

किनीय। "काटन कर्ष जात नमत्र भाहेश छेठि नारे। अक

সময় তাহা দেখাইলেই চলিবে।" দিলীপের এখন ইচ্ছা ছিল না যে কল্যাৰ অধিকক্ষণ এথানে থাকেন। তাঁহার এখন দেই পত্রের বিকে মন পডিয়াভিল। কখন কল্যাণ ষাইবেন, ভিনি স্মাবার দেই পত্র পড়িবেন, ভাঁহার শৈশবালার পরিচয় প্রাপ্ত হইবেন, এই নিমিত তিনি অধীর হইতেছিলেন এখন কবচ मिश्रहिल कलार्व शाह भी मा यान, त्नहे बना कवह দেখাইলেন না। কল্যাণেরও এখানে অধিকক্ষণ থাকিছে ইচ্ছাছিল না। তাঁহারও রাজকন্যাকে দেখিতে মন ছটি-ভেছিল। পরস্পর উভয়েরি মন ভিন্ন দিকে আকুট হইতে-हिन। कन्तानं अथन कर्क एथिए ना कार्टिश गांडा ৰলিতে আদিয়াভিলেন,ভাষা বলিং। সত্তর প্রস্থান করিলেন। ভিনি-চলিয়া গেলে নেই স্বেশিষ্ট পত্ৰথও লইয়া দানকচিতে দিলীপ পড়িতে লাগিলেম। পত্রপাঠে বুঝিলেন, শৈলবালার পিতা, কান্ত্রাবিপতি জনচন্দ্রে সম্পর্কে পিতবা, ছই बान कान विवान इवशांक बग्रहल एक निःश्रक দেশ হইতে বহিন্ধত করিয়া নিযাছিলেন। এই ব্লপ অপ-মানিত হইয়া লজ্জার ও স্থার তিনি ছলবেশে কালাতিপাত করিতে জিলন। এই রূপ ভালে তাঁছার যে পরিচিত শোককে मुर्व (मथाई एक नज्जा कवित्य जाहात्र जान्तर्ग कि ? मिनील পত্রগুলিন বারশ্বার পাঠ করিছে লাগিলন। পড়িতে পড়িতে ভাঁহার চকু আনন্দলহরীতে ভাদিয়া যাইতে লাগিল, শৈলবালার শৈশবক্রীড়া সকল ভাঁহার মনে আসিতে লাগিল,

ষোড়শ পরিচেছদ।



ভাহাকে আর একবার দেখিতে তাঁহার হৃদর চক্ষণ ইইরা উঠিল। তিনি মনোবেগ সম্বরণ করিবার অন্য আবার সেই পত্র গুলিন্ আদ্যোপাস্ত পড়িতে লাগিলেন কিন্তু অন্নচজ্ঞের সহিত তাঁহার পিড়বোর বিবাদের কারণ পত্রে কিছুই দেখিতে পাইলেন না।

এদিকে কলাণ দিলীপের কথা ভাবিতে ভাবিতে রাজ-কন্যার গৃহের দারে উপস্থিত হইলেন। **ছারদেশে সোলা**-পকে দেখিতে পাইলেন। ভাহাকে দেখিয়া ভাঁহার স্থার এক কথা মনে পড়িল, ভিনি সগর্বে বলিলেন 'কই, রাজ-কনা হুশ্চবিত্রা ভাহার প্রমাণ দিতে পারিলেনা ?'' গোলাপ বলিল "আপনি আমাকে এত বিজ্ঞাপ করিবেন না। আমার দেখাইতে হইবে না, সভাই নিজেব সভাতা আপনাকে দেখা-ইবে, তাহা নহিলে আজ আপনি আদিলেন কেন ? আজ বিজয়ের এখানে আদিবার কথা আছে, আপনি আদিয়াছেন ভাহা তাঁহাকে জানাইব না, তাহা হইলেই তিনি গৃহে প্রবেশ করিবেন।" এত মিখা কথা বলিতে গোলাপের ধীরে ধীরে একটী দীর্ঘনিখাদ পড়িল, চক্ষে জল আদিল, কিন্তু রাজপুত্র ভাহা দেখিতে পাইলেন না। গোলাপের কথায় কল্যানের সদয় 🊁 একটু বিচলিত হইল। বিজয়ের নাম প্রবণে ধনুমান্তিভে রাজকন্যার যে ভারাতর হইরাছিল সহসা ভাহামনে পড়িল। বারস্বার ঘর্ষণে কার্ছে যে অপ্লি-ফুলির স্পূর্ণ করিবে ভাহার আন্তর্গ কি? কিব্র ইহা

मौश-निर्कान् ।

স্পূৰ্নাত। এখনো জনিল না। ফুলিকৈ কোন ফল হইন कि ना अथाना श्रकाम भाहेत ना। कतान मान मान वनित्नम "তবে গোলাপ या वनिष्ठाइ, छाहा कि मछा । ति मिन डेवावडी तिरु बनारे कि बामात नवार्थ िकत्यत নাম শুনিয়া চমকিয়া উঠিলেন'' তিনি গোলাপকে বলিলেন "ভূমি যাহা বলিভেছ, ভাহা যদি সভা হয়, যদি বিজয় আজ अधान आरम, जाश हरेल रह एक विश्वाम कतिव।" कलान (मधान इटेंड बाजकना) व शहर धः दण कवितनन, (मिथितन, ताजकना) कत्रश्चात मूथलना नुकाशि क किशा शान-ছোপরি ভইয়া আছেন। রাজপুত্র নিঃশব্দে নিকটে আসি-(नम। ताक्रकमा जारा (मिथिए भारेतिम मा. किन्न कताव শিভাইয়া শাঁড়াইয়া তাহাকে দেখিতে লাগিলেন। কণকালের জন্য তাঁহার মনে রাজকন্যার প্রতি সন্দেহ হইয়াছিল বলিয়া সাপনাকে ধিকার নিছে নাগিলেন। আপন মনে বলিলেন *ছিঃ, আমি কি পাপিষ্ঠ !° রাজপুতের স্বর ভনিষা উ্যাবভী চমকিয়া মুথ হইতে হত্তোতোল্ন করিলেন। যুবরাল্ল এবার তাঁহার মুথ দেথিতে পাইলেন। দেখিলেন, বভনি রোদন করিছেছেন।

রণি কেই কণনও এরপ দেখিয়া থাকেন, তিনিই মনে করিয়া দেখুন, স্কারী যুবতীর বদনমঙল নিঃশব্দ রোদনে কি প্রকার মনোহর হয়? ইহা কি রমণীগণের হাস্যপূর্থ বদন হইতে অধিকতর নিই নছে? স্কার গোলাপ বাধন

যোড়শ পরিচেছদ।

নীহার বিন্দুতে অবনত হইগাপড়ে, তথন কি তাহা না?
বন্ধনীর হয় না? হর্ষের প্রথর উজ্জ্ব রশ্বির পরিবর্তে ধর্মী
ইনকান্তি চল্ল অপরিস্কৃট প্রশান্ত জ্যোতি বিকীপ করিছে
বাকেন, তথন কি পৃথিবী আরো অধিক শোভিত হয় না?
দিবার খেতবর্ণ উজ্জ্বল গগনপ্রাপ্ত দিয়া যখন মধ্যে মধ্যে এক
একবার ক্ষেবর্ণ মেঘ চলিয়া যায়, তথন কি নেই উজ্জ্বলপ্তার
আরো প্রীবৃদ্ধি হয় না?

উষাবতীর ক্ষীত আরজিন নয়নপল্লব নীহারসিজ গোলাপের ভার অল্লে বারি বিন্তুতে আর্দ্র ইইরা উঠি-তৈছে। পূৰ্ণ হইলে ক্ৰমে তাহা কপোল ভাষাইলা বহিয়া ষাইতেছে, যেন নিঃশব্দে মৃত্ নির্বর ছুটতেছে। তাঁহার স্থাচি-क्न क्निकान भूम्भावष्टिक माहन कक्त्री क्राप्त बावक नाहे. আলু থালু হইগা মুখে বক্ষে পুঠে ছড়াইয়া পড়িয়াছে। কোন কোন স্থান অঞ্জে আর্দ্র ইরা গিয়াছে। তাঁহার ম্পলনহীন ও অঞ্সিক্ত চফু অবনত, শরীর স্তভিত, ওষ্ঠাধর মুদ্রিত, ক্ষণে ক্ষণে কেবল এক একবার ভাহা অল্ল অল্ল ক্রিছ হইরা উঠিতেছে। রাজপুত্র ভাঁহার রূপ দেখিয়া মোহিছ হইলেন। মনে হইল, এমন স্থলর বুঝি আর তাঁহাকে কোন দিন দেখেন নাই। ডিনি কিছু পরে মুশ্বের নার বলিকেন "উষা! কাঁদিতেছ কেন?" রাজকন্যা কথা কহিলেন না। তিনি আবার জিজাদা করিলেন, এবারও কথা সরিল ना, भावकिम रात्रशानि धीरव धीरव भागना हहेरक सक

मील-निकार।

স্কুল পড়িল — বিদর মুগটি সরমরাগে শোভিত হইল ব্বরাছ ্দাহাগের অভিযান ভবে আবার জিজ্ঞাদা করিলেন, এবার स्वत कि विनिष्ठ शिलत, किन्नु श्रावात वाधिता शिन भाति-লেন না। কি জনা কাঁদিভেছেন, বলিতে কিসের যে এড ৰক্ষানিকেই বৃথিতে পাণিলেন না। রাজপুতা প্রেমমাণা মধুময় পরে আবার প্রশ্ন করিতে করিতে উষার হাতটি ধরিয়া গৃহের পার্যক্ত একটা খেতপ্রক্রমণ্ডিত বার্ণার প্রমন कतितान। এই ममझ धककन পूरुष हर्गाए ताककनात गृह्दत বারতার বাবে আদিয়া কল্যাণকে দেখিবামাত ব্যাঘ্রদৃষ্টে মেবের ন্যার পলায়ন করিল। রাজপুত্র বিজয়কে চিদিছে नातित्वम । अटे वात (छटे। मकल इटेन, कार्छ अति दतिन, হত করিয়া জলিয়া উঠিল। সমস্ত ব্রহ্মাণ্ড যেন ভাঁহার চতু-किंदिक धकरात लानग्रविद्वार्य दिलाफिक इंडेग (शल. करन কণে তাঁহার চক্ষুর সমুখে যেন বিছাৎ করিতে লাগিল. ্ ভাঁহার সর্বশরীর কন্টকিড হইল, ক্রোধে মৃত্তি ভরত্বর হইল, ভিনি বেগে রাজকনার হস্ত ছুড়িয়া ফেলিলেন। রাজ-कमा बाशन शास बाख बाका विकास किए एमिएड পান নাই, হঠাৎ কলা ণের ঐ প্রকার ভাব দেখিয়া তিমি আক্ষা হইবেন। রাজকভা এডকা ভাঁহার মুখপানে চাছিয়া দেখেন নাই, এইবার ভাঁছার দিকে চাহিয়া তাঁছার तिहें चात्रक्रिय मूथ (पश्चिम ची**छ इहे**लिय । कन्यान दिलास "পাপীরদি! ভূম কেন কাঁদিভেছিলে এখন বুবিলাম ?

লেই জন্ত বুৰি আমাকে উত্তর দিতে পারিলে না ?

হঠাৎ কি বলিরা উত্তর দিবে বুরি যোগাইলনা আমি

যেমন নির্কোধ! আমি ভাবিতে ছিলাম বুকি আমিবুছে

যাইব বলিরাই কাঁদিতেছিলে ? অন্যের জনা ইহা অপ্লেপ্ত
ভাবি নাই।" উষাবতী এবার না কথা কহিয়া থাকিতে
পারিলেননা। অভি কাতর অপচ গভীর মরে বলিষ্ট্রন

কল্যাণ। "ছ্শুরিতা হইলে কপটতা ভাহাদের **অলভার** স্ক্রপ! তুমি আমার জন্ত কাঁদিতেছিলে । ভাই বি**জয়ের** নীমণ্ডনিয়া সে দিন ভোমার ভাবাস্তর হইল ।"

উযা। "আমি ছ্ডরিতা—ইহা তোমার মুব হইছে বাহির হইল, আর আমাকে সজীব থাকিতেও তাহা তানিছে হইল," রাজকভার মতকে বক্স পড়িল। রাজপুত্র যে তাহাকে সন্দেহ করিয়াছেন তাহা এখন বুকিতে পারিলেন, কেন তাহা বুকিতে পারিলেন না; কল্যাণ বলিলেন "হাঁ, ভূমি সতী, তাই বিজয়কে প্রণয়োপহারস্ক্রপ অসুরী প্রদান করিয়াছিলে? ভূমি সতী, তাই তাহাকে ভালবাসিয়াও আমাকে স্বামীরূপে বরণ করিতেছিলে? পাণীয়িসি! ভূমি কেবল হৃডরিত্রা হইয়াও ক্ষান্ত ছিলেন। ক্ছকিনীয় ভাম মিথা। প্রণয়পাশে আমাকে বন্ধ করিয়াছ। ভূমি হৃডকিনীয় ভাম মিথা। প্রণয়পাশে আমাকে বন্ধ করিয়াছ। ভূমি হৃতকিনার ভামিরাও আমির জ্যামি সে বন্ধন ছিল্ল করিতে পারিভেছি না। জ্যের মৃত আমার স্থা বিল্পুর হইল। উঃ, আমি কি মুক্ষ

304

হইরাছিলাম -- গোলাপের কথা কিছুভেই বিশাস করি নাট चहरक ना प्रिथित ताथ वह किছु उदे विदान कहिए। ना।' कनात्वत कथात्र ताककना चार्क्या इटेबा वनिए গেলেন "ষ্টক্ষে কি দেখিয়াছ ? আর আমি কখনই বা বিজ-রুকে অঙ্গরী দিয়াছি ?" রাজপুত্র আর অধিক কথা কহিছে मित्तम मा। विनित्तम "थाक, थाक-साहा कविशाह सर्थहे হইয়াছে ? আর মিথ্যা বলিয়া পাপ বাড়াইতে হইবে না। চাক্ষ্য প্রমাণ না পাইলে ভোমার কথা বিশ্বাস করিতাম। আমি ভোমাকে কিছু বলিব না। ভোমার হৃদয়ই ভোমাকে নরক্ষন্ত্রণা দিবে। আমি চলিলাম। যুদ্ধে প্রাণত্যাগ করিতে চলিলাম। স্থাথের বিদায় লইতে আসিয়াছিলাম, জনমের মন্ত বিদায় লইলাম। তোমার এক সময় ইহার ফল ভোগ করিতেই ছইবে। যদি মনে ভয়-/অনুতাপ কর প্রায়শ্চিত কর।' এই বলিয়া রাজপুত্র বারতা হইতে বেগে প্রস্থান করিলেন। রাজকন্যা এতক্ষণ মোনে কাঁচিতেছিলেন। এবার চক্ষে অন্ধ-কার দেখিলেন, আর দাঁড়াইতে পারিলেন না। মুচ্চিত ছইয়া দেই খেতপ্রস্তরমণ্ডিত বারতার পড়িয়া গেলেন । রাজ-পুত্র ভাষা দেখিতে পাইলেন না। গোলাপ এতক্ষণ দার ছইতে লুকাইয়া সব দেখিতেছিল, রাজকলাকে পড়িতে मिथिया ভাষার ऋष्य অञ्चाल পূর্ণ হইল, আর সে আপ-नात रूथ रेष्ट्रा कतिन ना। कना। कना। कर पृतिशा वनिए खाशांत हेक्का क्**रेन, किन्न अथन त्य मम**त्र नाहे। छाँशारक

ষোড়শ পরিচ্ছেদ।

1200

বলিতে গেলে রাজকন্তার মুক্ত ভিন্ন কে করে? গোলাপ শীদ্র-গতি রাজকন্তার চেত্রনা সম্পাদন করিতে গেল। ভাবিল রাজ-কল্লাকে স্বস্থ করিয়া তাঁহার নিকট দোষ স্বীকার করিয়া পরে কল্যাণকে বলিবে। সে বারগ্রায় আসিয়া দেখিল শীভনীছার-কৃঞ্চিত ক্মলের ভার রাজকুমারী এলাইয়া পড়িয়াছেন। মুখ लां खर्न इहेशा शिशाटक, कलात्न अर्ड विमू विमू वर्म अति-তেছে। গোলাপ জল আনিয়া রাজকভার মুখে চক্ষে দিঞ্চন ও বায়ু দেবন করাতে তাঁহার একবার জ্ঞান হইল, কিছু পরেই আবার মুক্তি ত হইয়া পড়িলেন গোলাপ মনে মনে ভীত হইন। দে আর রাজকলার অবস্থা গোপনে রাখিতে সাহসী ংইল না। জনৈক পরিচারিকা দারা রাজমহিবীর নিকট তাহার অস্তথ সংবাদ প্রেরণ করিয়া, আপনি ক্রোড়ে করিয়া তাহাকে পালক্তে আনিরা শরন কর ইবার নিমিত তুলিল। কিন্ত এ আবার কি ? বিন্দু বিন্দু রক্তধারা অমনি রাজকুমারীর কপালে গড়াইয়া পড়িল। নিরীক্ষণ করিয়া দেখিল কেশজাল াক্রে ঈবৎ আর্দ্র হইয়া গিয়াছে। সে আরও ভীত হইল। ুঝিল, র জুকুমারী পাষাণে ভর্কটর আঘাত প্রাপ্ত হইয়াছেন। সে আটে আন্তে শোণিত ধৌত করিয়া পালক্ষে আনিয়া ग्रम कर् हैन।

এ লিক দাসী সেই সংবাদ লইয়া রাজমহিবীর গৃহে উপস্থিত । ইলা। মহিবীর বয়ংক্রম ৩২ বৎসর হইবে। ভাঁহাকে এখন পু_{হুর}ীবনা বলিলেই হয়। তিনি রূপে আলো করিয়া 798

বসিয়া আছেন; সমুখে একজন সভাসদ আগত বুদ্ধের বন্দোবস্ত জ্ঞাত করাইছেছে। ভিনি দাসীকে দেথিয়া ভাছার আসিবার কারণ জিজ্ঞান। করিলেম। সে বলিল 'রাজকন্তার অসুথ হইয়াছে, আপনাকে দেখানে যাইতে হইবে ।" উষা-বভী তাঁহার একমাত্র সম্ভান, কন্তার কিছু হইলে অভাস্ত অধৈর্য হইতেন। তিনি অস্তথ হইয়াছে ভনিবামাত সভা-সদকে বিদায় দিয়া রাজকভার গৃহে আসিলেন। দেখিলেন রাজকলা মৃতবৎ ভইয়া আছেন, গোলাপ দজান করিতে চেষ্টা করিছেছে। মহিনী গোলাপকে তাহার অন্তথের কারণ জিজ্ঞাসা করিলেন। গোলাপ নিরুত্র, মুথে কথা নাই। ৰিচাবালয়ে অপরাধী ব্যক্তির ন্যায় গোলাপ ভীত হইল। ভাহার মুথ ওক হইয়া গেল, কথা ফুটিল না। কেবল ভাহার নীরব দরবিগদিত অঞ্ধারা রাজমহিষীর কথার উত্তর দিল। ভাহাকে নীরব দেখিয়া পরিচারিকাগণ এই সময় কথা কহিবার স্থযোগ বুরিয়া ঐ বিষয়ে আপন জাপন মনের ভাব প্রকাশ করিতে লাগিল। কেছ অতি কটে চকে হএক ফোটা ভাল আনিয়া ছাছা গহিষীকে দেখাইবার জন্ত সংযোগ খুঁজিতে লাগিল, কেই যালা ভার मीर्च नियान क्लिटिंड नातिन, किन्त मर्टिता निष्टि পাইতেছেন কি না, দক্ষেত করিয়া তাঁহার পালে আপ-वित्रत, नकलाई बाकक्माबीव शौषात अक अक है विलाफ कतिएक वाशिन, भारत धक बन अवीश न हांशाक

1593

বলিল — "না, না, ওবৰ কথা কিছু ময়। আজি কলা। এপেছিলেন। তাঁর দক্ষে যুদ্ধের কথা হয়ে থাকবে ? ভিনি যতক্ষণ ছিলেন কথায় বার্ত্তায় ভাল ছিলেন, তিনি গেলে যুদ্ধের কথা মনে ভোলপাড় করেছেন, বিপদ আশস্কা মনে এসেছে, ছেলে মানুষ ভয় পেয়েছেন, কাজেই সেই জন্য মুচ্ছিত হয়ে পড়েছেন।" দকলেই বলিয়া উঠিল "এই ঠিক।" রাজ্মহিধীরও এই কথা মনে লাগিল। ভাষা ভিন্ন ডিনি আর অন্য কারণ দেখিতে পাইলেন না। তিনি সকলকে নিস্তন হইতে আজা দিয়া চিকিৎসক আনিতে প্রেরণ করি লেন'। চিকিৎসক আদিয়া দেখিলেন এখনো জ্ঞান হয় নাই, দেই সমভাবেই আছেন, কিন্তু অজ্ঞানাবভাতেই জ্বর **আরম্ভ** হইয়াছে। রাজকনা কোপায়, কি প্রকারে কভক্ষ মৃদ্ধি ত হইয়াছেন, চিকিৎসক আসিয়া সকলী তনিলেন। প্রস্তরাম্বাতে मछक तकाक रहेशाहिन उनिया विकित्मक मछक उछम-রূপে পরীক্ষা করিয়া দেখিলেন। বলিলেন "মন্তকে গুরুতর আঘাত লাগিয়াছে, তাহাই আৰু চেতনা হইতেছে না। ্ বং দেই জনাই জার আরম্ভ হইরাছে। মস্তকের বেরূপ সে আণি_{দেখিতে}ছি সাংঘাতিক হইবার সম্ভব। আমি একেলা ^{গুরুন ক}িশা করিতে সাহস করি না।"

্ঞ পিনীয় ঔষধ বাবস্থা করিয়া দিয়া রাজচিকিৎসক উপস্থিতাৎ অন্যানা চিকিৎসক আনিতে প্রস্থান করিলেন। গধন প্রস্থা রোদন করিতে লাগিলেন। তাঁহাকে বুরি

मीপ-निर्का**ग**।

র্জকমাত্র কন্তা রত্ন হইতে বঞ্জিত হইতে হয়। তিনি আহার নির্দা ত্যাগ করিয়া কন্তার শুশ্রমা করিতে বণিলেন।

সপ্তদশ পরিচ্ছেদ।

কল্যাণ গৃহে আদিয়া প্রথমতঃ আশু মৃত্যুর উপায় ভাবিতে লাগিলেন। প্রতি মৃত্তে তাঁহার জীবন উত্তরোভর এরূপ ক্লেশকর হইয়া উঠিতে লাগিল যে এই আদর বৃদ্ধ পর্যান্ত অপেকা করাও তাঁহার নিকট একযুগ বলিয়া বোধ হইতে লাগিল। অথচ ভাহা ভিন্ন আর অভ্যরূপ ক্রানজনক মৃত্যুর উপায় না দেখিয়া অগভ্যা বৃদ্ধ পর্যান্ত কঠে প্রাণ বন্ধা করিতে বাধ্য হইলেন।

এইরপে মৃত্যুর উপায় এক প্রকার ছির হইলে তথন তাঁহার অন্ত অন্ত কথা মনে হইতে লাগিল। একে একে পিতা, মাতা (বিমাতা,) চিত্তীর, সকলই জনে আদিল। দেই স্থমর জন্মভূমি, সেই রম্য পাহাড়ারত চিতোরনগরী, আর সেধানে বাইতে হইবে না, শেষ দেখা দেখিয়া আসিয়াছেন। মরিবার অন্তই স্বদেশ ভ্যাগ করিয়াছিলেন। বিমাতা কমলদেবী—তিনি কল্যাণকে অভিশঃ স্নেছ করি-তেন, তাঁহার সহিত জন্মশোধ সাক্ষাৎ করিয়া আসিয়া



ছেন। তাঁছার মধুরবেহমর মিষ্টম্বর আর কথন ভুমিতে পাইবেন না। বালাকাল হইছে কল্যাণ মাতৃহীন, কিছ कमनामवीत थान माज्हीन काहारक वान जाहा कनाम ্জানিতেন না। কমলদেবীই তাঁহার মাতা ছিলেন। তাঁহা-কেই আপন মাতার স্থায় জ্ঞান করিতেন। মৃত্যুকালে এক-বার তাঁহার সহিত শেষ দেখা হইবে না। মরিবার পূর্বে একবার মা বলিয়া ডাকিতে পারিবেন না। পিতা দমর-দিংহ, তাঁহার স্নেহপূর্ণ পুত্রবৎদল পিডা, দেই পিডাকে এইবার জন্মের মত ছাড়িয়া যাইতে হইবে। পিতার ক্ষেহপূর্ণ মূর্ত্তি তিনি আর কথন দেখিতে পাইবেন না। তাঁহার মধুমর উপদেশ আর কথন তাঁহার ক**ৰ্ণীতল** कतिरव ना । कनान ममत्रिंग्टिश नमुनानन वर्कक, वार्काकात षागा, खीवरातत सूथ, कित्रण शांतीरेश षाविध कन्याणह তাঁহার দর্শস্থ। তিনি মরিলে তাঁপীর পিতার হাদর শৃন্ত इहेरत । कि श्वकारत ममतिमिःइ/जाहा मङ्कितिराजन ? कन्यात्वत मृज्य इहेरन भूजवर्ष्ट्र ने जा कि खकारत भीवन ধারণ করিবেন। পিতার কথা মনে করিয়া কলা। পের অত্যন্ত कष्टे इटें एक नाशिन। शंत्र! जिनि यथन हिट्जांत इटें एक মাসিতেছিলেন, তথন কে মনে করিয়াছিল যে তিনি এমন ভগ্রহদয়ে প্রাণভ্যাগ করিবেন। যথন রাজকভার প্রেমে মত হইয়াছিলেন, তথন কে মনে করিয়াছিল যে পরিলামে बहु श्रेद्द! ७४म ठातिमिक सूथ, जाना, त्थ्रम, ताजकमा.

७हे' (मिश्राहित्न । यनि ग्राह्म महत्रम, ७ स्थलन दम्बिर्ड দেখিতে, রাজকভার মুখ ভাবিতে ভাবিতে, তাঁহার মৃত্যুতে রামক্সার কাতরতা ও ক্রন্সন ভাবিয়া আপনিও ভাঁহার ष्ट्रःथ अञ्चलांग कतिए कतिए मतिरान- अहे मत्न कृति-য়াছিলেন। কে জানিত যে মৃত্যুকালে ফ্লেহময়ী রাজকন্ত। ना मिश्रा विषयती ज्ञामिनी मिश्रिक मिश्रिक, जीवन सूथ কর মনে না করিয়া মুণাকর মনে করিতে করিতে, রাজ-कनारक ब्लाइमी विवास महाधन ना कविया भाषीयभी विवास ভিরন্ধার করিতে করিতে, প্রেমাঞ্চর স্থানে বৈরাগ্যঞ্জাগ করিয়া প্রাণ বিসর্জ্জন করিবেন? তিনি যুদ্ধে প্রাণ ত্যাগ করিবেন এই বাকে জানিত ? হয় ত মুদে খবনপরাজয় कतिया अव अ का नारनत मधा निया निली कितिया आनिरवन। ব্দরপতাক। উড্ডীয়মার্ম করতঃ পিতা পুতে, ভ্রাতা ভগি-নীতে, পতি পত্নীতে, (দাশ্রনয়নে আনন্দিতচিত্তে পরস্পর স্থালিকন করিবেন। ঈশ্বরকে ধন্যবাদ দিবেন। যুদ্ধ শেষে टाहारमत विवाद इहेरवें. - भूशीताक छेतानकी एक छाहात राख अनान कतिरान, दर्वे देशनिक हिएक, जीनार्भून क्रनस তিনি ভাঁহার পাণিগ্রহণ করিবেন। উন্নাবতী, প্রেমময়ী উলাবতী, রমণীরত্ন উষাবতী, ভাঁছার ইইবেন! উষাব-তীর মুখে স্থানক বিভাগিত হইবে। কল্যাণেতে ভিনি मकन ऋथ एमिदिन। विवाह कडिशा नववधू नहेशा कलगान পাবার চিত্রের যাতা করিবেন। ক্যুদেখিয়া বিমান্ধার

আহ্লাদের শীনা রহিবে না। এই বক্তন ক্থাই ওঁহেরি মনে জাগিতেছিল।

হার ! এখন সেই দকল আশা , দমুলে ছিল্ল হইল, কল্যা-শের স্থপপ্রদীপ নির্বাণ হইল। জীবন জস্ক হইরা উঠিল। কিছ তাঁহার মৃত্যু হইলে সমন্দিংহ অভান্ত মনোবেদনা পাই-বেন ও তাঁহার আশা ভর্মা সকল বিলুপ্ত ২ইবে এই ভাবিয়া এক একবার কল্যাণ মৃত্যু বিষয়ে বিচলিত হইতে লাগিলেন। অন্ত অন্ত নামা কথার সহিত তাঁহার মনে হইল—তাঁহার মৃত্যু হইলে চিভোরাধিপতি কে হইবে? কেন না, তিনি ভনিয়াছিলেন সমরসিংহ তাঁহার অন্ত হুই ভাতাকে রাজা দান করিতে ইচ্ছুক নহেন। ভাঁহারা রাজা হইবার উপযুক্ত নহেন। তিনি মরিলে তবে ছিতোরের দশা কি হইবে? সমরসিংহ তো এখন প্রোচ হইগাছেন, আর অধিক দিন রাজা-ভার সহস্তে রাখিতে দক্ষম হইবেন না, এবং বার্থার শোক পাইতে পাইতে শীত্রই অধিক অক্সাণ্য হইরা পড়িতে পারেন। कलाां मतिल তবে ताका किर्देशित १ जिनि अजिनय क्रिष्टे হটলেন। ভাবিলেন 'মরিলে স্থা হইব, কিন্তু মৃত্যুর পরেও আবার বিদ্ন। আঃ-কিরণ যদি থাকিত, তবে এ সকল বাধা किष्ट्रहे थाकिए ना. निर्मित्त निकित्त मतित्व भातिषाम, পিতার ষষ্ঠও ভাবিতে হইত না, চিতোরের জন্মও ভাবিজে হইত না। কিরণ থাকিলে আমার মৃত্যু, পিডারও ভভ কট-ম্বায়ক হইত না। কিরণের প্রতি তাঁহার মেহ, আশা, ভরসা

সকল গানিবেশিক করিতে পারিতেন। কিরণ থাকিলে পিতা তাঁহাকে রাজা করিতেও কিছু আপত্তি করিতেন না।" কির্বের কথা মনে হইতে হইতে তাঁহার দিলীপের কথা মনে হটল। দিলীপের কথায় খাবার তাঁহার কবচের কথা মনে পড়িল। এই সময় দিলীপদিংহ এই গৃহে আসিয়া উপস্থিত হইলেন। অন্তাদিন দিলীপকে দেখিলে কল্যাণ হাসিয়া আহবান করিতেন, অদা তাঁহাকে বিষয়ও কথা কহিতে না দেখিয়া দিলীপ সক্চিতভাবে গৃদ্দে এক পার্ছে দাঁড়াইয়া রহিলেন। কল্যাণ কিছু পরে নিকটে আসিতে সঙ্কেত করিয়া বলিলেন "কি ?--কোন প্রয়োজন আছে ? আমি এখনি ভোমার নিকট যাইব মনে করিতে ছিলাম, সেই কবচ দৈখিতে আমার অত্যন্ত কৌতৃহল জন্মিয়াছে।" দিলীপ रितालन "आश्रमात्र निर्कृष्ठे आगात अता श्राह्म नाहे, त्महे करा प्रशाहि । किनी भारत करा करें प्रनेशवयुक्त करा উत्पाहरी कविशा कन्यात्वत शरख नित्नन। কবচান্ধিত নাম পড়িয়া কল্টা লাক্ষান্ত্যা হট্টেল্ম । তিনি ভনিয়াছিলেন, কিরণ নাম খোদিত একটা রক্ষাকবচ কির-বের গলে থাকিত এবং দেই জনাই দিলীপের কবচ দেখিতে ভিনি ওরূপ বাস্ত হটয়াছিলেন। তিনি বিশায় প্রকাশ না कतिया धीरत धीरत विलालन "अ कवड मन्नामी काथा भारे-য়াছিলেন ?"

मिलीय। "आयात गरन ?"

কল্যাণ। "আছে৷, সন্নাদী কোন্ দেশে ভোনাকে
কুড়াইনা পাইনাছিলেন ডাহা কি ডুমি জান ।" জামি , ভোনার মুখে জন্য জন্য সকল কথা ভনিয়াছি, কিন্তু ঐ কথা ভনি নাই।"

দিলীপ। "তিনি বলিয়াছিলেন, চিতোরে।" কল্যাৰ। "চিতোরে গ" দিলীপ বলিলেন ''ঠা—"

কল্যাণ। "সন্ন্যাসীর মুখে তুনি ভোমার বৃভাক্ত যাহ। ভনিয়াছ, আনমাকে সে বব কথা স্পষ্ট করিয়াবলিলে আমি অভিশয় আহলাদিত হই।"

দিলীপ। "দহ্যাসী এক দিন বড়ের পররাতে চিডোরনগরের নদীভীরে ভ্রমণ করিতেছিলেন। ভীরে আমাকে
মৃতবং পতিত দেথিয়া তুলিয়া সঞ্জীব করিয়া আমাকে সেই
অবধি সন্তানবং প্রতিপালন কিশ্বাছিলেন। তথন অবধি
আমার গলে এই কবচ ছিল। স্ম্যানী মৃত্যুকালে বলিয়াছিলেন 'এই কবচে ভোমার যথার্থানাম আছে।' খাস রুদ্ধ
হইয়া আমাকে আর অধিক কিছু বলিতে পারিলেন না।
'তুমি চিডোর'—শেষে এই টুক বলিয়া ভাঁছার জীবন ভাগ
হইল। এখানে আসিয়া কবচে কি লিখিত আছে, ভাহা
এক দিন আমি পড়িয়া দেথিয়াছিলাম। কিছু জলনিময় বস্ত্র
দেখিয়া আমি যেমন আলুপরিচয় পাইলাম,ইহাতেও ভেমনি
পরিচয় পাইয়াছি। ইহাতে লিখিত আছে 'কিরল সিংহ।'
কিছু কিরণিংহ দেখিয়া আমি কি প্রকারে পরিচয় পাইব।

পিতার নাম থাকিলে বরং আত্মপরিচয় প্রাপ্ত ইইতে পারি ভাম। আমার আর পরিচয় পাইবার আশা নাই। আমার পরিচয় জানিবার নিমিত্ত যদি আপনার কৌভূহল হইয়া থাকে, ভবে আপনিও ভাহা পরিতপ্ত করিবার আশা তাাগ করুন।" কল্যাণ আর অধিক ক্ষণ ভাঁহার আনন্দ গোপন রাথিতে পারি-লেন না। দিলীপ ষে কিরণসিংহ ভাহাতে আর ভাহার কোন সংশয় রহিল না। তাঁহার নিরাশ ভগ্ন হৃদয়েও একটু আশার সঞ্চার হইল, সেই গভীর হুংখের মধ্যেও একটু আনন্দ উদয় হইল। তিনি বলিলেন "তোমার পরিচয় আমি জ্ঞাত হই-য়াছি। আমার কৌতৃহল নিবারিত হইরাছে। পরিচয় পাইবে মা মনে করিয়া ভোমার আর নিরাশ ইইতে ইইবে না। আমি তোমাকে তোমার পরিচয় প্রদান করিব। তুমি যে শামার বন্ধু ইইতে নিকাতির, তাহা অদ্য আমি জানিতে পারিলাম। এত দিন যায়ে আমি মনে মনে বন্দেহ করিতাম, কিছ নিভান্ত হুরাশা জা∤ন যে সন্দেহকে হৃদয়ে স্থান দিভাম मा, रमरे मत्मर आज पुछा रहेन, এछ मिरमद छ्वामा আত সফল হইল। আমি সর্বলাই এই জানী করিতাম, **बहै हेन्छा** कतिलाम, स्मा बहै झनग्रद्ध, बहै खिश्रमणा मिलील আমার সেই সেহের ধন কিরণ্শিংহ হয়। সভ্য সভ্যই আজ আমার সেই ইচ্ছা পূর্ণ হইল, জানিলাম, যথার্থই ভূমি আমার কনিষ্ঠ, তুমি আমার কিরণ, এস, তেইমাকে এক-वाब चानिक्रम करिया এड निरानत नाथ पूर्व करि ।" कना। व

মেহভরে ভাঁহাকে আলিখন করিয়া পরে তাঁহার জীবন वृक्षास निविध्य श्रामिश विभागन । निनीय मामाध्य विषय । হইয়া আহ্লাদে বাকশক্তিহীন হইয়া অশ্রপুর্ণনয়নে ভাঁহাকে গাঢভাবে আলিজন করিলেন। কল্যাণ আবার বলিলেন ''এই ক্ৰকাল পূৰ্বে আমি কির্গুকে পুনঃপ্রাপ্তি ইচ্ছার বাকেল হইতেছিলাম, সেই জনা দেবী চতু জা আমার মনস্কামনা পূর্ণ করিলেন। আমি ভাবিতেছিলাম, আমি মরিলে চিতোরের দশা কি হইবে, পিতার শোক মিবারণের কি হইবে, তাই চতুভূজি তোমাকে আমার নিকট প্রেরণ করিয়া আমাত্রক আখাল প্রদান করিলেন। আমি এখন নিশ্চিত্ত হইয়া মরিতে পারিব।" দিলীপ কলাপের কথা ভনিয়া অভিশয় বিসমাপর হইলেন। আত্মপ্ররিচয় পাইয়া যে আহলাদ হইয়াছিল, সহসা কলাাণের মুখে তাঁহার মৃত্যুর কথা শুনিয়া অমনি ভাঁহার হৃদয়ে বৈ আহলাদ মিশাইয়া গেল, আর প্রকাশ পাইল না। কলাণ বলিলেন "আমার कथात्र चार्क्या इहेउ ना। याहा वैति, मत्नारवाण शृक्तकः, তন।" দিলীপ আরে। আশুর্যা হর্টয়া বিক্ষারিত নেতে চাহিয়া বহিলেন, কল্যাণের কথার কোন উত্তর দিতে সক্ষম হইলেন না। কল্যাণ বলিলেন "পিভার মৃত্যুর পর আমি রাজ্যাধি-কারী ভাহা বোধ হয় ভুনি জান। আজু আমার দেই দক ভোমাকে দান করিলাম। ভূমিই আজ অবধি চিভোরের যুবরাজ। তুমিই ভবিষ্যতে রাজদিংহাদনে উপবিষ্ট হইবে।"

কল্যাণের কথার অর্থ কিরণসিংছ কিছুই বুঝিতে পারিলেন ন।। এক বার মনে করিলেন "কল্যাণ কি তাঁহাকে উপহাস ক্রিভেছেন ? তাঁহাকে পরীক্ষার্থে এরপ বলিভেছেন ?" কিন্ত আবার ষণনি তাঁহার বদনমগুলের প্রতি দৃষ্টিপাত করি-বেন, সেই যৌৰবদন অস্বাভাবিক গন্তীর ও বিষাদান্ধিত रमिथलन, अमनि छाँशात रम मस्मर मृत स्टेल, क्रमस वाथिछ হইল, সহসামনে হইল কল্যাণ কোন গভীর ব্যথা পাইয়া ঞ্জরপ বলিতেছেন। মনে করিতেও তিনি দিহরিয়। উঠি-লেন, ভিনি মন হইতে উহা দূর করিতে গিরা আপন মনে বলিয়া উঠিলেন "না না না – তাহা হইতে পারে না –ভগ-বভি-এ স্বপ্ন-" কল্যাণ অমনি গভীরম্বরে বলিনেন ''আডঃ। স্বপ্ন নহে।, আমানি সভাই মরিব।" দিলীপ চম-কিয়া উঠিলেন, মনের কথা মনেই নিশাইল, শেষ করিতে পারিবেন না। কল্যাণ यুলিলেন "আশ্চর্যা হইও না, আমি এই যুদ্ধে মরিব। ভূমি িতোরে যাও, যুদ্ধে থাকিও ন।। ষদি ছুই জনে যুদ্ধে মরি, ছবে পিতার উপায় কি ইইবে ? চিতোরেরই দশা বা কি হইবে ?" কিরণ শিংই প্রশার মনে कतिलान गुरक यनि आन विनष्टे इस, धरे ठिकारे वृकि आक ভবে কল্যাণকে এত বিচলিত করিয়াছে, তিনি আশ্চর্য্য इहेबा दिन तन "आश्रीन यिन छैश छारतन, छटा आश्रीन চিতোর গমন করুন। আমিই যুদ্ধে ধাইব, আমিই এইখানে থাকি। - কিন্তু আপনার আজ মৃত্যুত্য কেন

আনিতেছে ? আপনি যে বীরপুক্ব, আপনার ও চিত। কেন ?"

কল্যাণ। "না, আমি মৃত্যু তর করিতেছি না, মৃত্যু ইচছা করিতেছি।

কিরণ। 'কি! য্বরাজ কল্যাণ আজ মৃত্যু ইচ্ছা করিতেছেন ? যিনি পিতার মেহে পরম স্থী, বাঁহার নামে প্রজাগণ অফ্লাদে মত হয়, শোর্ঘ্যে বীর্ঘ্যে যিনি জগত প্রশংসনীয়, বাঁহার কিছুরই অভাব নাই, যিনি সকল স্থেই স্থী,
তাহার আজ জীবনে বৈরাগ্য উপস্থিত, ইহা কি আপনি
আমাকে বিধাস করিতে বলেন ? যুবরাজ! ও কথা বিনিয়া
ভার আমাকে ব্যথিত করিবেন না।'

কল্যাণ। "তোমার যদি আমার প্রতি একটুও ভালবাদা থাকে, তবে আর আমার বাঁচিবার সাধ করিও না, মরিলেই আমি স্থা ইইব। কিরণসিংহা আজ একজন পথের ভিধারীও আমা হইতে অধিক স্থা, কালও আমি স্থা ছিলাম, কালও ভূমি আমাকে স্থানী বলিতে পারিতে, কিছ আজ হইতে আমাকে আর কেহ স্থানী-বলিয়া সম্বোধন করিতে পারিবে না।" এই কথা বলিয়া কল্যাণ থামিলেন, অমনি ছই এক বিন্দু অঞ্চবারি ভূমে পড়িল, কঠে ভাহা সম্বরণ করিয়া আবার বলিলেন "ভূমি কি কাহাকেও কথন ভাল বাসিয়াছ ? বদি ভাল বাসিয়া কথন নিরাশ হইয়া থাক, ভাহা হইনে আমার কঠের কারণ বৃক্তি পারিবে; কিছ দেশী

चामार्थनी ककून, जाहा (राम मा इत्र ।" (महे रीत्रामक इंदेरफ ' अर्क शृद्धित ए थिश किंद्र(दे इन्द्र रयन प्रति इहेन, छिनि वृक्तित्वन, निखान्ड गजीत इंश ना इहेत्व कनार्गत अन्नभ তুর্বলতা প্রকাশ পাইত না। তিনি বলিলেন "আপনি ভাল वानिया कि थकारत नितान इहेरनन। महाताक एका जाश-নাকেই জামাত। করিবেন। তবে কি রাজকনা। আপনার यथार्थ व्यवस्थाती नर्शन १" कन्यान जनकरत वनितन "हैं।, দেই পাপীয়দীই আমার যথার্থ প্রণার্যী, ভাহাকে বিশ্বাদ-ঘাতিনী জানিয়াও আমি ভুলিতে পারিতেছি না।" দিলীপ আৰু ক্ষাবলিনেন 'কি। রাজকল্প বিধাস্ঘাতিনী ? ইহা আপনি কি প্রকারে সম্ভব জ্ঞান করিলেন ?" এই কথায় রাজপুৰুত্র শোণিত আবার উষ্ণ হইয়া উঠিল, বছকটে এত ক্ষণ কথঞ্চিৎ চিত্তকে শান্ত করিয়া আনিয়াছিলেন, তাহা আর দমভাবে রাখিতে পারিদেন ন। বলিয়া উঠিলেন 'হাঁ, হাঁ সেই পাপীয়দী—সেই বিশ্বাসঘাতিনী—সেই ছন্চারিণী— ना-थाक थाक, छान भूत इहेश काहात नाम उक्रातन ক্রিভেছি, তাহার নাম করিলেও মুখ কলক্কিউ হর, আর না, সে কথা আর তুলিও না। দিলীপ আশ্চর্যা হইলেন, কিছু ना विविद्या-अथि माक्न वाथिछ इहेरनम, किन्छ तालकनात नश्च कन्यांगरक चात किছू जिल्लामा कतिएक मारम कति-লেন না। নিভাভ কাতরচিত্তে কল্যাণকে মৃত্যুইচ্ছা হইতে निवच कतियात कता कानक वृताहरलन, किंद किहू- তেই কৃত্তকার্য্য হইতে পারিলেন না দেখিরা, অপভাগ দিনীপ তাঁহার ইচ্ছাছ্বায়ী কার্য্য করিতে সমত বইলেন।, দিলীপ বলিলেন তিবে আমি যুদ্ধের পূর্ব্বেই কিতার । যাত্রা করিব। কিন্তু আমাকে আপনার একটি অনুমতি দিতে হইবে। আমি কর্মো এগান হইতে কবিচল্লের উদ্ধার জন্ম বাইতে ইচ্ছা করি। তাঁহার উদ্ধারের পর তথন চিতোর বাইব।"

কল্যাণ। "ভাহাতে আমার কোন আপতি নাই। তুমি
বৃদ্ধের সময় এখানে না থাক, এই আমার প্রধান ইচ্ছা।
চপ্রপতির উদ্ধার জন্ম বাইলে ভো আর ভোনার মৃত্যুর স্জাবনা নাই, আর ভাহা হইলেই পিডা সুনী হইবেন। পিডা
স্থী হইবেন জানিলেই আমি স্থে মিংতে পারিব। ভবে
আমাদের এই জন্মশাধ সাক্ষাৎ, হইল १"

দিলীপ সম্বলনয়নে বলিলেন ('না, আৰু আপনি ও কথা বলিতে পারেন না। থবন হাইবি, তগন—" এই পর্যান্ত । বলিয়া দিলীপ আর কিছু বলিতে পারিলেন না। কটে অঞ্জ-মল নিবারণ করিয়া দেই গৃহ হইতে প্রস্থান করিলেন।

অপ্তাদশ পরিচ্ছেদ।

কল্যাণ-প্রমুখাৎ সেই দিনই সমরসিংহ তাঁহার অপহত वानक कित्रविश्रहत पूनः श्राखि मरवाम श्राख इहेलन। অনেক দিন পরে আজ সহনা তাহার দেই গন্তীর যোগীল মুখমওলে আনন্দ বিভাগিত হইল। তিনি কিরণকে তাঁহার সমুথে আনিভে আদেশ করিলেন। কম্পিত কলেবরে স্পানিত হাদয়ে তাঁহার আগমন প্রতীক্ষা করিতে লাগি-कन्ताव विनीभक नहेश आमितन। विनीभक দেখিয়া বিশায়ে সমরিসিংহের চক্ষের পলক পড়িল না স্থির-নেত্রে চাহিরা রহিলেন। ভিনি আত্মবিশ্বত ইইলেন, কগা · कृष्टिन मा, मीत्रदा, म्लानमारीमालाहाम প্রস্তুরপুত্র কার माह्र ে দাঁড়াইয়া রহিলেন। এ ভি । এই দিলীপ কি ভাঁহার কিরণ-সিংহ ? এই কি ভাঁহার সেই অপহত বালক 📍 সেই জনাই কি দিলীপকে প্রথম দেখিবামাত্র ভাঁহার কির্ণুভ্রু মনে পড়ি-য়াছিল ? সেই জনাই কি ভাহাকে দেখিয়া ভাঁহার দক্তানলেহ অন্মিয়াছিল ? এই স্কুর নেত্রঞ্জক যুবাপুরুষ কি সভাই ভাঁহার কিরণ ? ভাঁহার সেই ভিন বৎসরের শিশু কি এখন এত বড হইয়াছে ? সভা দভাই কি আবার ভাঁহার কিরণ তাঁহাকে পিতা বলিয়া সংঘাধন করিছে। তিনি কি আবার আশাভীত ফল পাইবেন ? দিলীপকে দেখিয়া এই প্রকার চিন্তাল্রোভ তাঁহার হৃদয়ে উচ্ছু সিভ হইতে লাগিল। তুর্গিকে নিস্তক দেখিয়া কিরণের এত দিনকার জীবনর্তান্ত কল্যীন ' আন্তে আন্তে ভাঁহাকে বলিতে আরম্ভ করিলেন। কি প্রকারে সন্ন্যানী নদীতীরে কিরণকে প্রাপ্ত হইয়া আপন সন্তান-রূপে পালন করিয়াভিলেন, প্রথমে ভাহা বলিলেন। ক্রমে দিলীপের সহিত সন্ন্যাদীর মৃত্যুকালের কথোপক্থন, ভাঁহার জলনিমপ্র পরিচ্ছদ বুভান্ত, যে স্বর্ণকবচে দিলীপের যথার্থ নাম কল্যাণ জ্বাত হইলেন, সেই স্বৰ্কবচের কথা, সকল विलित । नमत्रिश्टित धरे वात हमक छानिन । अछिनिन বে তঃথে তাঁহার হাদয় ভয় হইয়া ঘাইতেছিল, হঠাৎ আজ তাহা তিরোহিত হইল, দেই গঙাঁর রাজর্বিও আজ ক্ষণকালের নিমিত্ত হর্ষে ক্ষভিভূত হয়ুয়া পড়িলেন। মানব সদয়ের তুর্বলতা গোপন করিতে দক্ষম হইলেন না। তিনি र्श विश्वविद्य भूजक भानिक्रमे कतिलान, **डाँश**क চ্মন করিলেন, ক্রোড়ে ব্যাইলেন, মাননাশতে ভাঁহার কপোল ভাসিয়া গেল। ভাঁহার যে কভদুর আনন্দ হইল লেখনীর দারা ভাষা প্রকাশ করিতে আমাদের শক্তি নাই। ক্রমে সমর্সিংছ শান্ত হইলে নানা কথার পর কল্যাণ

কিরণসিংহকে (আমরা এখন এই নামেই আমাদের সেই পূর্বপরিচিত দিলীপকে উলেখ করিব) যুদ্ধের পূর্ব্বেই চিডোর পাঠাইবার প্রস্তাব করিবেন। তিনি বলিবেন

"क्रिन এখন उज्यक्ता अञ्चलिका करत नारे, डेशारक জুলুল ই যুদ্ধ হো রাখা উচিত নহে। উহাঁকে চিভোর (धातन कक्रमा कामता यति इहे करमेहे थहे पूरक मति, छाङा इहेल जाशिम जिल्हा मरमार्वकरा शाहरवम। জার চিভোরের রাজাই বা কে হইবে? কিন্তু কিরণকে চিতোর প্রেরণ করিলে আপনার মার সে ভয়ে ভীত হইতে इंडेर्ड ना।" এই कथा भगतिश्रहत मन नाभिन। এउ কট্টের পর কিরণকে পাইয়াই আবার যদি যুদ্ধে হারান, কিরণ निःशानां विश्व हिष्णादात स्थनष्ठमण वर्षन कृतिर्व, ভাঁহার হৃদয়ে এই যে গুচ্ডর আশা ভাহাও যদি আবার উন্দিত হয়, এই ভাবিয়া সভা সভাই তিনি চিঙ্কিত হই-লেন। ভিনিও কল্যাণের সহিত একমত ইইলেন। কিরণকে শীভা চিতোর প্রেরণ করাই দ্বির ইইল। কিরণসিংহ চিতোর যাইবার পূর্মে চল্রপতির উদ্ধার শাধন করিতে সমর্সিংধের অনুমতি প্রার্থনা করিলেন। কল্যাণ বুঝাইয়া বলায় ন্যর্সিংহ তাহাতে আপত্তি করিলেন মাণ কিরণ-সি:হ চন্দ্রপতির উদ্ধার নিমিত ঘাইতে অনুমতি পাইলেন।

কিরণ বিলি আসিয়া অবধি এত কাজকর্মে লিপ্ত থাকি-রাও শৈলবালাকে তুলিতে পারেন নাই। কবে বৃদ্ধু শেষ হইবে, কবে তিনি আজমীরে শৈলবালার উদ্দেশে গমন করিবেন, এই চিন্তা সর্বদাই তাঁহাকে চিন্তিত করিত। সক-লেরই দিন কাটিয়া যাইত, তাঁহার দিন আর ভ্রাইত না।

শৈল্যালার কথা মনে করিতে তাঁহার কভ কথা মনে আসিত। প্রথমে যথন শৈলবালা তাছাদের কুটারে 🛒 ছিল তথন তাঁহার বরস চারি বংসর। তথনকার ভাহার দেই বালাভাব, ভাষার সেই আব আব মধুর সর মনে পড়িত, ডখন তাঁহারা চুই হনে কছ প্রকার শৈশব ক্রীড়া করিতেন, তাহা মনে পড়িত। শৈলবালা ব্যন কোন কারণ বশতঃ কাঁদিত, তিনি ভাহাকে কি প্রকারে ভুলাইছেন, ছাহা মনে পড়িত। অন্য কিছুতে না খামিলে তিনিও কাঁদিতেন, ভখন দে বলিভ 'না, আর আমি কাঁদিব না, ভূমি চুপ্ কর।" শৈলবালা শান্ত হইলে তাঁহারা ছলনে পর্বতে পর্বতে বেড়াইভেন, ভাহাকে কভ মন্দির দেখাইভেন: সে অধিক চলিতে পারিত না, আভ হইলে তাহাকে কোলে করিয়া কুটীরে ফিরিয়া আসিতেন। একঃদিন একটা হরিব ভাড়া করায় শৈলবালা কেমন ভীত ইইয়াছিল, কিরণ তাগ प्रिया रेगनवानारक धकाकी किनिया त्रहे इतिपीरक শাস্তি দিবার নিমিত তাহার অনুসরণ করিলেন। শাস্তি দিয়া ফিরিয়া আসিয়া দেখিলেন সেথানে শৈলবালা নাই। শৈল-বালা ক্রীড়াচ্ছলে কোথাও লুকাইয়া আছে, এই ভাবিয়া कित्र डांशत की पात शानामि कर आसमा कतिलन, কোখাও শৈলবালা নাই। তিনি উচ্চৈ: স্বরে ডাকিতে লাগি-লেন, ভাঁহার স্বরে পর্বত প্রতিধ্বনিত হইতে লাগিল, দিনীপ लाख इहेबा अकी मिन्द्र मध्या अदिन कतिर्वन। कि

चाक्त श्रुं । तिथितान, शक्त वर्षीया रेगनवाना मिने बहिन **ट्राइन्डिक** अक गत्न जाकिए एहं। कितन जाशांक स्मित्रा वनित्नन "अ कि रेननवाना ! जुमि अथाता ! आह जामारक এডकन এড कहे मिल।" कित्र (अत्र खत छनिया वानिका চম্কিয়া কাঁদিতে কাদিতে ভাঁহার গলদেশ ধরিয়া কভ আদর করিল। তাঁহাকে দেখিয়া কত আহলাদ প্রকাশ করিল। পাছে ভাঁহাকে সেই বিকটশুক হরিণ আঘাত করে এই ভরে দে ভীত হইয়াছিল। দে বলিল ''আমি গুনিয়াছি महालियक विलित कान विश्व घरि ना, छाटे महालिवत নিকট বলিতে আদিয়াছিলাম।" আবার যথন শৈলবাল। আর একটু বড় হইল, তিনি তাহাকে পুস্পাভরণে দক্ষিত করিল ভাহার পানে চাহিয়া দেখিতেন, ভাহাও মনে পড়িত। বালকোলের প্রা⁄ভাক ঘটনা ভাঁহার মন•চকুর নিকট নুত্য করিত। তিনি আহলাদে অজ্ঞান হইতেন। সেই সকল কথা মনে করিতে ⁽করিতে তাঁহার মনে হইত, তিনি যেন সেই তথনকার দিলীপ হইয়া শৈলবালার দাঁকত থেলা করিতেছেন, তিনি যেন তথনি তাহাকে ফুল দিয়া সাজাই-ভেছেন, আহা, কেমন মনোহর দেখিতে হইয়াছে, তিনি মনে মনে সেই বনদেখীর রূপে মোহিত হইয়া একদৃত্তে চাহিয়া चार्छन-कोर भार जातिया याहेड, - रेमनवाना काथाय ! ভিনি একেলা বসিয়া আছেন। শৈলবালা এখানে নাই. আজমীরে আছে, কিন্তা যদি অবিবাহিতাই থাকে, ভাঁহাকে

কি মনে আছে 🕈 রাজবংশীয়া শৈলবালার কি অজ্ঞাত কুরুশীল দিলীপকে এখন মনে থাকিবে? অট্টালিকাবাদিনী শৈহাঁ এখন কি সেই কৃটীরবাসী দিলীপকে বিবাহ করিতে চাহিবে ? তবে তাঁহার এ ছরাশা কৈন ? তিনি আজ্মীর হইতে মন ফিরাইতে পারেন না কেন ? বাল্যকালের কথা শ্বরণ করিতে যেমন আহলাদ হইত, এই সকল কথা মনে করিয়া তেমনি বিমর্থ হইতেন। আজ আপনার পরিচয় জ্ঞাত হইয়া দে চিস্থা কতকটা যেন শ্মিত হইল। মনে যেন একটু আশা হইল। মনে করিলেন "यि শৈলবালার বিবাহ না ইইয়া থাকে, ভবে আমার পরিচয় জানিলে ভাহার আর অমডের কোন कांत्रण नाहे। आंत्र यनि विवाह इहेबा शांक, छद, आणा। তুমি আর আমার হৃদয়কে অধিকার করিতে পারিকে না এই শেষ সাক্ষাৎ। স্থব ! ভূমি কথ ন্ ভোমার অমৃত ক্রোড়ে মামাকে আশ্র দিতে পারিবে না, এই শেষ বিদায়।" শৈল-বালা বিবাহিত কি অবিবাহিত জানিতে কিরণের মন অভির ংইতে লাগিল, ভাহার বিবাহের উপরই ভাঁহার সকল স্থথ-ংথ নির্ভর করিতেছিল। কিন্তু ভাঁহার স্থাথের জন্ম ভিনি দর্ভবাকর্ম ভাগে করিয়া অথে সেখানে যাওয়া উচিত বোধ চরিকেন না। অংগ্রেচজাপতির উদ্ধার জন্য যাওয়া ভাঁহার টিভ ৰোধ হটল। চন্দ্রপতিকে উদ্ধার করিয়া চিভোর গম-নর পূর্বে ডিনি আক্ষমীর ঘাইবেন এই ছির করিলেন। পৃথীরাজ প্রভৃতি সকলে সেই দিনই কিরণসিংহকৈ পুনঃ-

প্রাপ্ত হওরা সংবাদ কাভ হইলেন। ক্রমে ভাষা বহরম। ক্রেনা হইল।

উনবিংশ পরিচেছদ

ুপুথীরাজ রাজবাটীর একটা প্রকোষ্ঠের জানালার সমূহে দাঁড়াইয়া কি ভাবিভেছেন, মুথকাস্তি অভি মলিন, নান ত্তাবনার হৃদয় পরিপূর্ণ, ভিনি চিন্তাকে মন হইতে ভাড়া ইতে চেষ্টা করিতেছেন, কুডকার্যা হইতে পারিতেছেন ন বলিয়া বিরক্ত হইয়া বাতায়ন হইছে স্রিয়া গেলেন কিছু পরে মন্ত্রীকে স্টেখানে ডাকিয়া পাঠটিলেন। মন্ত্রী অসিলে রাজা বলিলেন "যুদ্ধের কিছু পূর্ব্ব হইতে স্থানেখ আমাদের গমন করা উচিত, আর এক সপ্তাহ মধ্যে আচি সসৈন্তে সেইথানে বাইতে ইচ্ছা করি। বিশিষ সংস্থাপ করিছে দেখানে তুমি লোক প্রেরণ করণ লেখানে গিয় বুদ্ধের নিমিত্ত সামরা প্রস্তুত হইয়া থাকিব। পীড়িড কল্পাকে নইয়া মহিবীও আমার সহিত গমন করিবেন। উবাবতী পীড়িত বলিয়া পৃথীরাজ এই যুদ্ধের সমরে তাঁহা দিগকৈ স্থানেশবে দইরা ঘটিতে প্রথমে মনিচ্ছা প্রকা করিয়াছি'লন; কিন্তু পরে মহিনীর কাছরোভিছক কাছাবে নগভাগ সম্বভ হইতে হইরাছিক। মহিনী ব্রিলেন কর্মার্টনিমিত একে তিনি এখন অত্যন্ত অহথী আহেন, এই সমরে মহারাজ তাঁহাদিগকে এইখানে রাধিরা গেলে, মহারাজের অমলল ভাবনার তাঁহার হদম আরো ব্যবিত হইবে, মহারাজের সঙ্গে পারিবে তব্ একটুক্ নিশ্ভিত থাকিতে পারিবেন। শিবিকা ধরিয়া ধীরে বীরে নইরা গেলে উদাবতীরও বিশেষহানি হইবার সন্তাবনা নাই, বরং ভান-পরিবর্তনে তাঁহার উপকারও হইতে পারে। মহিনী এইরেপ বলাতেই পৃথীরাজ অবশেষে সম্বভ হইরাছিলেন।

পৃথীরাজ আবার বলিবেন "চল্রপতির উদ্ধার জন্ত কি উপার করিলে ? ভোমরা তাঁহার জন্ত আমাকে চিক্তা করিতে নিবেধ করিয়াছিলে, এতদিন সেই জন্ত 'দেখিলাম ; কিছু এখন ও ঘণনা ভাহার কোন সংবাদ নাই, তখন নিশ্চরই তিনি বলী ইইরাছেন । শীত্র তাঁহার উদ্ধার জন্য এখন একটা উপার হির কর । এবার চতুর্দিকে অমলনের লক্ষণ, উবাবতী পীড়িত, তাহার বাঁচিবার আশা নাই, সেনাপতি অখিলসিংহ শ্যাশারী, চল্রপতির দেখা নাই, তিনি বাঁচিলেন কি মরিলেন, তাহারই বা নিশ্চর কি ? এবার মৃদ্ধে সকলেই নিরুৎশাহী। উবাবতী পীড়িত হওয়াতে কাহারও মনে স্থা নাই। আমি বলি এখন সমর কিছু ভগ্নোৎসাহ হই, তবে কি হইবে ? মনে অন্তর্গ বাকিলেও প্রকাশ করা উচিত নহে। আমারা ক্রির, নিস্তেজ্বা আমারের পাশ, শোক্তাপে ব্যাকুল

, ¿6c.

হওয়া আমাদের অকর্ত্তব্য। তুনি সৈতাগণকে একত্তে সমা বেশু করাও, আমি এখনি দৈল্পসজ্জা দেখিতে ঘাইব।" পৃথী-वीं एकत आका स्यामी कार्या कतिए मधी हिनमा (शतन। এ দিকে কিরণিবিংহ চন্দ্রপতির উদ্ধারের ভার স্বয়ং অহণ করিয়া সকলের নিকট বিদায় গ্রহণ করতঃ সেই দিনই দিল্লী ভাগে করিলেন। কল্যাণ ভ্রাতাকে বিদায় দিয়া তাঁহার মৃত্যুর পক্ষে আর কোন প্রতিবন্ধক আছে কি না ভাবিতে লাগিলেন। পিতার জন্ম এবং চিতো-্রের অন্ত মে গুরুতর ভাবনা ছিল কিরণকে চিতোরে প্রেরণ করিয়া দে চিন্তা হইতে তিনি এখন নিজ্তি পাইলেন। কিছ আর একটি চিতা তাহার মনে উদয় হইব। তিনি शामान क विवाहितन "ताककला विषय अस्तानी, এইরপ প্রমাণ বিতে পারিলে তিনি গোলাপের উপকার করিবেন। বে ভো ভাহা প্রমাণ করিয়াছে, এখন ভিনি কি প্রকারে ভাছার উপকার করিবেন ? একবার বাক্যদান করিয়াছেন, তাহা পালন না করিলে ক্টিপ্রেই অযোগ্য कार्या कता इहेरत । क्विता-मूधिनर्गछ वाकः मिथा। इहेरत, ইছা তিনি কি প্রকারে সহ্য করিবেন ? কিন্তু কি প্রকারেই বা ভাহার উপকার করিবেন ? বিজয়ের সহিত গোলাপের যদি বিবাহ দিতে পারেন, ভাষা হইলে ভাষার যথার্থ উপকার করা হয়। কিন্তু বিজয় ভাহার প্রতি অনুরাগী নহে, ভাহাকে বিবাহ করিবে কেন ? আর যদিই বা করিতে চায়, তিনি

छाश कि श्रकारत मिर्द्य । विषयुक मन लाक मान कतिया কল্যাণ ভাহাকে অভিশয় স্থণা করিতেন, বিষয়ই চাভুরী পূর্বক রাজকভাকে হন্দরিতা করিয়াছে এই মর্নে করিরী ভাষার উপর অত্যন্ত কুদ্ধ হইয়াছিলেন। বাহাকে মন্দ লোক वित्रा जात्रत, याशांक गक्छान करतेन, याशांक गांखि দিবার ইচ্ছা করিভেছেন, ভাহাকে ভিনি গোলাপের সহিত কি প্রকারে বিবাহ দিবেন ? বিষয়ের সহিত কোন কারণে একদিনের জনাও মিতভাবে একত্র হওয়া তাঁহার পক্ষে অপ-মান বলিয়া বোধ হইতে লাগিল। গোলাপের উপকার করি-বার'কোন উপার না পাইয়া তিনি অতিশয় চিভিত হইলেন। এই সময় গোলাপ কাঁদিতে কাঁদিতে তাঁহার নিকট উপত্তিত হটল। রাজকভার মুমুর্ অবস্থা দেপিয়া, আপনাকে ভাহার কারণ ভাবিয়া গোলাপ মনে মনে অভিশয় যাতনা পাইতে-ছিল। সে নিজে ভাষার হত্যাকারী এই কথা ভাবিয়া ভাহার হৃদয় বিদীর্ণ হইতেছিল ৷ রাজকন্তাকে দকল খুলিয়া বলিলে কিছু যাত্নার লাঘব হয়, কিছু তিনি ত অজ্ঞান, তাহা কি প্রকারে হইবে

ভাগভাগ কল্যাণের নিকট দোর স্বীকার করিবে স্থির করিয়া গোলাপ অদ্য এইথানে আগমন করিল। এখানে আদিয়া, কল্যাণের পদগ্রহণ করিয়া বলিল "আমি ষাহা করিয়াছি তাহার জন্ত আমার অপরাধ মার্জনা করুন।" া রাজপুত্র হঠাৎ গোলাপের মুথে এইকথা ভনিরা বিশ্বরে বলি-লেন "তুমি আমার কি করিয়াছ ?

গোলাপ। "আমি কি করিয়াছি ? আমি মিগা বলিয়া চির কবলের অন্য আপনাদিগের স্থপ হরণ করিয়াছি। স্থিতির বলিলেন 'তুমি আমার স্থপ হরণ করিলে বলিয়া আজ কমা চাহিতেছ, কিন্তু তাহাতে আমি তোমার প্রতি অসন্ত ই নহি। আমি অমৃতভ্রমে বিব থাইতে যাইতেছিলাম, তুমি ভাহা দেখাইয়া দিলে। যদিও ভাহা অমৃত হইল না বলিয়া আমি নিরাশ-শাগরে ভাসিলাম, তথাপি বিবপান হইতে নিছতি পাইলাম বলিয়া আমি ভোমাকে ধতবাদ দিতেছি। ভোমাকে আর কমা করিব কি, বরং ভোমার কথার প্রথমে বিবাস করি নাই বলিয়া আমিই কমার প্রার্থী।"

গোলাপ। শ্জাপনি এখন আর আমার কথার অবিবাদ করিরা আমার দক্ষ হৃদরে যাতনা দিবেন না। বথার্থই
আমি দোবী, আমি আত্মহথের জনাই এ প্রকার জঘন্ত
কার্য্য করিতে প্রবৃত্ত হইয়াছিলাম। যে স্থাপর জন্য এই কার্য্য
করিলাম, দে স্থা এখন কোথার ? বাতনার হৃদর পুড়িয়া
উইতেছে। আমি রেমন আপনাকে চিরকালের ক্ষক্ত অস্থা
করিলাম, আমিও দেই সঙ্গে আর কথন ও ইমী হইডে
পারিব না।" এই বলিয়া কি জন্ত বে দে ঐ প্রকার কার্য্যে
প্রবৃদ্ধ হইয়াছিল, আলোপান্ত সকলি বলিল। এই সকল
বৃত্তান্ত ভালিয়া কল্যাণ বিচলিত হইলোন, কিন্তু সম্পূর্ণ বিশ্বাদ
করিতে পারিলেন না। ইহার পূর্ণের বে বিশ্বাদ হৃদরে এত ধ্র
দুচ্মূল ইইয়াছে, যে বিশ্বাদ এত দ্র কট্রের কারণ হইয়াছে

य, প্রভাক মুহূর্তে জীবন অসহা করিয়া ভূলিভেছে, সেই বিশ্বাস পোলাপের এখনকার কথার সহসা কি প্রকারে দূরী-ভূত হইবে ? ভিনি বলিলেন 'গোলাপ ! আমি বালক নহিৱ. তুমি যাহার দারা শিক্ষিত হইয়া আজ এই রূপ বলিভেছ, তাহা আমি ব্ৰিয়াছি-বুখা-কেন-আৰ-" গোলাপ কাতর চিত্তে বলিয়া উঠিল, "যুবরাজ! ক্ষমা করুন, ও বিশাস मन श्टेट पृत करून। ताककचा देशत किंचूरे बार्सन मा, তিনি সম্পূর্ণ নির্দোষ। যদি আমার কথার আপনি বিশ্বাস মা করেন, আর তা কেনই বা করিবেন—কি করিয়াই বা আবার এই পাণীয়দীর মুখ-নির্গত বাক্যে বিশ্বাদ করিতে বলিব,-না – যুবরাজ ! আমার কথায় আর বিশ্বাস করিতে বলিভেছি ना,-- এই পত अनिन मिथून, देश रहेरा मकन वृत्रिष्ठ পারিবেন।" এই বলির। যুবরাজের হত্তে গোলাপ কর্তক-ভলি পত্র প্রদান করিল, দে ভলি বিকরের; বিজয় ভাহা গোলাপকে লিথিয়াছিলেন। কল্যাণ একখানা পড়িলেন।-

"প্ৰাণাধিকা গোলাপ!

ভনিভেছি আজ যুবরাজ কল্যাণ রাজকল্পার নিকট যাইবেন। যদি সভাই গমন করেন, তুমি জামাকে বলিয়া পাঠাইও, ও গুপ্তার খুলিয়া রাখিও, আমিও দেখানে এক বার বাইব। আমাকে রাজকল্পার গৃছে না দেখিলে যুব-রাজের মনে অন্ত কোন প্রকারে সংক্ষেদ্ধান্তিবে না।

গোলাপ! আমি আশাপ্ণার নিকট প্রার্থনা করিছেছি,

ভূমিও প্রার্থনা কর দেন ভিনি আমাদের এই মনোরথ পূর্ণ করেন। এইবার বেন রাজপুতের হৃদয়ে অনল জ্বলিয়া
্রিটের, আন হইতে হেন তাঁহাদের চির বিচ্ছেদ উপস্থিত হয়,
রাজকন্তা হেমন আমাকে প্রণয়ে নিরাশ করিয়াছেন, আজ
হইতে ভিনিও যেন তাঁহার প্রণয়ে নিরাশ হন। যাহাকে ভাল বাদিয়াছেন, সে যেন জয়ে তাঁহার ম্থ দর্শন করিতে
না চায়। ভাহা হইলেই, গোলাপ, আমার প্রভিজ্ঞা পূর্ণ
হইবে, আর ভোমাকে লাভ করিয়া স্থী হইতে পারিব।
ভোমারি চরণাশ্রিভ বিজয়সিংহ।"

কল্যাণ যতগুলি পতা পড়িলেন, সকলি এই মর্ম্মের।
পড়িতে পড়িতে তাঁহার শরীর রোমাঞ্চিত হইল, বিজয়ের
ধ্র্ততা বৃশিতে পারিলেন। কিন্তু তথাপি এত যাতনার পর
এই স্থক্ষনক কথা বিশ্বাস করিতে তাঁহার ভরসা হইল না।
সকলি তাঁহার স্থা বলিয়া বোধ হইতে লাগিল। তাঁহার
দেহে শোণিত খেন স্থল হইয়া গেল, তিনি জীবস্ত কি মৃত
শাপনিই বৃকিতে জক্ষম হইলেন।

গোলাপ বলিল—"যুবরাজ!" কল্যাণ ক্রমনী চমকিয়া উঠিলেন, তাঁহার ভাবনা ভক্ত হইল, তিনি ভাবিভেছিলেন— "তাহা কি হইবে ? সভাই কি উবাবতী নির্দোব ? তবে কি আমিই রাজবালার নিকট অপরাধী ? আমার উবাকে ভবে কি আবালু আমার বলিভে পারিব ?" তিনি হর্ষ-কম্পিডখরে বলিলেন "গোলাপ! সভাই কি দেবভারা

1209

আমার প্রতি প্রসন্ত সভাই কি আমার উবা নির্দেষ্টি ? কিলা এ বর দেখিডেছি ?'

গোলাপ। "ব্ৰরাজ! নদেহ দূর করুন, আর আমিনী আপনার যমণ। চকে দেখিতে পারি না।"

ব্বরাজ এবার সহর্ষে বলিলেন ''ভবে বিনা দোৰে জবিধান করিয়াছি বলিয়া আমিই উবার নিকট দোষী। আমি
এখনি গিয়া ভাঁহার পাদপদ্ধ গ্রহণ করিয়া ক্ষমা প্রার্থনা
করিব, তিনি বেরূপ কোমল-প্রকৃতি অবশ্য আমাকে ক্ষমা
ক্রিবেন। তুমি অপরাধ করিয়াছ বটে, কিন্তু আজ-নোষ
স্বীকার করিয়া ভাহার প্রায়ক্তিত করিলে, আমি ভোমাকে
ক্ষমা করিলাম। ইতি পূর্বে একবার ভে'মার কথায় বেমন
কর্ষ্ট পাইয়াছিলাম আজ তেমনি স্থবী ইইলাম।''

গোলাপ দীর্ঘ নিষাস ফেলিয়া বলিল "আপনার ক্ষার ভাবে বােশ হইডেছে রাজকন্তা বে পীড়িত তাহা আপনি জানেন না, কাল আপনি তাঁহার নিকট হইডে আসা অববি তিনি অচৈতন্তাবছার আছেন। আপনি তাঁহার নিকট অপরাধ স্বীকার করিয়া তাঁহাকে স্থী করিতে পারিবেন না। ভগ্রহ্বরেই হয় ভা ভিনি বর্গারোহণ করিবেন। হার ! আপনারা বিল প্নরায় স্থী হইডে পারিখেন, ভাহা হইছে অধনা আনার স্থের আশা থাকিত।" গভ কলা কলাাণ্ আসিবার পরে যাহা যাহা হইগাছিল, গোলীরা তথন সকল বিলা। রাজকন্তার লাংঘাতিক পীড়ার বার্ডা বলিলে কল্যান

অভিশর কট পাইবেন, এই ভরে পৃথীরাজ, সমরসিংহ, কিরণ, সকলেই কল্যাণের নিকট ভাহা গোপন রাধিরাছিক্রিণ, সকলেই কল্যাণের নিকট ভাহা গোপন রাধিরাছিক্রিণ, গোলাপ বলিবার অত্যে সেই জন্ম কল্যাণ ভাহা শুনিতে পান নাই। বলিতে বলিতে কটে গোলাপের মুখভিদি বিকৃত হইল, চক্ষু বিক্যারিত ও ক্র কৃষ্ণিত হইল, সে ক্ষিপ্তপ্রার্থ ইইয়া উঠিল। আচপ্র্কিক শেষ হইলে বলিল "রাজকুমারী হয় ভো আর বাঁচিবেন না—হায়, হায় ! আর তাঁহার হস্তারক কে ?" বক্ষে করাঘাত করিয়া বলিল "এই পাপীয়দী।" এই বলিয়াই সে ক্রভবেগে প্রস্থান করিল।
রাজপুত্র বজ্লাহত হইয়া বলিয়া পড়িলেন।

বিংশ পরিচ্ছেদ।

এদিকে তুর্গ, ওদিকে দিল্লীর রাজপ্রাসাদ, সমুথে বিস্তীর্ণ প্রান্তর, প্রান্তসীমার অভ্যতদী আয়স ওক্ত ভবাই, একত্রিত অসংখ্য সৈন্যদের আজ ভরসা প্রদান করিতেছে। সহস্র সহস্র অভিয়নেন্য স্তন্ধ, গভীর এবং উৎস্তৃকভাবে সেই বিশাল প্রান্তর পূর্ণ করিয়া শাড়াইয়া আছে। রাজপুত রীতি অহসারে যুদ্ধযাত্রার পূর্বে দেবী আশা-পূর্ণার পূজা সমাপন করিয়া আফ্রিনার জন্য অবিয়া আফ্রিনার জন্য অবিয়া আফ্রিনার জন্য অবিয়া করিতেছে। পূজার চিহুদ্ধরণ সকলের কঠে

জ্বাছুলের দীর্ঘ মালা লম্বিড এবং কপালে রক্তচন্দনের ত্রিপুণ্ড শোভা পাইতেছে। আজ সহস্র সহস্র তরবারি উন্মুক্ত, এবং দহল্র দংল্র শাণিত তীর রক্তপান করিবার জন্ম লালা রিত। বোদ্ধাদিগের শিরস্তাণে, লৌহবর্দ্ধে, বর্বার অগ্রভাগে, ও কোবোৰুক্ত কুপাণে, তরুণ সূর্য্যের প্রশাস্ত রশ্মি প্রতি-क्रमिछ इहेग्रा विख्: मिछ इहेर्डिह । अमीम श्रास्त्र, ख्यांनक স্থির, ভয়ানক গভীর, দেখিলেই রক্ত রাশি যেন স্তব্ধ ইইয়া যার, শরীর যেন রোমাঞ্চিত হইয়া উঠে, মাঝে মাঝে অব্সণ মাত্র ভির থাকিতে না পারিয়া অভিরভাবে থুর দারা পৃথিবী ধনন করিভেছে, ও হ্রেষাপানিতে নিস্তক্তার গৌরব বুদ্দি করিতেছে। প্রান্তরের সেই গন্তীর ভাব দেখিলে প্রচত विकात शृक्तनकान वित्रा भरत इत्र, रेंग्न मूह्राईत मरधाडे দেই কটিকা প্রবাহিত হইয়া পৃথিবীকে রসাতলে দিবে, প্রচণ্ড পর্বতশুক্ষ যেন পতনোক্ষ্য 'ইইয়া রহিয়াছে, এথনি প্রচ্যত হইয়া ভুমুল কাণ্ড বাধাইবে।

চারি শ্রেণীতে সৈত স্থাপিত হইরাছে, প্রথম ও বিভীর শ্রেণীতে ১৮০০০ করিয়া সৈতা, এই স্থই দল পৃথীরাজের ও সমরসিংহের অধীনে, ভৃতীর শ্রেণীতে ১২০০০, ভাষা কল্যাণের অধীনে, চতুর্থ শ্রেণীতে ১০০০০, ইহার সেনানারক বিজ্ঞানিংহ। প্রভাক শ্রেণী আবার ছই দলে বিভক্ত, অখা-রোহী ও পদাভিক। অধারোহী সৈত্তের পূর্তে ঢাল, হত্তে বর্বা ও কটবদ্ধে কুপাণ লখিত রহিরাছে। পদাভিক সৈতা আবার इहे धकारततः, इहे मालतहे किएंछ कुभाग किछ अक मालत হক্তে বর্ষা, অপর দলের হল্তে ধহুর্কাণ। এই রূপে দৈছগ্র निक्कि ও বিভক্ত হইয়া প্রান্তরে দাঁড়াইয়া আছে, মাঠের ष्म श्री श्री क्यार करी, छेट्टे, वनन, निविका, नकरे,थाना-দ্রবা ও অন্তপূর্ণ শকটব্রেণী, ও তাহার আয়ুসলিক রক্ষক দল, কামান ও কামানের গোলার শক্ট, সজ্জিত রহিয়াছে। রাজধানীতে অরই লোক আছে, প্রায় সমস্ত নগরবাসী প্রান্ত-রের চতুম্পার্থে জনভা করিয়া রহিয়াছে, অবশিষ্ট লোকেরা কেই মট্টালিকার উপরে, কেই যমুনাস্তত্তে, কেই রাজপ্রাসাদ-শিরে, একজিভ ইইয়া দৈলদমাপম দেখিতেছে। সহসা ছোটকের ফ্রতপদ-নিক্ষেপ শ্রুত হইল, দহদ। জনত। ভিন্ন इहेंबा रशन. महना ''क्ब भूथीता (क्ब क्ब", ''क्ब ममतिंगरहत অর' ধানি চতুস্পার্থের লোকদিসের মধ্যে সমুধিত ইইল, দেখান হইতে রাজপ্রাসাদ শিখরে, এবং রাজপ্রাসাদ শিখর হইতে যমুনা-স্তম্ভে, যমুনা-স্তম্ভ হইতে নভোমণ্ডল, নভো-মণ্ডল হটতে দিগন্ত আলোড়িত করিয়া ভাষা আভিধানিত হইতে লাগিল। এই জয়ধানির মধ্য হইতে তারি জন বর্মা-বুত অখারেছী দেনাপতি পূর্ণবেশে আসিয়া সহসা চারি শেষীর শৃষ্ধে চারি জন শাড়াইলেন, রণবাদ্য বাজিয়া উঠিল. দৈল্পের অথদের নগর-বাদীদের হৃদয় নাচিয়া উঠিল, উৎ-সাহতরজে যেন সমস্ত প্রান্তর উচ্ছ সিত হইতে লাগিল।

मशास्त्रभीत राष्ट्रस्य व से स्थातिको लामाशिक विद्यान

ইয়া আছেন, ভাঁহার মন্তকে হীরকমণ্ডিড উফীয়, কর্ণে मुक्तामत्र प्रवर्ग कृष्टल, जुजबार वीत बलत्र, धवर नमन्त्र नातीत লৌহ বর্ষে আরভ রহিয়াছে। ভাঁহার পূর্চে চাল ও শরপূর্ব তৃণ, কটিতে শাণিত কুপাণ, এক হস্তে বর্ধা অপর হস্তে অশ্ব-तक्कू, (मशिलाके मान क्या राम क्यांत कार्षितक्य आंक অস্থর-সমরে বীরবেশ ধারণ করিয়াছেন, তাঁহার নিবিড় কুষ্ণবর্ণ ক্রযুগলের নিম্বন্থিত নেত্রদ্বর ইইতে অগ্রিষ্ট্রিক বিক্ষারিত হইতেছে, তাঁহার জলম্ভ মুখল্রীতে মধ্যায় কর্যোর ন্তায় বীরদর্প প্রদীপ্ত হইতেছে, তিনি এক একবার এক এক নৈন্ত শ্রেণীর প্রতি দৃষ্টি নিক্ষেপ করিভেছেন, এবং এক এক কটাক্ষে তাহাদের মধ্যে উৎসাহ-অনল প্রজ্ঞলিত কৰিয়া দিতেছেন। তাঁহার অধ পর্যন্তও আরোধীর আঙ্রিক উৎসাহ অন্নভর করিয়া অন্থির ভাবে বল্গার অধীনতা অতিক্রম করিতে চেষ্টা করিতেছে,—এই যোদ পুরুষই পৃথীরাজ। তাঁহার পীড়িতা কস্তার জন্ত এখন তাঁহার শার সে শোক ভাব নাই, এখন যবনবিজয়ের জন্ম একমাত্র শৌর্যা ভাবই छ। शास्त्र पृष्टे इटेरछ हে। भृथीता प्रत पिक्न पिरक ঐ সমরসিংহ, ভাঁহার উন্নত ললাট চিস্তারেখান্তি দুঁ তাঁহার দৃষ্টি ছির অথচ হৃদয়ভেদী, এ দৃষ্টি প্রত্যেক মহবে।র অন্তর-তম দেশ পর্যান্তও ষেন উদ্ঘাটিভ করিয়া ফেলে, হৃদয় 🖦 ভি-ভূড করিয়া দেয়, তাঁহার প্রত্যেক কটাক্ষে যেন এক একটী **बराक बारिंग क्षात्र इटेएडाई बदः रा क्रांक्त्र बर्गान**

মোহিনী শক্তি যে সকলকেই তাহার আদেশের অধীন করিয়া ফেলে। জাঁহার রণবেশ অভি সামান্স, শিরে শির-है खान. सिंह वर्षाद्रक, किन्न करने कुछन भारे, जुलहार बीवरनवर নাই, কেবল এক হত্তে একখানি শাণিত কুপ'ণ বিচাতের সায় বলসিত হইডেছে এবং অপর হস্তে তিনি চাল ও অর্থ রজ্জু ধারণ করিয়া আছেন। ভাঁহার ঈবৎপক বিশাল শাশ বায়ুতে হিল্লোলিত হইতেছে, এবং স্থুণীর্ঘ জটাজাল শিরস্তাণ ছাড়াইরা তাঁহার স্কল্পেশ আবৃত করিয়াছে। যোগীভাব এবং বীবভাব মিশ্রিত হওয়াতে ভাঁহার মুখমণ্ডল হইতে একটা প্রশাস্ত প্রভা বিকীর্ণ চ্ছাতেছে, যেন ব্রন্তেজ ও ক্রতেজ একতা মিলিত হইয়াছে। তাঁগার মহান ও গঞ্জীর, দুঢ় ও আইল ভাব দেখিলে ভাঁছাকে দেব ছিমালর বলিয়া মনে হয়। পৃথীরাজের বামপার্বে ব্বরাজ কল্যাণ পৃথীরাজের ভার রণ-ৰজ্ঞায় ৰজিভ ছইয়া শৃত্ত*দৃষ্টি*তে আপন অধীনস্ত দৈত শ্রেণীর উপর দৃষ্টিপান্ত করিতেছেন। ভাঁহার মুখের ভাব মুহুর্ত্তে মুহুর্ত্তে পরিবর্ত্তিত হইতেছে। প্রদীপ্ত ক্ষমানে আচ্ডি প্রান করিলে যেমন ভাষা ক্ষণকালের আন্ত নির্বাণপ্রায় হইরা আবার দিওপতর প্রভাবে অলিতে থাকে, তিনিও **त्रहेंब्र** कथन विशास मिलन, जावात शतकार वे बैहतरात মামলা প্রতিমারণে প্রদীপ্ত হইতেছেন। ভাঁহার নিবিছ অন্ধকারময় কেশ্বাল ক্ষদেশ পর্যন্ত লখিত ইইয়া রহি রাছে, ভাহাতে ভাঁহার মুখের উভর ভাবেরই পরিমা বর্তিত

ইভেছে। চতুর্থ শ্রেণীর নৈভাষ্যক্ষ বিজয়সিংছ। এমন
চহ ক্রেদশী আছে যে দে এখন তাঁহার হৃদয়দার উদ্যাভ করিয়া তাঁহার ক্ষরেরের ল্কারিড ভাব বুলিডে সমর্থ
য় ? তাঁহার ঐ ষে অল্কারময় জ্রক্টী, ঐ যে বিরম
গাবাঞ্জক ঈযৎহাসাকৃঞ্জিত ওঠাধর, ঐ ষে কাঠিভ-ভাবর্ণ মুখমওল, দেখিলেই কি মনে হয় না তিনি কোন
য়ানক কার্য্য করিছে কুংসভল্প। কিছু সে ভ্রানক কার্য্য
ক ? কাহারো সাধ্য নাই যে ভাহা বুলিভে সক্ষম হয়;
কলেই মনে করিভেছে যবননিধনে দৃচ্প্রভিজ্ঞ হওয়াভে
মাজ ভাহার মূর্ভি ঐ রূপ ভীষণভাব ধারণ করিরাছে।

এই চারি জন দেনাপতি চারি শ্রেণীর সমুণে দাঁড়াালেন। পৃথীরাজ কি সক্ষেত করিলেন, অমনি চতুর্দিক
নন্তক হইয়া গেল, কোলাহল স্তক্ষ, জরধ্বনি স্তক্ষ, রণবাদ্য
রক্ষ, সকলি নিস্তক্ষ হইয়া গেল। পৃথীরাজ সেই নিস্তক্তাকে
লাপাইয়া, দৈনিকগণের হৃদয় কাঁপাইয়া, শ্রোতাদিগের হৃদয়
লাপাইয়া, বলিতে লাগিলেন—"সৈত্তগণ! ক্ষত্রিয়বীরগণ!
য় হৃদয় ধবনেরা দৃশঘতীকূলে গতবৎসর আমাদের ক্ষত্রিয়বার্থাের ভেজস্বিতা—আমাদের ক্ষত্রিয়-ধঞ্চের তীক্ষতা অহতব করিয়া গিয়াছে, বাহারো সেই দারুল পরাজয়ের কলজে
আমরা হুই হুইয়ার বন্দী করিয়া আনিয়াছিলাম, এবং কেবল
ক্ষত্র ক্ষাঞ্চারণেই বাহাকে ক্ষকত ভাবে দেশে প্রভার্তন

করিতে দিয়াছিলাম, সেই হুরাত্মা যবনগণ আবার ম্লেচ্ছপদ-স্পর্শে আমাদের আর্যান্তর কলঙ্কিত করিতে আসিয়াছে। বৈভগণ। যদি তোমরা আর্ঘানামের গৌরব রাখিতে চাও যদি क्वित्र नात्मत्र छे प्रकु हहे एक हो । यि यवन-शप-पिक हहेट वामना ना थादक, यनि ट्यामादनत व्यानमय जीलूवं কল্পাদিগকে নিষ্ঠর ঘবনপীড়ন হইতে রক্ষা করিতে ইচ্ছা থাকে, যদি হিন্দুধর্মের প্রতি, হিন্দুমঠনন্দিরের প্রতি তোমা-मित्र किछूमां अवसा थारक, यनि मित्री आगाशृशीत आगा পূর্ণ করা ভোমাদের গোরব মনে হয়—ভবে আর বিলম্ব করিও না, পাষওদিগকে এমন শাস্তি দাও যেন ভাহারা সিন্ধনদ অতিক্রম করিতে কথম আর সাহসী নাহয়। তোমাবের মধ্যে কি কেহ---'' পৃথীরাজের কথা আর তনা গেল না-সহসা চতুর্দ্দিক যেন আলোড়িত হইয়া উঠিল, দৈলগণের উৎসাহধানিতে,অস্তের ঝন ঝন শব্দে, অশ্বের হ্রেযারবে, জন-ভার 'জয় জয়' নিনাদে পৃথীরাজের স্বর ভূবিয়া গেল। কোলা-ছবের কিছু উপশম হইলে পৃথীরাজ আবার বলিলেন-"তোমাদের মধ্যে কি কেছ এমন ভীক স্পতে, কেছ এমন অক্ষ্যিয় অনাধ্য আছে, যে ভাহাকে আজ উত্তেজনা বাক্যে উত্তেজিত করিতে হইবে ? ধবন পরাজগৃই যথন তোমাদের উদ্দেশ্য, দেশরক্ষাই যথন তোমাদের ব্রত. বীরশ্রেষ্ঠ সমরসিংহ-যখন তোমাদের সহায়, তখন ভোমাদের শরীরে যে শোণিভ-**শ্রোত প্রবাহিত হইতেছে, তাহার এক এক বিন্দু রক্তই** সেই

উত্তেজনার ওঠাধর মৃত্হান্যে ঈষৎ উন্মীলিত হইতেছে, শৈলপ্রতা কোন স্থাপন দেখিতেছে। প্রভাবতী ধীরে ধীরে দেই
দল/্যিবিক্ষিত ওঠাধর চ্ছন করিলেন, জমনি প্রভাবতীর পদ্দনৈত্র হইতে ছই এক বিন্দু শিশিরাক্র শৈলবালার প্রফুল
কপোলে পতিত হইল। ধীরে ধীরে তাহা মুছাইয়া প্রভাবতী
ভাবার শয়ন করিলেন। যনে মনে বলিলেন "বালিকা,
ভূমিই স্থধী!"

দেইভাবিতে ভাবিতে শেষ রাজে প্রভাবতীর একটু ত**লা** ওু পাল। কিছু পরে ভয়ানক কুল্বপ্ন দেখিয়া চমকিয়া উঠি-স্থাি। তাঁহার নিদ্রাভক হইল। দেখিলেন রাত্রি প্রভাত হইয়াছে। শৈলবালাকেও নিকটে দেখিতে পাইলেম না। স্থাকী শুইয়া শুইয়া কাঁদিতে লাগিলেন। কিঞ্চিৎ শুমিত হিল শ্যা তাগে করিয়া বাভায়নের সন্মুৰে কাড়াইলেন। रमिश्रालम, रेगनवाना मनीजीतः विभिन्ना आजाज-भवम-हिल्ला-লিত মানদনদীর ভরজ-দীলা দেখিতেছে। তিনিও বাটা ভাগে করিয়া উদ্যানাভিমুখে গমন করিলেন ৷ নদীর নিকট আসিলে সহসা অ্মধুর বীণা-ধানি তাঁহার করে বাজিয়া উঠিল। তিনি থমকিয়া সেই খানে দাঁড়াইলেন। দেখিলেন, শলবালার কণ্ঠধননি ভাঁহার বীণার ঝন্ধার বলিয়া ভ্রম रहेडाहिन। डिनि चात अधिक मृत ना शिक्षा निविद्वेतिएड শৈলবালার বালিকাকগুনি: হত হুমধুর গীত তনিতে লাগি-लग। छनिलन-

সঞ্জনি লো!---

यमूना भूनितन, निमि পোडाइस्ता এन ना अन,ना अन काना, কবরী-কুন্তম ও কাইল,হায়। ওকালো লো ভোর সাধের মালা। करनक हमकि छेठि बिहातिल, करनक शमकि विमिश्न काँनि, কাটান্থ রাভিটা ঢেউ ভণে ভণে,পাষাণে হতাশ-হিয়ারে বাঁধি। ' अहे त्य अहे त्य, अल त्वि गाम, मधूत वागती वाजिन अहे, চমকি উঠিয়ে আবার ধাইছ, হরবে পরাণ নাচিল সই। रतार डेथिन यमून। यहिन, काँ शिन कम्म कृत्नत छत्त, যাইতে হরষে পড়িত্ব উঠিত্ব, লাজেতে চরণ নাহিক সরে। আফুকনা আগে তবে দেখা যাবে,কভছল স্নানে ব্যথিতে বালা, काॅनिव काॅनाव, हत्रल धराव, ভবে ভো चूहित्व मत्रमञ्जाना। कहे कहे हाम गाम छा अन मा, माहि छमि आह बाँगही हर. बागात (थशाल वृक्ति मत्न मत्न, महे ला यथन प्रथिस मर। ट्रांग जावात रमुनाति जीत्त, जनम जाटेच कितिया धीति, একাকী বদিয়ে কভ যে কাঁদিলু, বারিভে মিশাল নয়ন-বারি। থেদেতে ষমুনা উজান বহিল, কদম কেশর পাড়িল মাসি, নরনের জল থামিল না,হার। আকাশে মিশাল ভারকা রাশি। कांनित्र कांनित्र (भाशहेन निनि, खतु रका ना धन निर्श्तकाना, क्षप्रात नाथ क्षण एवं तकिन, मत्राम तकिन मत्रम-काना।"

প্রভাবতীর হৃদর উচ্ছ্যুসিভ হইল, গানটী তাঁহার হৃদরের সহিত মিলিল। গান শেষ হইলে তিনি মৃত্পদনিক্ষেপে শৈলবালার নিকট আদিলেন। তাঁহাকে দেখিরা শৈলবালা

একবিংশ পরিচ্ছেদ।

ব্লিলেন ''এই বে ! মুখ ভারভার দেখ্ছি কেন ? রাজনিন কি মুখ ভার ক'রে থাকবে ?"

প্রভাবতী বলিলেন "আম ভোরের বেলা আমি ভরানক
কুসপ্প দেখিরাছি, মন বে কি ব্যক্তিল হইরাছে কি বলিব।
আর এক দণ্ডও এখানে থাকিছে ইচ্ছা নাই।" শৈলবাল।
বলিলেন "ভূমি রাত্রি দিন বে ভাব, রাত্রে বে সপ্প দেখিবে
ইহার আশ্চর্যা কি ?"

প্রভা। "তুমি তবে এখনো বধার্ধ ভালবাদার আখাদন জান না। যথন জানবে, তথন অমন করে বলতে পারবে না। যবনশিবিরে গেছেন, দেই অবধি কোন দ্যাদ নাই, তাঁহার কারাক্তর হইবার আকর্যা, কি ? আমার বোধ হয়, ভাহাই ঘটেছে, ভাহা না হইলে এত দিন এক থানাও পত্র লিখিতেন। আর তিনি কিছু দিলীও যান নাই, দেখানে গেলেও সম্বাদ পাইতাম। গোলাপ লিখেছে তিনি দিলীতে যান নাই। দিলী যান নাই, আমাকেও পত্র লেখেন নাই, ইহাতে কি আমার ভাবনা হইবার কোন কারণ নাই?"

শৈল। "আহা, কেঁলে কেঁলে জোমার চল্লু সূটি ফুলে গিরাছে।, তুমি হান' আর কাঁল, সকল সময়েই তোমাকে ভাল দেখায়। তুমি এখন কাঁলছ, এতেও তোমাকে ভাল দেখাছে, বেন পদাকুলে শিশির পড়েছে।—

প্রভার আমার বদনগানি ভাসছে নরন জলে। ুমরি। মুক্তা জড়িত বেন কনক-কমলে। কৰিচলের অনৃতি মাই, ভাই এমন শোভা দেখতে পেলেন না।"

প্রভাবতী কুম হইরা বলিলেন "ভোমার সার ছড়। কাটতে হবে না। ছঃখের সময়ও বুঝি ঠাটা কর্তে হয় ?"

শৈল। ''রাগ বৃক্তি' ভবে চল, আমরা কোমর বেঁধে ঘবন শিবির হ'তে ভোমার প্রাণনাথকে উদ্ধার ক'রে আনি।''

শভা-1 "ভূমি ঠাটা ক'ৰে বলছ, আমার কিন্তু সভাই জ ইচ্ছা হচ্চে ।"

শৈল। "ঠাটা নয়, আমিও বছা বলছি।"

্তপ্রভাবা "ভূমি আর আমাকে আলিও না। একে আমি আপন কটে মচি, কোথার ভূমি সান্ত্না করবে, ভা নাকরে অধিক কট দিজ।'

শৈলবালা প্রভাবতীকে ভাল বাসিতেন। চক্রপতির সংবাদ না পাইরা আপনি ভাবিত ইইরাছেন দেখাইলে পাছে প্রভাবতী অধিক কট পান, দেই জন্ত জ্ঞা দেখাইতেন না; কিছু আজ তাঁহার ভ্রথের দমর হাদিয়া তাঁহাকে অধিক কট দিরাছেন দেখিরা এবার গভীরভাবে বলিলেন "আমি হাদিরা ভোষার মনে কট দিরাছি বলিরা কিছু মনে ক'রোনা। আমি সভারতাই অধান হইতে বাইতে বলিতেছি, ভাষাদা নহে, কিছু তুমি এবি আমার পরাম্প্রত্ন, তবে যবনশিবির না গিয়া অব্যে দিল্লী চল।"

ু প্রভা। ''বেধানে ভো ভিনি নাই, বেধানে গিলা কি করিব ?''

শৈল। "তিনি যদি সভাই বন্ধী হইরা থাকেন, ভাহা

• হইলে সেথানে না যাইলে তাঁহাকে উদ্ধার করিছে পারিব
না ?"

প্রভা। "দিলী গিলা তাঁছাকে কি প্রকারে উদ্ধার করিবে? মামি ভাহা ভো কিছুই বুবিতে পারিভেছি না।"

শৈল। "এখন যবনশিবির হইতে উদার করা আমাদের অসাধা, কেন না, তিনি কোধায় কি অবস্থার আহেন,
আমরা তাহা কিছুই জানি না। সেথানে ঘাইলে আনরাও
ধৃত হইব। তাহা অপেক্ষা দিল্লী গিয়া, মহারাজের নিকট
হইতে কতকগুলিন নিপুন দৈতা দংগ্রহ করিয়া রাখি, যে
দিন উভর পক্ষে যুদ্ধ আরম্ভ হইবে, সে দিন যবনশিবিরে
অল্ল সেনা থাকিবে, সেই দিন আমরা কোন কৌশলে
তাহাকে উদ্ধার করিব।"

প্রভাবতী শৈলবালার এই প্রস্তাবে সম্বন্ধ ছইলেন।
পরদিন একটানাত ভ্রুছা সঙ্গে লইনা তাঁহারা আজনীর ত্যাস
করিলেন। অনাথ নামে তাঁহাদের সেই পুরাতন বৃদ্ধ ভূতা।
ক্যাবস্থার থাকান্ডে তাহাকে এবার সঙ্গে লইতে পারিলেন
না। এখন সম্মুরে যুক্ধ উপস্থিত, মুসলমানেরা ভারতবর্ধে
ক্রিয়াছে, এখন ত্রীবেশে গমন করিলে পাছে কোন বিশক্ষ
ঘটে, এই আশকায় তাঁহারা পুক্ষবেশ ধারণ করিলেন।

মোহন আদিয়া কাঁচলি ও স্বর্ণধৃচিত পরিচ্ছদের পরিবর্দ্ধে তাঁহাদের কোমল অন্ধ্র প্রথমপরিচ্ছদে আর্ভ হইল। রিদ্ধি ওড়না এখন মন্তকে স্থান পাইল না, লহিত কেশজাল উন্ধীরে আবদ্ধ হইল। একে একে সব আত্রণ মোচন করিরাক্টিবদ্ধে কুপাণ বাঁধিয়া দিলেন, তাহা অলঙ্কারক্সপে শোতিত হুইল। এখন আর সে শৈলবালা, সে প্রভাবতী রহিলেন না। তাঁহারা অন্ধরম্ব বালকবেশ ধারণ করিলেন। পরস্পর হ্রদ্ধন ক্রনকে দেখিয়া আক্রর্যা হইলেন। শৈলবালা বলিলেন 'ছুমি ভাই সত্য সত্যই পুরুষ হয়ে গেছ, আর চিনতে পার্ছি না, কিন্ত বেশ দেখাছেছ। একবার আরসী দিরে আপ্রার প্রীমুখ খানি আপনি দেখবে চল।"

প্রভা। "ভূই দেখ্গে। আমার এখন আর ও সকল সাধ নাই।"

শৈল। "আমি তো দেখ্বই, ভোমাকেও দেখতে হবে।"

শৈলবালা তাহার হস্ত ধরিয়। মকুরের নিকট লইয়।
আনিবেন, বলিলেন "পুরুষ দেজে আপনাকে আমার সভাই
পুরুষ মনে হচ্চে। যদি পথে কেহ অভ্যাচার কর্তে আসে,
ভা হলে আমি ভোমাকে রক্ষা কর্তে পারব।" শৈলবালা
কটিছ কুপাণ হস্তে লইয়া এক পদ অগ্রসর করিয়া দিয়া
য়ীরে বীরে ভাহা মুরাইতে লাগিলেন। মুক্রে ভাহা বিশ্বিভ
হইল। রণসাজে সঞ্জিত হইয়া শৈলবালা আপনাকে আপনি

দেখিতে লাগিলেন। আপন রূপে আপনি যেন মোহিত হইলেন। মৃত্ মৃত্ হাসিয়া বলিলেন "এই দেখ কেমন ক'রে পথে ভোষাকে রক্ষা করব! এই অবস্থায় দিলীপ যদি আ্যাকে দেখেন, ভা হলে কি ভিনি চিনিতে পারেন ?"

প্রভা। "কেন, এই বেশ দিলীপকে দেখাতে ইচ্ছা হচ্ছে নাকি?" শৈলবালা আবার একটু মোহন হানি হানিয়া মুকুরের নিকট হইতে দরিয়া গেলেন।

সচরাচর যে পথ দিয়া লোকে দিলী গমন করে, সে প্রথ দিয়া না গিয়া ভাঁহারা লুকায়িতভাবে পর্বতপথ দিয়া অখারোহণে দিলী গমন করিলেন। স্ত্রীলোকে অখপুঠে গমন করিভেছেন ভনিয়া বোধ হয় কেহ আশ্চর্য্য হইবেন না। কেম না আমরা যে কালের কথা লিখিভেছি, সেকালে স্ত্রীলোকদিগের অখারোহণপ্রথা যে দ্য্য ছিল না, ভাহার প্রমাণ অনেক পাওয়া যায়। এই প্রথা যে যবন অধিকার হইডে উঠিয়া গিয়াছে ভাহার আর বোধ হয় কোন দক্ষেহ নাই। যে হেতু মহারাই প্রভৃতি যে সকল দেশ যবন কর-কবলিত হয় নাই, সেখানে স্ত্রীলোক্দিগকে এখনো অখারোহণ করিতে দেখা যায়।

আজমীর হইতে ভাঁহার। যে দিন বহির্গত হইলেন ভাহার পঞ্চম দিবদের সন্ধ্যাকালে দিলীর এত নিকটে আসিয়া পঁছছিলেন, যে আর হুই ঘন্টাকাল ধরিয়া নামিলেই দিল্লী আসা বাইত। কিন্তু তাঁহারা তথন আর না চলিয়া

বিশ্রাম জন্য ক্ষণকালের নিমিত্ত :দই পর্বতে থাকিতে ইচ্ছা করিয়া, ভূতাকে কিছু আহারীয় দ্রব্য আনিতে নিয়ন্ত একটি श्राप्य त्थात्र कतित्वन । उपन मुक्कात्र अथम श्रवहत्रमात । **চल्लार किय़ १ क्या कहें एक किय़ न विकार किया निर्धित किया** উজ্জল করিতেছিলেন। তথন জ্বোংস্নাধীত করণাবারি পর্বভবক হইতে ভলিভে চলিভে সবেগে নিয়ে পডিয়া রম্বতকণায় উচ্চু দিত হইতেছিল। দেই জলপ্রপাতের স্থগ-ভীর মধুর নিনাদে শ্রোভাদিপের কর্ণে অমৃত বর্ণ হইতে-हिन । रेननवाना ७ প্রভাবতী দেই হথ উপভোগ করিতে ছিলেন। পর্বতশোভা দেখিয়া শৈলবালার ভদর নব-चारमारम भून इहेन। जिनि कमराब कात भूनिया शीख আরম্ভ করিলেন। গাহিবার পূর্বে প্রভাবতীর দিকে চাহিয়া মৃত মৃত্ হানিলেন, বলিলেন "ভোমারই মনের মৃত একটা গান করি, যে বিষয় হয়ে আছা, একটু প্রাফুল করি,— कारहाला यमूना नाइछ त्वनड चाकू विलाम-विकल्लिङ कांब्र, মৃত্ব মৃত্ব পবনে, হিরা ভূষা সঘনে, কাহে লেঃ ভ্রমাণ ভার। कांट्रिया हत्यमा. रवविद्य मधुतिमा. (मास्ट्राइक् इत्म साम साबि, धिकरना दम्मा, विस्त रम कामाहेशा शांखन सब मारज माजि অব ছো লোড়য়া কুলে মোহন কদমভবে,নাহিখেলে শ্যামনুবারী শবভো বাঁশরীবোল, উছলি ন ভুলারে ব্রহপুরগোপিনী নারী। करत्र (कगत कम्मवि धत यह, गत वत सत्र सत्राह्मा, माथवी लिका रात न् किछ धत्रेषी, अब नाहि माधुती कियादत।

নিক্লে অনিক্ল, রাতেরোতে গুজত কোরেলাক্ষরে বিলাপে রমণী পরাণ মুকা, নাহিত অনুভায়ত, আবল বিরহউভাপে। ভবে লোকমুনা

কাহার মূরতি. দেখিয়ে ফুরতি হইল তোর।
কোন সুথ আজ পাওরলো ডুই, আমোদে হৃদয় হইল তোর
নবপ্রেমে ডুবা সুথ উপজভ, নেহারি মো হিরা দহল লাজে,
কিসিকো সোহাগে ধিক্লো যমুনা,বাজভ আজু এমোহনদাজে

গান গাহিতে গাহিতে সহসা পশ্চিমদিক হইতে এক থ্ঞ মেঘ আদিয়া চক্রকে গ্রাস করিয়া ফেলিল। ক্রমে মেঘে মেছে गंगन ছाইয় পড়িল। ক্রমে ক্রমে পৃথিবী অন্ধকরময় হইল। অন ঘন বিহাৎ হানিতে লাগিল, গাঢ় অক্ষকার গাচতর হইতে লাগিল, বাডাস বন্ধ হইয়া বুক্ষপত্রের মর্ম্মর শক আর অহতত হটুল না। আকাশ মেঘাচ্ছর, প্রকৃতি নিস্তম, পৃথিবী অম্বনার; ঝড়ের পূর্বে লক্ষণ সকলি দৃষ্ট হইতে লাগিল। জাঁহারা হুই মনেই স্ত্রীলোক, এই অসহায় অবস্থায় বড়ের লক্ষণ দেখিয়া ভীত হইলেন। ক্রমে একট করিয়া সম্বোরে বাছ বহিতে আরম্ভ হইল। ভাঁহারা তথন কোন আত্রয় পাইবার জন্ম বাগ্র ইইবেন। সার একবার বিহাডালোক প্রকাশ হইলে, একটা পৰ্কভণ দেখিতে পাইরা তাঁহারা সেই ভহা মধ্যে প্রবেশ कतिका । क्षेत्र रेमनवाना वनित्तम "कामात्मत शुक्रस्यम ধরাই অন্যার হইরাছে। একট বড় দেখে যথন প্রীমভাব

প্রকাশ পাইল, সাহন পালাল, তথন আর পুরুষবেশধারণে কি ফল ?" প্রভাবতী বলিলেন "কামার এখন সাহস দেখা-বার সময় না। তোর যদি ইচ্ছা হয় পুরুষত্ব দেখিয়ে কড়ের সঙ্গে যুদ্ধ করগে।'

শৈলবালা। "ভূমি যদি না কাঁদতে বদ্তে ভা হ'লে আমি বড়ের দক্ষে যুদ্ধ কর্তেম কি না দেখতে পেতে।"

তাঁহারা যে গুহা মধ্যে আশ্রর লইলেন, তাহার অপর পার্মে ঐ প্রকার আর একটি গুছা। পরস্পর সুই গুছা মধ্যে অদ্বমাত্র ব্যবধান। অদ্ধভাগ হইতে এক গুহাদির। অপর গুলা মধান্থ সকল দৃষ্টিগোচর হয়। তাঁহারা সেই গুছার আসিবার অল্লেণ পরে অপর গুহার আলোকহন্তে চুইজন মহুষ্যকে প্রবেশ করিতে দেখিতে পাইলেন। ভাহারাও त्वाध रह कड़ आतुष्ठ त्विशा धरे खरामत्था आखा नहेन। তাহারা গুলার আদিলে যোরতর বড় বৃষ্টি সারস্ত ২ইন। তীক্ষ বিহালতা শুলে শুলে ঝলনিত হইয়া দিগন্তে বিলীন হইতে লাগিল। প্রচণ্ড বায় এক শৈলে আঘাত করিয়া আর এক শৈলে ছটিল ।প্রতিহত হইয়া আবার বিভগবেগে বিভগ-दारिय भना नेक आक्रमण कविष्क माशिन। **श्रा**ठक वाद-ভাড়িত এক শিলাখণ্ড ভীষণ শব্দে আর এক শিলাখণ্ডের উপর পড়িয়া, ভাহার সহিত উপভাকার নদীতে বাঁপাইয়া পড়িল। বায়ুর হস্কারে, উপর্যুপরি বজুের গর্জনে, পভন-। শীল প্রস্তরথও সমূহের প্রপাতধ্বনিতে, বুক্ষের প্রতন

শংশ দিছাওল প্রতিধানিত হইয়া উঠিল। প্রলয়ের বড়ে পর্বত কাঁপিয়া উঠিল, গুলাবতী কাঁপিতে লাগিলেন। কেবল বালিকা শৈল নির্ভয়ে, বসিয়া রহিলেন, এবং প্রভাবতীর ভর দেখিয়া মনে মনে হালিতে লাগিলেন। এই সময় হুইজন পুক্ষকে অপর গুহার প্রবেশ করিতে দেখিয়া দস্থাবোধে প্রভাবতী আরো ভীত হুইলেন। তিনি সেই ব্যবধানের অন্তরালে গুড়ি মারিয়া শহিলেন। ভাহা দেখিয়া শৈলবালা তাঁহার কর্ণে কর্ণে বলিল "ভর নাই, এখানে অন্করার, উহারা আমাদের দেখিতে পাইবে না। ভবে যদি ভোমার রূপের আলোয় দেখিতে পায় তো বলিতে পারি না—

প্রভাবতী রূপবতী, রূপের জালার।
জাধার করিয়ে চার দিক উজলার ।
জাধার করিয়ে চার দিক উজলার ।
জার ভরই বা কিলের, উহারাও ছজন পুরুব, জামরাও
ছজন পুরুব, যদি এখানে জাসে না হয় যুদ্ধ করা ধাবে।"—
সভাসভাই অন্ধকারে উহাদের কেহ দেখিতে পাইল না,
কিন্তু জপর গুহার জালোক থাকাতে প্রভাবতী ও শৈলবালা
সেই গুহামধ্যস্থ লোকদিগকে দেখিতে পাইলেন। প্রভাবতী
শৈলবালার কথার উত্তর না দিয়া ভাহাকে হস্তমারা ধীরে,
ধীরে ঠেলিরা দিলেন। জপর গুহার লোকেরা যদি শুনিতে
পার এই ভরে শৈলবালাও আর অধিক কথা কহিলেন না।
কিন্তু বিলপে সাবধান হওয়াতে ভাহার ইচ্ছাম্ভ ফল কলিল

না। অপর ওহামধ্যে একজন লোক তাঁহার কথার অক্ট শব্দ ভনিতে পাইয়া ভাষার সঙ্গীকে বলিল "পর্কতে কোন लाकं अंगिशाद्य, आमि एम अकवात मञ्चा-यत अमिनाम। **बहेशान जाला** द्राविद्रा छूनि वाहित्त शिशा यनि कोन मस्-ষ্যকে দেখিতে পাও উভ্নরপে অনুসন্ধান করিয়া আইস।" সঙ্গী বাহিরে আদিল। প্রভাবতী ও শৈলবালা এই দকল কথা ভনিতে পাইলেন। এখনি এই গুহামধ্যে তাহার। তাঁহাদের অন্বেষণ করিতে আসিবে, এই ভরে প্রভাবতী প্রতিক্ষণে শক্তিত হইতে লাগিলেন। কিন্তু দলী ভাঁহাদের গুহার প্রবেশ না করিয়া, কিছু পরে বাহির হইতে পুনরায় আপনাদিগের গুহায় প্রবেশ করিল এবং তাহার সঙ্গীকে বলিন "আমি কাহাজেও দেখিতে পাইলাম না। এত বড় বৃষ্টিতে এ পর্বতে কে আদিবে ? আপনি বায়ুর শব্দ মন্তব্য-স্বর জ্ঞান করিরাছেন।" তাহার কথার আর একজনের সন্দেহ দুর হইল। তথন প্রভাবতীর একট ভরদা হইল। আসর বিপদ হইতে নিস্তার পাইয়া প্রভাবতী গেলবালার অসাবধানভায় কুদ্ধ হইয়া মনে মনে ভাঁছাকে ভৎ দনা করিতে করিতে কোধকটাকে ভাঁহার প্রতি চাহিয়া রহি-লেম। সৌভাগ্য বশতঃ শৈলবালা অন্ধকারে তাহা দেখিতে পাইলেন না। এখন তাঁহারা নিস্তকে অপর গুহামধ্যস্থ लाकिनगरक पिथिए नागितन। धकक्रम छेशानत निर्क পশ্চাৎ আর একজন সমুথ করিয়া বুসিয়াছিল। যে সমুখ করিয়া বিষয়ছিল ভাষার মুখ দেখিরা ভাষাকে মুস্কমান বিলিয়া বোধ হইল। আর মাহার মুখ দেখিতে পাইলেক মা, কণার,ভাবে ভাষাকে হিন্দু বলিয়া বোধ হইল। মুসক্ষান ছিন্দুকে বলিল "মহম্মদঘোরি আমাকে আপনার নিকট প্রেরণ করিয়াছেন।" ছিন্দু বলিলেন "ভাষার প্রমাণ ?" যবন বলিল "এই দেখুন" বলিয়া ভাষার হন্তে কি দিল। ছিন্দু বলিলেন "হাঁ, ভূমি ভাষার লোক বটে। ভাষাকে বলিও ভিনি মাহার নিকট দিল্লীজ্যের নিমিন্ত সাহায্য পাইছে আশা করিভেছেন, সে ভাষা করিতে প্রস্তুত, এবং যে কোশলে ভাষা সম্পন্ন করিতে হইবে ভাষা এই।—"

এই বলিয়া, কি কৌশলে যবনেরা যুদ্ধে জয়ী হইবে, বিজয় কি প্রকারে সাহায়া করিবেন তাহা সবিশেষ বলিয়া বলিলেন "ইহাতে নিশ্চয়ই তাঁহার জয় হইবে, ভার পর য়ুদ্ধের সময় আবার বেমন যেমন করিতে হইবে, আমি সয়য় ও স্থবিধা বুঝিয়া সেই মত আবার বলিয়া পাঠাইব। আমি য়য়াহা বলিলাম তাঁহাকে সবিশেষ বলিতে পারিবে ।" যবন বলিল 'পারিব।"

हिन्। "कि रनिद्य अकरात रनिया याउ।"

বিজয় যাহ। বাহা বলিরাছিলেন সে ভাহা অবিকল বলিরা গেল। বিজয় বলিলেন ভবে যাও, ওাঁহাকে বলিও তাঁহার প্রতিজ্ঞা যেন স্বরণ থাকে।'' ভাহাদের কথা শেষ হইল, বড়ও থামিল। বিজয়ের বিশাসঘাতকভার প্রকৃতি-

33/

বেৰীও যেন জুক হইহা ভাহার কু-পরামর্শের সজে সজে ভর্জন গর্জন করিভেছিলেন। ভাহারা গুহা হইতে বাহির হইরা বাব খানে প্রস্থান করিল।

দাবিংশ পরিচেছদ।

ষ্বন্ ওহার বাহিরে আসিয়া দেণিল ঝড় থামিয়া প্রকৃতি জাবার প্রশান্ত হইয়াছে, অপরিক্ট জ্যোৎস্নালোকে পর্বত-বক্ষ শোভিত হইভেছে। মন্দ মন্দ শীতল বায়ু প্রবা-হিত হইয়া বৃক্ষকায়শোভিত বারিবিলুকে নিম্নে নিকেপ করিজেছে। মুসলমান আর আলোকের আবশ্রক না দেখিয়া হস্তত্বিত আলোক নির্বাণ করিয়া আবার চলিতে লাগিল। त बाहेरा याहेरा किছू मृत्र शिया प्रदेश अर्थ सिथिए পাইল। শৈলবালা ও প্রভাবতী দেই অশ্বদাকে চরিতে ছাড়িয়া দিয়াছিলেন। বড় বৃষ্টির সময় তাহারাও 🐗 বৃহৎ শিলাতলে আশ্রয় লইয়াছিল। অখ দেখিয়া **ব্র**মের মনে সন্দেহ উপস্থিত হইল। সে আপন মনে কভ ভর্কবিভর্ক করিতে লাগিল। ভাবিল ইহাত চড়িবার অশ্ব দেখিতেছি, লাগাম বল্গা সৰ দেওয়া আছে। তবে এই পৰ্কতে অবশ্ৰ কোন লোক আদিয়াছে। দেই হিন্দুর অভ্নমান মিখা। নহে। ভাহারা বড় দেখিরা পর্বভের ক্লোন ভহার আশ্রয়

वाविः न भतिराष्ट्रप



লইয়াছিল, তাই তথন মামি কাহাকেও দেখিতে পাইলাম ना । यनि जाशात्रा आमारमत्र कथा छनित्रा शास्क ज्या कि হইবে। তাহা হইলে দেখিতেছি এবারও যুদ্ধে অয়লাভ হইবে না।" সে সেই স্থান পুনর্বার দেখিতে চলিল। জ্যোৎস্থা-·লোকে গুহার চতুর্দিক উত্তমরূপে দেখিল, কিন্তু কাহাকেও দেখিতে পাইল না। তথন সেই গুহার নিকটে অনা কোন এমন গুহা আছে কি না, যাহাতে মাহুষে আশ্রয় লইতে পারে, তাহা খুঁজিতে খুঁজিতে শৈলবালা ও প্রভাবতীর গুহায় প্রবেশ করিল। আলোক হইতে অন্ধকারে আদিয়া দে প্রথমে উহাদের দেখিতে পাইল না। তাহাকে প্রবেশ করিতে দেখিয়া, সে যে কোন অসদভিপ্রায়ে এথানে আদিয়াছে শৈলবালা ভাষা বুঝিলেন। প্রভাবতীর কিছু বুঝিবার ক্ষমতা রহিল না। ভয়ে তাঁহার শোণিত ওচ হইল, তিনি স্পান্থীন হইয়া বসিয়া রহিলেন। ওহার মধ্যে কেহ আছে কি না হস্তচালনা দ্বারা দেখিতে গিয়া মুদলমান হঠাৎ ভাঁহা-দের গাত্র স্পর্শ করিল। সে দেখিল ভাঁহারা উহাদের দকল কথাই ত্নিয়াছেন, না বধ করিলে উপায় নাই। দহসা যে হস্ত তাঁহাদের গাত্রে ঠেকিয়াছিল তাহার সেই বাহুতে একটা তরবারির অগ্রভাগ বিদ্ধ হইল। শৈলবালা ভাহার পদে আঘাত করিতে গিয়াছিলেন। তাহার পদে আঘাত कदिवात रेमनदानात पूरेंगे कात्र हिन । श्रथम, रम हिनाड না পারিলে তাঁহাদের প্রতি অত্যাচার করিতে পারিবে না,

দীপ-নিৰ্মাণ।



তাঁছারা বচ্ছলে পলায়ন করিতে পারিবেন দিতীয়, সে यवनगिवित याहेरा ना शांतिल, महत्त्वण सात्रि त्रहे हिन्दूत পরামর্শালুসারে কার্য্য করিতে পারিবেন না। তিনি ভাবি-লেন তাহার পদে আঘাত করিলে দে চলিতে অক্ষম হইবে আর তাঁহারা লোক ছারা ভাহাকে দিল্লী লইয়া যাইবেন এবং যাহা যাহা ভনিয়াছেন সবিশেষ পৃথীরাজকে বলিবেন। ভাহা হইলেই যুদ্ধ পৰ্যান্ত সে বন্দী থাকিবে ও তভ দিনে নে আরোগ্য লাভও করিবে। যুদ্ধশেষে তাহাকে বন্দী রাখা কিছা ছাড়িয়া দেওয়া পৃথীরাজের দ্যার উপর নির্ভর করিবে।" কিন্তু তাঁহার চেষ্টা নিক্ষল হইল। আঘাত করিতে য ইবার সময় সেই মুসলমান হস্ত অগ্রসর করাতে ও শৈল-বালার হস্ত অক্টালনায় নিপুণ না থাকায় ভরবারি পদে ুনা বাগিয়া যবনের বাছতে বিদ্ধু হইল। অম্নি যবন ভাহার অপর হস্তদিয়া বজনুষ্টিতে অস্ত্রদহ শৈলবালার কোমল হস্ত ধারণ করতঃ তাঁহাকে বলপূর্বক গুহার বাহিরে লইয়া আদিল। ভাঁহাকে লইয়া যাইতে দেখিয়া তাঁহার বিপৰ আশস্কায় ভীত হইয়া, প্রভাবতী উল্লেখ্যের "রক্ষা এই রক্ষা কর" বলিতে বলিতে তাঁহাদের সহিত বাহিরে আসিলেন। অদ্ধর "ভয় নাই ভয় নাই" বলিয়া কে যেন ভাঁহাকে আগাদ প্রদান করিল। তিনি দেখিলেন একজন যুবাপুক্ষ ্অগ্রপৃষ্ঠে নিকোষিত অসিহত্তে ক্রডবেগে তাঁহাদের দিকে অগ্রনর ইইভেছেন। দেখিতে দেখিতে তিনি সমুখে

बाविश्नं भद्रिरष्टम्।



উপস্থিত হইলেন। এই সময় তাঁহাদের ভূতাও অপর দিক হইতে এই থানে আগমন করিল। বড় বৃষ্টিতে সে এডক্র আনিতে পারে নাই। হুই জনকে হুই দিক হইতে আসিতে দেখিয়া মুদলমান একাকী তাহাদের সহিত যুদ্ধ করিতে সাহসী • হইল না। আর মুহূর্ডমাত্র থাকিলে নিস্তার নাই দেখিয়া দে উদ্ধানে পলায়ন করিল। যুবক কিছু দূর অন্থগমন করিয়া ষ্বনের স্থায় পর্বত্পথ জ্ঞাত না থাকায় তাহাকে ধরিবার আশা ভাগে করিয়া প্রভা ও শৈলবালার নিকট ফিরিয়া আদিলেন। - এই अब्रवशक वानकिनगरक अहे मभरत अहे अवसात शक्र পঞ্চেলিতে দেখিয়া তিনি আশ্চর্যা হইলেন। শৈলবালা এবার দিলীপকে চিনিতে পারিলেন। বাঁহার মূর্ভ্তি অহো-রাত্র তাঁহার হৃদয়পটে জাজন্য রহিরাছে তাঁহাকে দেখিবামাত্র চিনিতে পারিরেন, ইহাতে আশ্চর্য কি ৪ কিন্তু পুরুষবেশ वगान्यः अदर रेगनवाना योवनावञ्चात्र कृषीत्रवानिनी वानिका হইতে পরিবর্ত্তন হওয়াতে কিরণিশিংহ ভাঁহাকে চিনিতে शाबित्वन मा। हिनिका बाह्लाद्य देननवानः। नती । भिः विशा উঠিল, প্রচন্তবেগে হ্বনয় তরঙ্গিত হইতে লাগিল, শৈলবালা দিলীপের পানে চকিত্যাত চাহিয়াই লজ্জায় নতমুখী হইয়া পড়িলেন। ভাহা না হইলে ভাহার দেই পূর্ণ অনুরাগব্যঞ্জক অথচ লজ্জায় রক্তিমরাগে রঞ্জিত মুখমওল দেখিয়া কিরণসিংহ নিশ্চয়ই সনিধ্যন। হইতেন। শৈলবালা ছই তিন বার ত্তক তুলিতে চেষ্টা করিলেন, কিন্তু ছুই তিন বারই মস্তক

नीপ-निर्स्तान

বেল আপনা আপনি নত হইয়া পড়িল। প্রভাবতী শৈলবালার এই ভাব দেথিয়া, এবং নবাহরাগ সন্দেহ করিয়া
ভাঁহার কাণেকাণে বলিলেন "ও কি লো। তুই পুরুষ
বেশের উপযুক্ত পাত্রই বটে, এই ধুবা পুরুষ কি মনে ক'রবে
বল দেখি ?" শৈলবালা একটুকু অপ্রতিভ হইলেন এবং
হৃদয়বেগ কভক শমিত করিয়া ঈষৎ মস্তকোভোলন করিয়া
প্রভাবতীর কর্ণে আস্তে আস্তে কি বলিলেন, তাহা শুনিয়া
প্রভাবতীর কর্ণে আস্তে আস্তে কি বলিলেন, তাহা শুনিয়া
প্রভাবতী, কুমারকে বলিলেন "সেই হুর্গ্ত মুসলমানের কথা
মনে করিয়া ইহার এখনও যেন বাক্য ক্রিত হইতেছে না,
কোধে এখনও ইহার সর্বাঙ্গ আরক্ত হইয়া উঠিতেছে।"
কুমার ঈষৎ হাসিয়া বলিলেন "কোধের পাত্র বোধ হয় এতক্ষণ এ প্রদেশ অভিক্রম করিয়া গিয়াছে, আর আমি জীবিত
থাকিতে ভয়ের আশহা কিছুই নাই।"

শৈলবালা মনে মনে জিজ্ঞাসা করিলেন "কেন,বিচেছনের আশকা ?" কিন্তু তাঁহার মনের কথা মনেই মিশাইয়া গেল।

তাঁহার। কি প্রকারে বিপদগ্রস্ত হইলেন কিরণিনিংহ তাহ।
জিজ্ঞাস। করিলেন। বাক্চতুর। শৈলবালার আজ কথা ফুটিল
না। বাল্যস্থা দিলীপের সহিত কথা কহিতে তাঁহার আজ
এত লজ্জা কেন ? বাঁহার সহিত একতে শ্রন ভোজন ক্রীড়া ই
করিতে লজ্জা হইত না, আজ তাঁহার কাছে এত লজ্জা কেন ?
এ উদ্ভর শৈলবালা ভিন্ন স্থানর। কেহ দিতে সক্ষম নহি ধি

##

শৈলবালাকে নিজৰ দেখিৱা তাঁহাদের যাহা যাহা ঘটিয়া প্রভাবতী সংক্ষেপে আমুপূর্ব্বিক সমস্ত বলিলেন। কিরুব্রিংছ ভ্নিয়া আক্র্যা হইয়া বলিলেন "হিন্দুবংশে এমন ফুলাজার কে জন্মিয়াছে বে দে এপ্রকার গর্হিত কার্য্য করিতে প্রবৃত্ত হইল ? ঈশ্বর আমাদের সহায়, তিনি আপনাদের এখানে প্রেরণ করিয়া দেই কুলাঙ্গারের মন্দ ইচ্ছা প্রকাশ করিয়া দিলেন। এই কথা বলিবার নিমিত্ত আবার দেখিতেছি আমাকে কিরিয়া যাইতে হইবে ৽ সে বিশ্বাসঘাতককে কি আপনারা দেখিয়াছেন ? ভাহাকে চিনিভে পারিলে উত্তম-রূপ দণ্ডবিধান করা যায়।" প্রভাবতী বলিলেন "না, ভাহার মুখ আমরা দেখি নাই, কি প্রকারে চিনিব?" প্রভাবতী এবার ভভাকে অর প্রস্তুত করিতে বলিয়া কিরণকে বলিলেন "অদা আপনি আমাদের যে উপকার করিলেন আমরা কথনও যে ইহার শোধ দিতে পারিব, এমন আশা হয় না। আপ-নার নিকট আমরা চিরঞ্গী রহিলাম।" কিরণসিংহ লক্ষিত হইয়া বলিলেন ''আমার উচিত কর্ম আমি করিয়াছি, স্নতরাং আপনারা আমার নিকট ঋণী নহেন। এখন অদ্যই আমি দিল্লি ফিরিয়া যাইব, আপনাদিগের যদি সেইপথে যাইতে হয় াছাহা হইলে আমার দকে যাইলে নির্বিদ্ধে পঁতছিয়া দিতে ারি।" প্রভাবতী তাঁহার সহিত যাইতে ইচ্ছাপ্রকাশ রলে, কিরণসিংহ ভাঁহাদের লইয়া নামিতে আরম্ভ করি-। অদিকে দিবালোকের স্থার জ্যোৎলালোকে দিকমণ্ডক

मीপ-निर्या ।

ভানিতে লাগিল। নেই জ্যোৎসালোকে নামিতে নামিতে কিরণ্সিংহ বালক ছটাকে লক্ষ্য করিয়া বলিলেন "আপনারা এই অর্বয়ন্ধ বালক: আপনারা এই অসহায় অবভাষ পর্বতপথে দিলি যাইতেছেন দেথিয়া আমার অভান্ত বিস্ময় জন্মিতেছে। বালকদিগের এপ্রকারে যাইবার কি কারণ হইতে পারে ?" শৈলবালা এই সময় কথা কহিবার স্থােগ দেখিয়া প্রভাবতীর কাণে কাণে বলিলেন "আমি এই যুবার সহিত একটু রঙ্গ করি, তুমি নীরব হ'য়ে শোন, তুমি যেন किছ প্रकाम कारता मा।" रेगनवाना कितनरक वनिरानम "আপনি যদিও আমাদের নৃতন পরিচিত, তথাপি আপনার বহিত যেরূপ সেহান্য ছব্মিণাছে, তাহাতে আনিবার কারণ আপনার নিকট বলিতে কোন বাধা নাই।" স্বর ভ্নিয়া কিরণিশিংহ চমকিয়া উঠিলেন, ভাঁহার কর্ণে যেন বীণা বাজিয়া উঠিল। তিনি যেন স্থমবুর বালিকা-স্বর তনিলেন। সহসা ভাঁহার শৈলবালাকে মনে পডিল। তিনি একটি দীর্ঘ নিখাস ফেলিলেন। একবার বালিকা বলিয়া ভাঁছার সন্দেহ উপ-श्चि इटेन। किन्छ त्म मत्महरक समर्घ द्वान मिलन ना। শৈলবালা প্রভাবতীকে দেখাইয়া বলিলেন "ইনি এই অর-বয়সেই একটি বালিকার প্রতি অনুরক্ত ইইয়াছেন। ভাহাকে দেখিবার জন্ত পিতামাতার আজ্ঞা লজ্মন করিয়া ইনি বাটী হটতে পলাইয়া আসিয়াছেন। নিভান্ত নিরম্ভ করিতে না পারিয়া শেষ আমিও দক্ষে আসিয়াছি।" এই কথার বুবা

স্থার একটি দীর্ঘ নিধাস ফেলিজেন। প্রভারতী বনির্দেশ "এখানেও ভোর রঙ্গ!

শৈল। "তার আবার লজা কি ? ইহাঁর নিকট লজার কোন কারণ নাই। আমার বোধ হয় এই সুবাও কোন যুব-ভীর প্রতি আগক্ত, ভোমার হুংগে হুঃখ প্রকাশ করিলেন।" কিরণিসিংহ অপ্রতিভ হইলেন। তাঁহার বদনমগুল ঈবৎ লোহিত প্রভায় শোভিত হইল। ভাঁহাকে নিকত্র দেধিয়া শৈলবালা বলিলেন "আমি কি স্থাধ অভুমান করি নাই ?"

কিরণ। "আপনারা ধখন আমার নিকট হৃদর খুলিলেন তথন আমারও বলা উচিত। আপনার অন্থান
সভা।" শৈলবালার হৃদর স্পাদিত হইরা উঠিল। "ভবে
এখনো কি সেই শৈলবালাকে ভাহার মনে আছে ? কি অন্ত কোন ব্বভীর জন্ত দীঘনিখাস ভাগে করিলেন?' ভিনি
বলিলেন "ভবে বোধ হর আপনি ভাহারই নিকট ষাইভে
ছিলেন?"

কিরণ। "হায়! না। আমি আপনার ব্রুর ভায় নৌভাগাবান নহি।"

শৈল। "কেন, সে যুবতী কি আপনাকে ভাল বাদে না।"

কিরণ। "ভাষাও আমি জানিনা, আমি অনেকদিন ভাষাকে দেখি নাই।"

্শৈল। "তবে দেখিতেছি আপনি মূতন প্রকারের



প্রশারী, আপনি বাহার প্রতি অভ্রক্ত তাহার মনের ভার জানেন না, অনেক দিন হইছে ভাহার কোন সংবাদ পর্যায় জানেন না, তবে আপনি কি প্রকার ভালবাদেন ? আমার বোধ হয় আপনার প্রণয় ভেমন গাঢ় নহে।'

কিরণ। ''আপনি তাহা মনে করিবেন না, আমার হৃদ্য ভাষাকে দেখিবার জন্য প্রতিক্ষণে ব্যাকুল হইডেছে, কিন্তু এখন সৈনিক ব্রভে ব্রতী হইয়া ভাষাকে দেখিবার বিশেষ অবকাশ পাইভেছি না।"

শৈল। "বৃহতী আপনাকে ভালবাদে কি না, না জানিয়া আপনি তাহার প্রেনে অন্তরাগী হইলেন কেন ? দৈ যদি অপনাকে ভাল-না বাদে ?"

কিরণ। "কেন ভালবাদি তাহার কারণ বলিতে পারি
না, আমি ভালবাদি এই মাত্র জানি। সে যদি এখন
আমাকে ভ্লিয়া গিয়া থাকে, অনাকে ভাল বাদে, তথাদি
আমি তাহাকে ভাল বাদিব। কিন্তু তাহার কটের কারণ
হইব না, ভাহার ইচ্ছার বাধা দিব না, আমার কট হইলেও
ভাহার স্থেই আমি আপনাকে স্থী মনে করিব" শৈলবালা
আর থাকিতে পারিলেন না, আন্তে আতে বলিলেন "ভ্মি
বাহাকে ভালবাদ, দেই যুবতীই প্রকৃত ভাগ্যবতী।" তিনি
ভাবিলেন, "কোন্ ভাগ্যবতী দিলীপকে মোহিত করিয়াছে?
একি আর দেই বাল্যদখী শৈলবালা । তাহার কি এত
সৌতাগ্য হইবে ?" এই প্রকার নানা সন্থেতে ভাঁছার মন

আলোড়িত ইইতে লাগিল। এই সময় তাঁহারা নীচে আঁরিরা
প্রছিলেন। নীচে কিরণিদিংহের সহিত বিজয়ের বাক্ষাৎ
হইল। বিজয়, তাঁহার কর্ম সমাধা হইলে তেও যাইবার
কোন কারণ না দেখিয়া, ধীরে ধীরে গৃহ অভিমুখে গমন
করিতেছিলেন। এই অসময়ে পর্বতিপথে তাঁহার সহিত আর
কাহারো সাক্ষাৎ হইবে, তিনি ভাহা মনে করেন নাই।
কিরণিদিংহ ত্রুতগতি আগমন করায়, বিজয়ের আনেক পরে
আসিয়াও তাঁহাকে দেখিতে পাইলেন। বিজয়কে এসময়ে
এখানে দেখিয়া কিরণিদিংহ আকর্ষা করাললেন "একি ?
ভূমি এণানে কেন ?" কুমারকে যালকগণের সক্ষেত্রামিতে
দেখিয়া বিজয়ও বিশ্রিত হইয়া বলিলেন "এ আবার কি ?
আপনি এখানে কেন ?"

কিরণ। ''আমি বলিতেছি, তুমি অগ্রে ব**ল**কু''

হঠাৎ কি বলিয়া উত্তর দিবেন স্থির করিছে, বিজয় মুর্ত বিজয় মুর্ব বিজয় মুর্ত বিজয় মুর্ব বিলয় মুর্ব বিজয় মুর্ব বিজয় মুর্ব বিজয় মুর্ব বিজয় মুর্ব বিজয় মুর্ব মুর্ব বিজয় মুর্ব মুর্ব বিজয় মুর্ব বিজয় মুর্ব মুর্

कित्रव "मन्नामी कि रनितन ?"

বিজয়। তাঁহার গহিত সাক্ষাৎ হয় নাই, ভিনি স্পান্ধ

नीश-निर्दाश

কোৰ্থা পিয়াছেন : কিছু আপনি আৰু এথানে আসিলেন কেন *'

"আমি কৰিচন্ত্ৰের কি হইল অরুসন্ধান করিতে দিলি হইতে আজ বাহির হইয়া ববনশিবিরাভিমুখে যাইতে ছিলাম। কিন্তু একটা কারণবশতঃ আবার দিলি ফিরিয়া বাইতেছি। ভাগ্যক্রমে ভোমার সহিত সাক্ষাৎ হওয়ায় দেখিতেছি আমার আর দিলি ঘাইতে হইবে না, যে কার্য্যে যাইতেছিলাম তাহা তোমাধারাই সম্পন্ন হইবে। আমি যাহ। বলি দিলীখরকে বলিবে।" এই বলিয়া তিনি প্রভাবতীর নিকট হইতে যাহা ভনিয়াছিলেন বিজয়কে সকল বলিলেন। বিজয় ভনিয়া যতদুর ক্রোধ প্রকাশ করিতে পারেন করি-লেন ৷ তিনি যেন সেই বিশাস্থাতককে পাইলে এখনি তাহার রক্ত পান করেন। ক্রোধে যেন জ্ঞান শৃন্ত হইলেন। কুমার বিজয়কে সাধ্যমত সাজ্না করিয়া বলিলেন 'তুনি বুৰা কেন কোৰ করিতেছ ? এখন কোধ করিলে 🎓 ফল कनिरव ? कृमि विनष्ट मा कतिशा अथिन मिहीबां क्षेत्र निकते গিয়া ঐ সকল বল, ভাহা হইলে সভা সভা কল দৰ্শিতে, ভিনি সাবধান হইতে পারিবেন। তুমি এই দক্ষে আমার আর একটি উপকার করিলে অহুগৃহীত হই। স্থামি আরু দিল্লী याहेव ना, कृमि धहे वालक शृष्टिक गटक क्रिया लहेबा बाछ। ইহাঁরা ষেখানে যাইতে ইচ্ছা করেন সেখানে প্তছিয়া দিলে পরম বাধিত হইব।" বিজয় বলিলেন "কুমার যাহ। বলিলেন

লানি তাহা করিতে প্রস্তুত লাছি।" "কুমার" ভনিয়া শৈদ-বালা চমকিয়া উঠিলেন। "দিলীপ-কুমার! দিলীপ-রাজপুত্র ! তবে তাঁহার প্রণয়িনীও কোন রাজবংশীয়া হইবে। অজ্ঞাতকুল্ণীলা শৈলবালা এখন আর কথনই ভাঁহার প্রণাথিনী নহে। তাঁহার স্থলরী প্রেয়নীর নিকট শৈলবালা व्यम मात्रीत मात्री। वालामशी देननवालात कथा मिनीत्पत হৃদয়ে এখন আর বিকুমাত্র স্থান পায় না। ভাছা হইলে ভিনি শৈলবালাকে চিনিতে পারিভেন। यपि সেই বাল্য-দ্বীকে মনে থাকিত তাহা হইলে এতক্ষণে চিনিতে পারি-তেন। যে দিলীপের নাম তাঁহার হৃদরে সর্বাদা জাগ্রত রহি-য়াছে, এখন দেখিতেছেন, তিনি রাজকুমার বলিয়া সেই অনাথিনীকে চিনিতে পারিলেন না, তিনি এখন নবাছরাগী इहेग्राह्म ।" रेमनवाना जापनात पुक्रवादण जुनिया (शानन, দিলীপ ভাঁহাকে বালিকা দেখিয়াছিলেন, এখন বে তিনি ভাহা হইতে কত পরিবর্তিত হইয়াছেন ভাহাও ভূলিয়া গেলেন। জাঁহাকে চিনিতে না পারায় তিনি দিলীপেরই যত দোষ দেখিলেন। তিনি ভাবিলেন "দিলীপ নবাস্থরাগী হই-য়াছেন।" শৈলবালা ভাঁহার দৃচ্মূল প্রণয় উন্মূলনের চেটা। করিলেন কিন্তু হৃদয় উৎপাটিত হয়, তথাপি হৃদয়রোপিউ প্রণয় উন্ম লিভ হইবার নহে।

কিরণসিংহ বিজয়কে তাঁহাদের সজে লইরা বাইজে বলি-ডেছেন শুনিয়া প্রভাবতী নিকটে আসিয়া তাঁহাকে বলিলেন "আমি একটা অপরাধ করিরাছি, মার্জনা করিতে ইইবে।" কিরণসিংহ হাসিরা বলিলেন "আপনি" কি অপরাধ করি-কেন্ন ?"

প্রতা। "আমি আপনার ন্থায় উপকারী ব্যক্তির নিকট আত্মপরিচয় লুকাইয়া রাথিয়াছি।"

কিরণ। "আমি আপনাকে এখনো ভো ভাহা জিজ্ঞান। করি নাই।"

প্রভা। "আপনি না জিজ্ঞাসা করিলেও আমার বল। উচিত ছিল, এখন পরিচয় দিয়া আপনার নিকট প্রায়ন্ডিত করি, আপনি একবার কবিচল্লের নাম করিলেন, আপনি কি ভাঁছার সহিত পরিচিত আছেন ?"

কিরণ। "আছি। আমি তাঁহার অস্ত্রশক্ষান জন্তই দিলি
হইতে বহির্গত হইয়ছি, আজ তাহা নহিলে আপনাদিণের
সহিত সাক্ষাৎ লাভ করিতে পারিতাম না।" প্রভাবতী বলিলেন "আমি কবিচল্লের স্ত্রী—''দিলীপ বিশ্বস্থ সহকারে বলি
লেন "আপনি কবিচল্লের স্ত্রী? আপনারা ভলে আর্থিই পুরুষ
বেশ ধারণ করিয়াছেন, আমার সন্দেহ সভ্য ইইয়াছে। তবে
আপনাদিসের দিলি আগমনের কারণ কি?" প্রভাবতী বলিলেন "আমরাও তাঁহার জন্ত আক্ষমীর হইতে আসিভেছি।
আপনি বে জন্য ঘাইতেছেন, সেই কর্ম্মে বলি আমাদিসকে
সঙ্গে করিয়া নইরা যান, ভাহা হইলে আপনি বিভীন্নবার
আমাদের প্রম্ম উপকার করেন।" প্রভাবতী পরে শৈল-

বালাকে বলিলেন "কি'বল শৈল ! ইহাঁর সহিত ছাইলে ভালখ হর না ?" "শৈল !" শৈল গুনিরা কুমার চমকিরা উঠিলেন । গভীর স্বপ্ন দেখিতে দেখিতে সহলা নিদ্রাভঙ্গ হইলা মেনক স্থপ্নের আভালে ও লত্যের আভালে জড়ীভূত হইরা মনকে বিহল করিয়া তোলে, কিরণের মনও দেইরূপ বিহললপ্রার হইরা উঠিল । ভিনি ভাবিতে লাগিলেন—''এই কি ভবে আমার সেই হদরের শৈলবালা নর ? আমার শৈলও তো আজমীরে ছিল ?''

কুমার এবার সেই বালকের বদনমণ্ডলে শৈলবালার মুখাবের দেখিতে পাইলেন, তিনি ঘন ঘন ভাঁহার মুখপানে চাহিতে লাগিলেন, ঘন ঘন ভাঁহার নাম অক্টু স্বরে উচ্চাবণ করিতে লাগিলেন, ঘন ঘন ভাঁহার নাম অক্টু স্বরে উচ্চাবণ করিতে লাগিলেন, ঘন ঘন ভাঁহার ওষ্টামর কাঁপিতে লাগিল, তিনি ভাঁহার বাল্যমখীকে চিনিতে পারিলেন। উলানে ভাঁহার ফ্লয় অভিভূত হইয়া গেল,জানিনা কি ভাবনাতে অথবা কি অভিলাবে ভিনি ঘেন ঈয়ৎ অধীর হইয়া পড়িলেন—আবার পরক্ষণেই গভীরভাবে ফ্লমের উচ্ছাম কতকটা শমিত করিয়া মনে মনে বলিলেন 'শৈল। কেন তুমি সেই ক্টারবাদিনী বালিকাই রহিলে না । কেন তুমি সেই শৈশবচাঞ্চল্যের প্রতিমাই রহিলে না । তাহা হইলে আজ ভোমাকে সেই বাল্যভালবাদার অহ্বাগ ভরে জালর করিতে কিছুমাত্র স্কৃতিত হইতে হইত না ।" কুমার বুরিলেন ভাঁহাকে চিনিতে পারিয়াই শৈলবালা ভাঁহার মন জানিতে

্চেষ্টা করিতেছিলেন। ভাঁহার চলনার মনে মনে হানিলেন। কিরণসিংহ হর্ষগদগদ চিত্তে প্রভাবতীর প্রস্তাবে সম্মত হই-লেন। • শৈলবালাও ভাঁহার মনের ভাব বুঝিভে পারিলেন, प्रिंशितन अधाना मिलीएशत क्षमत्र देशनवानात शूर्व, छिनि এতক্ষণ মিখ্যা দোষারোপ করিতেছিলেন। শৈলবালা ও প্রভাবতীর দিল্লি যাওয়া রহিত হইল দেখিয়া, বিজয়ও অতি-শর আহলাদিত হইলেন। তাঁহারা দিলি যাইলে পুথীরাজ ভাঁহাদের নিকট বিজ্ঞার কুমন্ত্রণা ভনিয়া শাবধান হইবেন, এই ভাবনায় তিনি চিন্তিত হইয়াছিলেন। এখন তিনি নিশ্চিত হইয়া গৃহ অভিমুখে যাইতে যাইতে মনে মনে বলিতে লাগিলেন 'ঈশ্বর এবার নিতাস্কই পৃথীরাজের উপর বিষুধ। চল্রপতি ধত হইলেন, আমার কুমন্ত্রণা বারম্বার প্রকাশ হইয়াও হইল না, সকলদিক হইতে যবনদিগের জয় হইবার স্থবিধা হইতেছে। এখন দেখা যাউক, আমার আশা দফল হয় কি না ?

ত্রয়োর্বিংশ পরিচ্ছেদ।

মহন্দ্রদারি কবিচন্দ্রকে বন্দী করিয়াছিলেন। হত্যাই মুদলমানস্বভাবস্থাক, ভাহা না করিয়া তাঁহাকে বন্দী করি-লেন কেন্? ইহার জনেক কারণ আছে। ডিনি ভাবিলেন

जरग्राविश्म शतिराष्ट्रम ।

"ষদি যুদ্ধে পরাঞ্জিভ হন, তাহা হইলে কবিচল্লকে বধ করিলে পৃথীরাজ জুদ্ধ হইয়া ভাহার সমুচিত দওবিধান করিবেন। छाहा अर्थका कविष्ठलक हरल ताथिक यनि यवनिरमत মধ্যে সম্ভ্রান্ত কোন লোক বন্দী হয়, তবে তাহার উদ্ধারের উপায় রহিল। ভাহার পর যদি যুদ্ধে জয় হয়, তথন আর তাঁ-হাকে মারিতে কতক্ষণ ১ তাহা হইলে একবার ভাঁহার দর্পচর্ণ করা ষাইবে।" এই প্রকার দকল দিক বিবেচনা করিয়া ভিনি কবিচন্ত্রকে বধ করেন নাই। অতাস্ত সতর্কতার সহিত হস্ত-ন পদ শৃত্যলাবদ করিয়া তাঁহাকে বন্দী করিয়া রাখিয়াছিলেন। সমস্ত দিবারাত ভাঁহার শিবিরের চতুর্দিকে অন্তধারী প্রহরী থাকিত, এবং তিনি শিবিরের মধ্যে কি ভাবে আছেন, কি করিভেছেন, দঞ্জেদতে প্রহরীগণ শিবির মধ্যে প্রবেশ করিয়া তাহা দেখিত। এই অবস্থায় থাকাতে কবিচল্লের পলায়ন করিবার আর কোন সম্ভাবনা ছিল না। সমস্ত দিন করে অভিবাহিত করিয়া, কেবল প্রতিদিন সন্ধাকালে তিনি একবারমাত নিকটন্থ নদীতীরে গিয়া সহস্তে রুদ্ধন করিয়া আহার করিতে পাইতেন এবং নেঁই সময়ই প্রহরীরা ক্ষণ-কালের জন্য তাঁহার বন্ধন মোচন করিয়া দিত। প্রথম হুই তিন দিন ভাঁহার অদৃষ্টে তাহাও ঘটে নাই। যবনের। নৈই শিবির মধ্যে আহারীয় দ্রব্য আনিয়া দিয়া দেইখানে রক্ষন করিতে বলিমাছিল। তিনি সেই যবনসংলগ্ন তামুছে রন্ধন कतिष्ठ अत्रीक्वछ इटेलन। यवत्नता ज्ञाविन "धथन कति-

দীপ-নির্ব্বাণ।

एउट्टिं नो, यथन छेनत अनिद छथन आत वनिष्ठ हरेदि ना ।° কিন্তু হুই তিন দিবদ গত হইল, তিনি কুধা ভূফার অবসর হইয়া পড়িলেন, তথাপি ডাঁহার ক্তিয়ভেক ও হিন্দুনিষ্ঠার হাস হইল না। তিনি সেখানে আহার করিতে সমত হইলেন না ৷ বলিলেন 'মৃত্যু হইলেও যবনশিবিরে আহার করিবেন ' না।" তিনি এখন মরেন ইছা পরামর্শসিদ্ধ না হওয়াতে যধনেরা অগত্যা তাম্বর নিকটম্ব নদীতীরে দিনাম্বে এক-বার করিয়া ভাঁহাকে লইয়া যাইতে বাধ্য হইল। তিনি যথন দেইখানে বাইতেন দক্ষে ছয়জন করিয়া অস্ত্রধারী প্রহরী বাইত। তিনি যতক্ষণ সান রন্ধনাদি সমাপ্ত করিয়া কিরিয়া না অসিতেন তাহার। ততক্ষণ সঙ্গে সঙ্গে থাকিত। প্রথম প্রথম এই প্রকার মহা সভর্কতা আরম্ভ হইল। কিন্তু যথন वनौत পनाशस्त्र किছूमाज हारी उ हेन्छ। स्थि ए भारेन ना তথ্ন ক্রমে সতর্কতা কিছু শিথিল হইয়া আসিল। ছয় জন প্রহরী গিয়া চারিজন হইল, চারিজন গিয়া ভিনজন হইল, ক্রমে ভাহা হইতে আরো কমিয়া আদিল। ছুইঞ্স মাত্র রহিল। কোন কোন দিন একজনও থাকিত। আর তাহার। मर्म मर्म विविचन। कविन, वनौरक छन्नरे वा कि ? यनि পলায়নের চেষ্টা করে, নিকটেই শিবির, একডাকে মুহুর্ভমধ্যে কভলোক আসিবে।

ু একদিন সন্ধ্যাকালে কবিচল নদীতীরস্থ এক বুক্ষমূলে বসিয়া রন্ধন করিতেছেন, অনুরে মুইন্ধন প্রহনী বসিয়া

আছে। অমাবদা, চতুর্দিক অন্ধকার। কেবল ভাঁছার রশ্বনের অগ্নিতে অরস্থান ব্যাপিয়া একটু আলোক হইয়াছে। र्घा किरास्त मान रहेन (यन नहीं निशा अक्शानि त्नोका हिना शान, जात जमि तारे नमारे छाँशात नम्पूर्य এক খণ্ড কুল্র প্রস্তর পড়িল। তিনি তাহা হত্তে লইয়া দেখিলেন, ভাহাতে একথানি পত্র বাঁধা আছে। তিনি শীষ্ত্র পত্থানি খুলিয়া লইলেন। প্রহরীগণ প্রস্তর পড়া শব্দ ভ্রিরা 'কি, কি," করিয়া নিকটে আগমন করিল। কবিচল ক্লুত্রিম ভর প্রকাশ করিয়া বলিলেন "কি, জানি না, কিছু আমার বড় ভয় হই তেছে। রাম রাম।" একজন প্রহরী ভূত মনে করিয়া অভিশয় ভীত হইল। আর একজন ভাবিল "হয় তো কেহ আদিয়াছে।" দে চতুর্বিক क्षिएंड शता अक्षकारत किंडूहे (मथिएंड शहेन ना। ভাবিল কোন নিশাচর পক্ষী হয় তো বুক্ক হইতে নিয়ে কিছ ফেলিয়া দিয়াছে, ভাহারই শব্দ হইল। এই সমর শিবির অঞ্লে একটা ভয়ানক কোলাহল ওঠাতে, দে দেই ভীক व्यवतीरक शिविदत कि व्वेताछ प्रिथिश शामिएछ विलल। কিছ কবিচন্দ্রের কথায় সে এত ভীত হইয়াছিল, যে শিবির পর্যাম্ভ একেলা বাইতে ভাহার ভয় হইতে লাগিল। ভাহার যাইতে অনিচ্ছ। দেখিয়া, অন্ত প্রহরী বলিল "ভবে আমি ধাই, শিবিরে কি কোলধোগ হইতেছে দেখিয়া আদি। ভূমি गांवतारन भागाता (में अ)। यनि आसात आंगिए विनय हत्र,

করেদীকে সঙ্গে লইয়া শিবিরে যাইও। আমার জনা অপেকা করিও না।" সে চলিয়া গেলে কবিচক্র পদ্ধ পড়িয়া দেখিলেন।—

"আমরা আপনার উদ্ধার ক্ষন্য আসিয়াছি। ভর নাই। কি প্রকারে শীল্প উদ্ধার করা যাইতে পারে ভাহার একটা উপায় স্থির করিতে পারেন ত কোনমতে ভাহা নিখিয়া জলে ভাসাইয়া দিলেই আমরা পাইব।"

চল্লপতি ভাবিলেন "যদি এই স্থবোগে কোনমতে পলায়ন করিতে পারেন তবেই পারিলেন। কেন না এখন একটীমাত্র প্রহরী এখানে রহিয়াছে, ভাহার হস্ত হইতে কৌশলে কিন্তা বলে প্লায়ন করিতে পারিবেন। অধিক প্রহরী আদিলে পর্লায়ন ভত সহজ হইবে না।" এই ভাবিয়া সেই পত্তের পূর্চে অঙ্গার দারা লিথিলেন "প্রহরী একা-এই সুযোগে।" পত্রলেখা হইলে তাহা উত্তমরূপে মুড়িয়া বুক হইতে কয়েকটী পাতা ছিঁড়িয়া লইলেন। সেই পাতা গুলিন একটা কুল্র নৌকার আকারে করেলবিভ করিয়া একটা পাত্র হন্তে লইয়া জল আনিবার ছলে নদীপভিমুখে গুমন করিলেন, প্রহরী সঙ্গে সঙ্গে চলিল। পাছে জ্বলে অন্তারাক্ষর ধৌত হয় এই জনা কবিচন্দ্র সেই পাভায় নৌকা করিয়া পত্রথানি জলে ভাগাইয়া দিলেন। পত্র ভাগাইয়া জন লইয়া আদিবার সময় পত্র লইতে কেই আদিল কি না দেখিতে তিনি এক একবার পশ্চাৎদিকে চাহিয়া দেখিতে

माशितन। श्रद्धती मत्न मत्न चारता जीज इहेन, त्न ভাবিল কবিচল্র হয়তো কাহাকেও দেখিতে পাইয়াছেন। পুর্বের প্রস্তর ছুঁড়া হইতেই দে ভীত হইয়াছিল i কি দেখিতেছ বলিয়া দেও নদীর দিকে চাহিয়া দেখিল, अमिन गरीत लामाक इट्टेश छेठिन, खबगीन स्नीकात প্রেভি ভাহার দৃষ্টি পড়িল, অম্বকারে ও ভয়ে দে ঐ নৌকাকে একটা ভয়ন্ধর মূর্ত্তির স্বরূপ দেখিল। প্রহুরী যে ভয় পাইয়াছে ভাহা কবিচক্স ব্ঝিলেন। সে ভয়ে নীৎকার করিলে শিবির হইতে অনা লোক আদিয়া ভাঁহার পলায়র্নে বাধা দিবে এই হেতু তিনি তাহার মুখ বন্ধ করা আবশ্যক দেখিলেন। প্রথমে তাহা বলহার। সম্পন্ন না করিয়া কৌশল অবলম্বন করিলেন। তিনি প্রহরীকে বলিলেন ''দেথ, সাবধান-এথানে উচ্চৈ:ম্বরে কথা কহিও না। যদি উহারা অন্যমনম্ব থাকে, আমরা চীৎকার করিয়া কথা কহিলেই আমাদের দেখিতে পাইবে, অথবা উহাদের আমাদের প্রতিরাগ হইবে, তাহা হইলে এথনি আমাদের वध कति (व ।" প্রহরীর ভয় আরো বৃদ্ধি হইল, এই সময় কিরণসিংহ তরবারি হস্তে তাহাদের দিকে অগ্রসর হইলেন। প্রহরী ভরে তাহাকে তালবুক্ষ প্রমাণ ভরন্ধর মদীময় মৃতির ন্যায় দেখিল, ভাহার হস্তস্থিত তরবারিও বিপরীত দীর্ঘ বোধ হইছে লাগিল, দেই মূর্ত্তি ক্রমাগত অগ্রসর হইরা ভাহাকে ষেৰ ধরিছে আসিল। প্রহরী ভয়ে অজ্ঞানবৎ হইয়া পলা-

बरनेत (हरें) कतिन. किन्ह भन मतिन मा । करम मूर्कि भावत ক্রমর হইয়া এক হন্তে তাহার হস্তধারণ করিয়া, অপর হত্তে ভরবারি প্রদর্শন পূর্ব্বক বন্ধ গন্তীর সরে বলিল "কথা কহিও না, নিঃশব্দে সঙ্গে আইস। যাহা বলিলাম ইহার वािकम क्रिए (हरे। क्रिलिंग अहे जुत्वाित मक्राक পড়িবে।" প্রহরী কিছুই উত্তর করিল না, তাহার শরীর অবসন্ন হইয়া আসিল, সে কিছুই শুনিতে পাইল না। ভাছার প্रक्रियात लक्ष्म (मिथ्रश कित्रमिश्ट इस हाजिश मिल्नेन, मि অজ্ঞান হট্যাপডিয়াগেল। কবিচন্দ্র নিকটে আসিয়াবলি-লেম "উহাকে আর নৌকায় লইয়া যাইতে হইবে না. প্রহরী ভরে অজ্ঞান হইয়া পড়িয়াছে। উহার জ্ঞান হইতে হইতে আফরা অনেক দৃরু যাইতে পারিব এবং আমরা কোন্ দিকে বাইব তাহা না জানায় জ্ঞান হইলেও পথ বলিয়া'দিতে পারিবে না।" ভাঁহারা তথনি নৌকায় উঠিয়া নোকা ছাড়িয়া দিলেন। क्विष्ट तोकाय छेठिया प्रिथलिन एनरे क्रीयबानी निनील ভাঁহার উদ্ধারকর্তা। ভাঁহাকে দেখিয়া তিনি আকর্যা হই-বেন, জিজাদা করিবেন "তুমি দিলী হইতে আদিতেছ ?" কিরণ বলিলেন ''হাঁ, আপনার ঘবনশিবির হইতে আদিতে বিলয় দেখিয়া আমি মহারাজের আজা লইয়া জাপনার मकात्म व्यामियाहि।" প্রভাবতী ও শৈলবালার দংবাদ দিলীপ कि इ कार्यन कि ना किकामा कतिए कविष्ठ एक रेक्श रहेन, किंद जाजमीतित मःवान छोहात किंदू जामियात महानम

নাই দেখিরা সে অস্থ্যকান হইতে তিনি নিরস্ত রহিলেন।
ক্রমে নৌক। শিবির হইতে দ্রে আনিলে কিরপ কিজ্ঞাসা
করিলেন "এখন কি আর কোন ভর আহিছে।" ক্রবিচন্দ্র
বলিলেন "না, আর কোন ভর নাই। এখন বিলীর সমাচার"
কি ? তাহা শুনিতে আমার মন অভিশর চঞ্চল হইরাছে,
শীজ বল।"

কিরণ। "নিল্লীর সমাচার সমস্ত মকল। আজ অধিক রাত্রি হইয়াছে, তইতে চলুন, কাল সে বব কথা হইবে।" কির-্ৰের ইচ্চা ছিল না যে, শৈলবালা ও প্রভাবতী তাঁহার সহিত আদিয়াছেন ভাহা চল্রপতি আৰু জানিতে পারেন। ভাঁহার। প্রামর্শ করিয়াছিলেন, চন্দ্রপতি নিদ্রিত হুইলে প্রভাবতীকে তাঁছার নিকট প্রেরণ করিবেন, তাহা হ**ইনে নিস্তাভঙ্গে হঠা**ৎ প্রভাবতীকে নিকটে দেখিতে পাইয়া, চল্রপতি অভিশয় বি-শ্বিত ও জাহলাদিত হইবেন। পাছে কথায় কথায় তাঁহাদের আসার কথা বলিয়া ফেলেন-সেই মন্য ভিনি আৰু অধিক কথা কহিতে চাহিলেন না। দিল্লীর কোন মন্দ সমাচার না ভ্ৰিয়া চল্ৰপতি একট নিশ্তিত হইলেন। কিছ ঐটুক মাত্ৰ ভ্রিষা তিনি সম্ভই হইলেন না। সমস্ত রাত্রি তিনি দিলীপের নিকট দিল্লীর দংবাদ শুনিতে পাইতেন, যুদ্ধের কি প্রকার জা-রোজন হইতেছে জানিতে পারিতেন, আপনি মহমদ ঘোরির महिक विषयात व नतामर्ग अनियाहित्मन छारा मिनीरनत নিক্ট ব্লিডে পারিতেন,ভাষা হইলে সম্ভ ইইভেন,কিছ কির-

ণের বে বিবরে নিভান্ত অনিচ্ছা দেখিয়া ও ভাঁহাকে বিশ্রাম করিতে দেওয়া বথার্থ আবশ্যক বোধে, অগভ্যা অদ্য রাত্রে সে সকল কথা স্থাতি রাখিতে বাধ্য ইইলেন। কিরণিসিংহ বলিলেন "নৌকার মধ্যে অন্ত লোক আছে, আন্তন আমরা অদ্যকার মত ছাতে ভই।''কিরণসিংহ ও কবিচন্দ্র দেই রাত্রে ' নৌকার ছাতে ওইয়া রহিলেন। কতদিন পরে আজ ববন-কবল হইতে নিস্তার পাইয়া, অধীনতাশুখল হইতে মুক্ত হইরা, দিল্লীর সমস্ত মঙ্গল ভনিয়া মনের হুখে, স্বাধীন বায়ু উপভোগ করিতে করিতে, ক্ষণকাল মধ্যেই চল্রপতি গভীর নিক্রায় অভিভূত ইইয়া পড়ি লন্। তিনি নিদাগত ইইলে. কিরণিশংছ দেখান হইতে আন্তে আন্তে উঠিল গিলা প্রভা-বতীকে তাঁহার নিকট প্রেরণ করিলেন। পর্নিন নিদ্রাভঞ্চ হইলে কবিচন্দ্র সহসা দেখিলেন প্রভা তাঁহার পদতলে বদিয়া আছেন। তাঁহার চকুতে অপ্রতায় জন্মিল, তিনি ভাবিলেন, এখনো বুঝি তিনি খুমাইয়া স্বপ্ন দেখিতেছেন। আবার উত্তন-क्राप्त निवीकन कतिया किथितन, दिशस इक्की उने नाय শেষে চমকিত ভাবে উঠিয়া বৃদিনে। প্রভাবতী তথন স্বামীর পদতলে পড়িয়া অনম্ভ স্থপূর্ণ উচ্চাবভরে কাঁদিতে লাগিল, যে আদরের পরশে লজাবতী লভাট ভিত্তমান হইয়া পড়ে, শিশিরের সোহাগ চুছনে ফুলগুলি আরো ক্লান্ত হইয়া পড়ে, কতদিন পরে কবিচল্লের মুখধানি দেখিয়া সেইরূপ সোহাগের অভিযান ভরে, ভাহার এত দিনকার

বিচ্ছেদ যত্ৰণা সারে। যেন উথলিয়া উঠিল—মাগো,কভাঁদন-কভদিন প্রভাবতী সামীর ঐ মুখধানি দেখিতে পান নাই! পাষাণ প্রাণ বলিয়া বুকি ভাই বাঁচিয়াছে।

কবিচন্দ্র ত্রীর অপ্রপূর্ণ মুধধানি ক্রোড়ে রাথিয়া স্থাধি অভিতৃত হইরা পড়িলেন। কিছুক্ষণ এইরূপ নিস্তব্ধ মোহময় তাবেই তাঁহাদের কাটিল—ক্রমে একটি একটি করিয়া তাঁহালদের কথা আরম্ভ হইল—প্রভাবতী তাঁহার জ্বংখের কথা বলিতে বলিতে আফ্লাদে কত কাঁদিলেন। যাহা যাহা বলিবেন মনে করিয়াছিলেন, তাহার অর্ক্রেক্ত বলিতে পারিলেন না, এখন আফ্লাদে সকল ভূলিয়া গেলেন। যাহা মনে ছিল শেষ করিয়া বলিলেন "আমরা ভো আবার স্থী হইলাম, এখন শৈলবালাকে স্থী করিতে পারিলেই হয়।"

চন্দ্ৰ। "কেন, সে কিসে অন্থথী ?''

প্রভা। ''ভাষা কি তুমি জাননা? সে যে দিলীপ দিলীপ ক'রে সারা হোল। দিলীপ কে ভাষা কি তুমি জান? ভাষার যথার্থ নাম কিরণসিংহ। ভিনি সমরসিংহের পুত্ত।" চল্লপতি অভিশর বিস্মাপন হইয়া বিজ্ঞাসা করিলেন "কি? দিলীপ কিরণসিংহ? মহারাজ সমরসিংহের পূর্কাপক্ষত বালক! তুমি কিপ্রকারে জানিলে?"

্ প্রভা। "তাঁহারি মুখে ভনিয়াছি।" কিরণসিংহের সহিচ তাঁহাদিগের কিপ্রকারে দেখা হইয়াছিল, প্রভাবতী ভাহা প্রপ্রকাশে ভূনিরা গিরাছিলেন। তাঁহার কথা আরম্ভ হওরাতে এখন ভাহা বলিলেন। পর্বভিত্তহার যে হিন্দুর ও মুসলমানের পরামর্শ শুনিরাছিলেন ভাহাও সবিশেষ বলি লৈন। সেই মন্ত্রণা কিরণসিংহ স্বরং পূথীরাজকে বলিতে না পিরা, বিজরকে প্রেরণ করিয়াছিলেন, ইহা শুনিরা ক্রিকে বল্লাহত হইলেন। তিনি বলিলেন "কি দৈব। যে নিজে বিশাস্ঘাতক, ভাহাকেই বিশাস্করিয়া পৃথীরাজের নিকট প্রেরণ করা হইয়াছে।" কোধে ও নৈরাশ্যে তাহার পেই প্রশাক্ত ললাট বিবর্ণ ও ঘর্মাস্কিত হইয়া উঠিল, গৌরকাছিবলন আরম্ভ হইয়া এক অপূর্ক ভাব ধারণ করিল, তিনি যবন-শিবিরে মহম্মদ্যোরির সহিত বিজয়ের যে প্রাস্থিকি ভিনয়াছিলেন, ভাহা বলিতে কিরণিনিংহকে ডাকিলেন।

কুমার এতক্ষণ শৈলবালার সহিত কথা কহিতে বাত ছিলেন। নৌকায় আসিয়া অবধি শৈলবালা ও প্রভাবতী একবে থাকাডে, নির্জন না পাইয়া পরপার মন্ত্র খুলিতে পারেন মাই। যবন অভ্যাবগতর হইতে এবন কতকটা নিন্দিন্ত হইয়া ও নির্জন আলাপনের হাবিগা পাইয়া তিনি শোলবালার দঙ্গে মন খুলিয়া কথা কহিতেছিলেন। তীহারা হইজনে পৃথক হইলে, হইজনের আবিনে যে যে ঘটনা হই-য়াছিল, ভাহারি কথা কহিতেছিলেন। শোলবালা বলিলেন "হুমি এখন রাজপুত্র, ভোমার কি আন এই অক্সাভকুলশীলা ব্যব্যবহীকে এখন মনে থাকিবে ?" কুমার বলিলেন "কঁথার ভাবে বোধ হইতেছে, ভূমি যদি রাজকনা হইতে, আর আমি যদি রাজপুত্র না হইরা সেই পূর্মকার দিলীপই থাকি-ভাম, ভাহা হইলে আর ভোমার আমাকে স্বরণ থাকিত না ভাহা না হইলে ও প্রকার বলিবে কেন ?" দৈলবালা হাসিয়া বলিলেন "ব্রীলোকদের প্রণের ও প্রকার নহে; আমি পৃথিবীখরী হইলেও ভোমাকে ভূলিভাম না।

কিরণ। 'ভবে স্বামি ভূলিব কেন ?"

শৈল। "আমি ভোমার সমযোগ্যা নহি।"

কিরণ। "সমযোগ্যা না হইলেও ভুলিভাম না। কিন্তু শৈল। বল দেখি, তুমি সমযোগ্যা নহ কিলে?"

শৈল। "দকল বিষয়ে, প্রধানতঃ কুলে শীলে।"

কিরণ। "তাহা তুমি কিপ্রকারে মীমাংসা করিতে পার ? ভূমি কি তোমার ক্লশীল জান ?"

শৈল। "না। কিছ যদি জানিভাম, ভাহা হইলেও ভো ভোমার সমযোগ্যা হইতে পারিভাম না। জামার পিভা সন্নাসী, তিনি যত বড় হউন না কেন, রাজবংশীর ভো আর ছিলেন না। আর জামি জানি না, ভূমি জান নাকি?"

किंद्रण। सनि जामि जानि कि इह ?"

শৈলবালা সহাদ্যে বলিলেন "কি জান বল না?" কিরণ-সিংহ তাঁহার পরিচয় বলিতে ঘাইডেছেন এই সময় কবি- চল্লের চীৎকার শুনিছে পাইলেন। তাঁহার স্থমস্থ ভালিল,
সবদেরা নৌকা ধরিরাছে এই ভবে ভীত হইয়াভিনি "বেগে
চালাও" বলিতে বলিতে এক লক্ষে নৌকার বাহিরে আদি"লেন। আদিরা ভয়ের কারণ কিছুই দেখিতে পাইলেন না।
কিন্তু বিনা কারণে কবিচল্লের শোক্ষ্যঞ্জক অথচ উগ্রমৃত্তি
দেখিয়া আক্ষয় হইলেন। নিকটে আদিলে কবিচল্ল মহআদ্ঘোরির সহিত বিজয়ের যে পরামর্শ শুনিয়াছিলেন ভাহা
ভাহাকে বলিলেন। কিরণ ভাহা শুনিয়া হতজ্ঞান হইয়া
বলিলেন "ভবে কি উপায়ে এখন দেশ রক্ষা হয় ?"

চন্দ্র। "উপায় তো কিছুই দেখিতেছি না। মামি
নৌকা ইইতে নামিয়া হলপথে অদাই দিলীযাতা করি।
তাহা হইলে একটু শীঘ্র যাইতে পারিব। প্রভার নিকট
তনিলাম ভূমি এখন চিতোরে যাইবে, ভূমি তবে প্রভা ও
শৈলবালাকে সঙ্গে লইয়া যাও। স্তীলোক সঙ্গে লইলে
আমার দিলী পঁছছিতে বিলম্ব হইতে পারে, আর যুদ্ধমধ্যে
স্তীলোক সঙ্গে লওয়াও উচিত নহে, বিপদ স্থান্ধন আমি
যদি যুদ্ধে বাঁচিয়া আদি, তো চিতোর গিয়া প্রভাকে লইয়া
আদির, ও শৈলবালার সহিত ভোমার বিবাহ দিব।" কিরণ
এই সমরে শৈলবালার পরিচয় চন্দ্রপতির নিকট ব্যক্ত করিলেম। তিনি অন্য সকল কথা প্রভা ও শৈলবালার নিকট
বলিয়াছিলেম, কেবল তাঁহার কুলশীলের পরিচয় দেন নাই।
কথা শেষ হইলে চন্দ্রপতি কণবিলম্ব মা করিয়া ভৎক্ষপুং

নৌকা হইতে নাৰিয়া দিলি অভিছুৰে গমন করিলেন। অভাৰতী মন্তক্মণি পাইয়াই আৰার হারাইলেন।

চতুর্ব্বিংশ প্রিচেছদ।

এদিকে প্রহরী শিবিরে গোলযোগের কারণ নির্দেশ कतिएक मानिया एनथिन, शिविदत मेहा हमञ्जून পड़िया গিয়াছে। সৈতদের আহলাদস্চক জয় জয় নাদে শিবির পরিপরিত, দে চীৎকারে কর্ণণাত করে কাহার সাধ্য। কুন্ত সৈনিকদল ও প্রহরীগণ স্থরাপান আরম্ভ করিয়াছে। চতু-দিকে সকলই আনন্দের চিহ্ন, যেন এথনি যুদ্ধজ্ঞাের সংবাদ আনিয়াছে। প্রহরী আশুর্য্য হইয়া আর একজন প্রহরীকে জিজ্ঞানা করিল 'কি ইইয়াছে ? এত আনন্দ কিসের ?' নে মুরা ঢালিতে ঢালিতে বলিল "কি হইয়াছে আমর। কি कानि ? ग्रांत्रपान गकल (यथान बाब बाह्नाम मरु হয়েছেন, সেথানে অবশ্য কোন স্থগংবাদ আছে। আর छाइ। इहेलाहे आयात्मत आत्मान कतिवात यत्थहे कातन।" हेशा अथरता आक्लारमत कात्र आरम ना स्मिशाः शहरी बादा बार्फ्स इहेन। तम बाद अकबनाक जिल्हामा कतिल, तम दलिल "उनिह नाकि, जामारमत युष्क अब इर्द, কে গণনা ক'রে বলেছে, ভাই সবার এত আহলাদ হয়েছে।" প্রহরী এইরপৈ আহলাদের নিশ্চর কারণ আনিতে না পারিয়া মহখদঘোরির শিবিরে আসিয়া উপন্থিত হইল। দেখিল, একজন দেনার সহিত মহখদঘোরি ও সভাসদ্গণ আগ্রহ সহকারে কথোপকথন করিতেছেন।

সে কে, কি বলিয়াছে, কি নিমিত ধবনেরা এত আহলা-দিত হইয়াছে, তাহা সেই প্রহরীর জানিবার অগ্রেই আমরা বলিয়া কৌতৃহল নিবারণ করি।

य युक्त भृथीतां व नमी श्हेलन, त्व युक्त कन्तां व लान-ভাগে করিলেন সেই যুদ্ধের একটা আমুপুর্বিক বুভাত আবশ্যক বোধে আমরা এই পরিচ্ছেদটি ঐ বিষয়েই উৎসর্গ করিতেছি। যবনদিগের সহিত হিন্দুদের সন্ধিত্বাপনের পর পৃথীরাজ ও কল্যাণ যে রাত্রে উধাবতীকে দেখিতে গিয়া-ছিলেন সেই রাত্তে তিন প্রহরের সময় সন্ধি ভক্ত করিয়া বব-त्त्वा निक्रक निर्किवाल मुचक्की भाव श्हेश जानिशाहित। উৎপবোষ্মত্ত হিন্দু সেনারা যথন দেখিল যে যবনেরা গুপ্ত-ভাবে আদিয়া ভাহাদের শিবিরের এক প্রান্তে অগ্নি প্রজ্ঞানিত করিয়া দিয়াছে, প্রান্তরস্থিত হিন্দু দৈভাদের বিশ্বাদ-ঘাতকভা পূর্ব্বক বিনষ্ট করিয়া আদিয়াছে, তথন ভাহারা আমোদ পরিত্যাগ পূর্বক দেই অসম্ভ অবস্থাতেই কেছ অগ্নি নির্বাণ করিতে লাগিল, কেছ যবন বিরুদ্ধে অগ্রসর रहेस । रेमलातत भागमध्यनि भार्कनात शतिन्छ हहेन. वाशक्ति कामानव्यनिष्ठ पूर्विया शन । नमत्रिश्रः विशन

দেথিরাই দশস্ত্র অধে আরোহণ পূর্বক শক্ত দমুথে গিয়া উপস্থিত হইলেন। উন্নত্তের স্থায় ছই হল্তে অদি চালন। করিতে লাগিলেন, তাঁহার অখও যেন বীর মদে মত হট্যা তাঁহাকে ঘবনদিগের মধোট আনিয়া ফেলিল। ভাঁহার চতুস্পার্শের কতকগুলি ক্ষত্রদেনা কেহ অস্ত্র লইয়া কেহ নিরস্ত্রই কেহ বর্মাবৃত কেহবা অর্দ্ধ উলঙ্গ অবস্থায় প্রাণ-পণে যুদ্ধ করিছে লাগিল,ক্রমে অল্ল অল্ল করিয়া সজ্জিত ইইয়া বৈনিকেরা ভাঁহাদের দাহায়্যে আগমন করিতে লাগিল, মৃত ও আহত দৈলদের স্থান আবার নূতন দৈলে পূর্ণ হইতে লাগিল। ইতিপ্রেই পৃথীরাজ ও কল্যাণ যবনআক্রমণ দংবাদ প্রাপ্ত হইয়া দৈনিকগণের মধ্যে আদিয়া পঁত্ছিয়া ছিলেন ৷ সমরসিংখ কিছুকাল যুদ্ধে যবনদিগকে নিরক ব'-থিতে রাথিতে তাঁহারা সেই প্রান্ত কাল্ড দৈলগণকে ম্থানাধা শুঞ্লাবদ্ধ করিয়। সমরসিংহের সহিত রণেযোগ দিলেন। ্ সমরসিংহ সমুখদিক হইতে যবনদিগকে আক্রমণ করিয়া ছিলেন, সেই জন্ত ভাঁহারা তুই পার্য হইতে আক্রমণ করি-লেন। এবং সমর্গিংহের অধীনে আরো নুতন এশনা প্রেরণ করিলেন। কেবল চার হাজার অখারোহী ও তিন হাজার পদাতিক দৈল্য দজিত করিয়া কইয়া বিজয় যেন পশ্চাৎ পশ্চাৎ আইসেন এই আজ্ঞা দিলেন। পৃথীরাজ এই সকল रेमल्य प्रतिक कि वाधित्वन, जिनित्वन विषे भारत विजास আবশাক হয় তাহা হইলে ইহাদের হারা সাহায্য পাইডে

উনত্রিংশৎ পরিচ্ছেদ।

পারিবেন। পৃথীরাজ বয়ং রাজভেরী না বাজাইলে, বিজয় যেন দেই দৈলগণ লইয়া রণে প্রবৃত্ত না হন ইহা তিনি বিশেষ করিয়া বলিয়া দিলেন। ক্রমে আবার খোরতর নংগ্রাম আরম্ভ হইল, অস্ত্রের ঝণঝণা, রণবাদা, ও সৈন্ত-. কোলাহলে শিবির কাঁপিতে লাগিল, রণক্ষেত্রে রক্ত স্রোড বহিতে লাগিল। একবার জয় জর মহারাজ, একবার আলা হোরব পরস্পরকে ছাড়াইয়া গগনমার্গে উঠিতে লাগিল। এইরূপে ক্লকাল ঘোরছর যুদ্ধের পর আবার এবারও यरानता भनाकि इहेन, अठ पूर्वज अदः कोगान ও सन्नी হইতে পারিল না। পরাস্ত হইয়া তাহারা ভীতমনে ইতস্ততঃ পলায়ন করিতে লাগিল। রণজয়ী হইয়া হিন্দুগণ আহলাদে মত হইল। তাহারা কেবল জয়ী হুইয়াই দভ্ট থাকিতে পারিল না। যুবনদিগের বিশাস্থাতকভার প্রতিক্ষল দিবার নিমিত্ত দেই পলায়নপর শত্রুদিগের অনুসরণ করিল। কল্যাণ উন্মতের স্থায় সেই ধবনরাশি ভেদ করিয়া মহম্মদঘোরির পশ্চাৎ পশ্চাৎ ধারমান হইলেন। পুথীরাজ ও ভাঁহার দৈভারা কল্যাণের পশ্চাৎ অন্থ্যমন করিলেন। ভাঁহাদের এইরূপ উন্মত্তা দেখিয়া বীরশ্রেষ্ঠ সমর্সিংহ ও সলৈতে ভাঁহাদের সাহায্যার্থে গমন করিলেন। **बहेक्रा** श्रेमरम हे क्यां बार एमे एड नामिन। काम हिन् टेम्छ त्र विमुख्यन इहेश পड़िन। सहस्र एघाति यथन (मिथ-লেন কল্যাণের সেনা আঙরান হইয়া পৃথীয়াঞ্ব ও সমর-

সিংকের দশবলকে অনেক ছাড়াইয়া আসিয়াছে তথন তিনি महमा हरिम्छ कितिया पाँजाहरतन, कनाां अधनि शूर्वरवा অশ্বচালাইয়া তাঁহার নিকট আসিলেন এবং উন্মতের নাায় অবি চালিত করিয়া বলিলেম "রে যবন, ভোর বিশ্বাস ঘাতক-ভার দণ্ড গ্রহণ কর" বলিয়া মহমদঘোরির বক্ষে ভরবারি আঘাত করিবার মানসে প্রচও বেগে অস্ত চালিত করিলেন. কিন্তু মহম্মদ্যোরি ভীরবৎ পশ্চাৎ সরিয়া যাওয়াতে ভাহার অগ্রভাগমাত ভাঁহার কক স্পর্শ করিল, ভাহাতেই গেই অস্ত্রের প্রাথনাশী তীক্ষতা অত্বত্তব করিয়া তিনিও তীব দৃষ্টিতে কল্যাণের মন্তক লক্ষ্য করিয়া থড়েগাভেলন করি-লেন, কিন্তু কল্যাণের ঢালে পড়িয়া ভাহা তথনি চুর্ হইয়া গেল, মহম্মদঘোরি অমনি আবার দিমের মধ্যে কটিস্থ অবি খুলিয়া লইলেন। কিন্তু ভাহা খুলিয়া লইবার আবশাক ছিল না, কেন না ভাহার অনভিপূর্বেই একজন দৈনিক পশ্চাৎ-দিক হইতে কল্যাণকে লক্ষ্য করিয়া একটি শর সন্ধান করি-'য়াছিল। সেই শর কলাাণের মস্তিক দিয়া লকাট ভেদ করিয়া আটকিয়া বহিল,কল্যাণ ভাষা চকিতের নাং ম টানিয়া লইতে লইতে পশ্চাৎ ফিরিয়া দেখিলেন। দেখিলেন विजयनिः गहामरन जात अवि गतमकान कतिया विकरे ্ হাগ্য হাদিতেছেন। কল্যাণ ভাষা দেখিতে দেখিতে মস্তক-স্থিত শর ভূলিয়া বে'গ দূরে নিক্ষেপ করিলেন, ভাহা এক যবন সেনার মন্তকে বিদ্ধ হইয়া তাহার প্রাণ বিনাশ করিল।

কল্যাণ বিজ্ঞার দিকে চাহিলেন, কিন্তু ভাঁহাকে • আর बातककृत प्रिथिए इहेन ना, छाहात मस्तक विध्विष्ठ हहेएछ লাগিল এবং "রে পাপীষ্ঠ, উষাবভীকে বধ করিয়াও ভোর রক্ত প্রিপাদা মিটিল না" বলিতে বলিতে মুভপ্রায় হইয়া-. यत्रामाशी श्रदेश পि जिन् । मश्चम पातित উ छानि ७ थएका কল্যাণের অর চ্ছিন্ন মন্তক হইরা ভাহার আরোহীর সঞ্চেই পড়িল,উভয়েই ক্ষণকালমধ্যে প্রাণত্যাগ করিলেন। এমন সময় নদৈতে পৃথীরাজ ও নমরদিংহ আসিয়া পড়িলেন। তাঁহার। যেন সহস্রগুণ বলবান হইয়া যবনসেনাদিগকে আজনণ করিলেন। সহসা মহমদঘোরির সেই লুক্কামিড সৈন্যভাগের মধ্য হইতে, ৫০০০ অশ্বারোহী, এবং ৪০০০ হাজার পদাতিক নৈন্য আদিয়া দেই বিশৃত্খল আন্ত ক্লান্ত হিন্দুদেনাদিগকে ঘিরিয়া ফেলিল। তথন পৃথীরাজ বিজয়কে দেই অবশিষ্ট নৈন্ভাগ আনিবার জন্য কটাস্থ ভেরী বাজাইয়া ডাকিতে লাগিলেন। বিজয় আসিলেন না। পুথীরাজ সমরসিংহ প্রভৃতি সকলে প্রতিক্ষণে বিষয়ের জন্য অপেকা করিছে ' লাগিলেন বিজয় আসিলেন না। বিজয় আসাপর্যান্ত কিছু-কাল জনাও যদি খবনদিগকে যুদ্ধে ব্যাপৃত রাখিতে পারেন এই চেষ্টায় ভাঁহারা দেই রণশ্রাম্ভ ভগ্নাবশিষ্ঠ অল্প সংখ্যক দৈন্য লইয়া বিপুল যবনদেনার অগ্রসরে বাধা দিতে যত্ন-वान श्टेरलन । . किंख रानाभन तरन उक्र निरंख वाक्षा श्टेल, তথাপি বিজয় আসিং ন না। তবুও নুতন সৈন্য আসিতেছে

এই আখাদ দান করিয়া ও হিন্দুবীয়া খন্ত্ৰণ ক্যাইয়া তাহারা मार्था मार्था रेगना विजयक नमरता दनाही कतिए काशित्वन क এক এক বার বিজয় সদৈনো আসিতেছেন কি মা দেখিতে नांशितन । अहे ममन मृत हरेए रमना मम्हरक छाहारमत দিকে অগ্রসর হইতে দেখিলেন। বিজয় সৈনা লইয়া আসি-. ভেছেন এই আশার তাঁহাদের হৃদর উৎফুল হইরা উঠিল। বিজয়কে পশ্চাৎ রাথিয়াছিলেন কিন্তু সমুখ দিয়া আসিতে দেখিয়া পৃথীরাজ ভাবিলেন, কোন কারণে এই দিক দিয়া খুরিয়া আদিতে হইল বলিয়া বিজয়ের আদিতে এত বিলম্ব হইয়াছে। নুভন দৈনা দেখিয়া পৃখীরাজের দৈনাগণ আবার বলপ্রাপ্ত হইল। ভাহারা 'জয় জয় মহারাজ' বলিতে বলিতে দিওণ বেগে দিওণ রোমে সেই প্রভৃত মান সেনার সহিত যুদ্ধ করিতে লাগিল। ক্রমে সেই দৈনাগণ নিকটে আগমন कदिल । अभिन ताक्ष्रु छन्। एन इ क्षत्र का इरेश राम । ভাহারা হভামাস হইয়া পাড়িল—হায়! এ বিজর্মের দৈন্য নহে। আবার নৃতন ৫০০০ যবন অখারোহী ও ৬০০০ যবন পদাতিক দৈন্য তাহাদের আক্রমণ করিতে আসি: ভাছে।

এই সময় পৃথীরাজ পরাজিত সৈন্যগণের সহিত বিজয়কেও পলায়ন করিতে দেখিলেন। তিনি বুকিলেন বিজয় তাঁহার বাক্য লজ্মন করিয়া পূর্ব হইতেই আপন অধীনত্ব সৈন্যকল লইয়া সংগ্রামে প্রবৃত্ত হইয়াছিলেন, এখন ভাহারাও অন্য দৈন্যগণের ন্যায় শ্রাস্ত হইয়া যুদ্ধে অপারগ হইয়া পড়িয়াছে।

উনত্রিংশং পরিচ্ছেদ।

234

সমরদিংই ও পৃথীরাজ আর উপায় দেখিলেন না। নিরাশ হইয়াও ৰভক্ষণ দৈন্যগণকে সমরোৎসাহী রাখিতে পারেন চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু আবার নৃতন সেনালল আনিয়া ভাহাদের আক্রমণ করায় সেই ভগাবশিষ্ট নিভান্ত পরিশ্রান্ত দৈন্যগণ ভাহাদের সহিত আর যুদ্ধ করিতে সক্ষম হইল না। অধিকাংশ হত ও আহত হইয়াছিল, অবশিষ্ঠ ভাগ এখন হতাশ হইয়া পলায়ন আরম্ভ করিল। এখন আর সেনা-পতিগণের সমরোৎসাহ ভাহাদিগকে উৎসাহিত করিতে পারিল না। কেবল প্রভুভক্ত অৱসংখ্যক সৈন্য প্রভুদিগের সহিত প্রাণ দিতেও প্রস্তুত রহিল। শেষে আহতসিংহপরাক্রমে সমর্সিংহ ও পৃথীরাজ (তাঁহাদের বিশ্বস্ত কভিপয় সেনা লইয়াই উন্মতের ন্যায় দেই শত সহত্র যবন নিধনে দৃঢ়-প্রতিক্ত হইলেন। ভুমুল দংগ্রাম-থড়েগ থড়েগ, বর্ষায় বর্ষায়, অসিতে অসিতে, তীরে তীরে মহাপ্রলয় উপস্থিত করিয়া তুলিলেন। তুই হত্তে অনি চালাইতে চালাইতে নমরসিংহ একবার পশ্চাতে, একবার সমুখে আসিয়া দৈন্য সংহার আরম্ভ করিলেন। পৃথীরাজও সমরসিংহের স্থায় প্রবল প্রতাপে যুদ্ধ করিতে লাগিলেন; একাকীই चात्रक यवन रिमा श्वरण कवित्वन वर्ति, किन्न अक्ष चल জ্মী হইবার কত্রুর সন্তাবনা ভাহা বলা বাহলা। যুদ্ধ করিতে করিতে তাঁহার অবশিষ্ট দৈন্যগণের মধ্যে অনেকে ভূমিশারী হইল, এবং ভিনিও স্কালে বাণ্ডির ও কভ বিক্ষত হইয়া

জন হইতে মৃচ্ছিত হইরা পড়িলেন। পৃথীরাজ সেই মৃচ্ছিত জবস্থাতেই যবনকরে বন্দী হইলেন। দেবী আশাপৃণী যবনদিগেরই আশা পূর্ব করিলেন। পৃথীরাজকে যেন কোন
দৈনিকেরা হত্যা না করে মহলদঘোর বৃদ্ধক্তে এই আজ্ঞা ঘোষণা করিয়া দিলেন।

পৃথীর জকে ধরাশারী হইতে দেখিয়া সমর সিংহের জয়ের আশা লুপ্ত হইল কিছু তথাপি তিনি শেষ পর্যান্ত যবনদিগের গভিরোধ করিতে দুঢ়সংকল হইরা যুদ্ধ করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ এই রূপেই চলিল। সেই অৱসংথাক সৈনা লইয়া ভিনি এরপ অটল ভাবে যুদ্ধ করিতে লাগিলেন, যে যবন-দিগের হৃদয়ে ত্রাস ক্ষমিতে লাগিল। এক দণ্ড গেল, হুই দণ্ড গেল, সমর্দিংহের অর সৈতা অল্পতর হট্যা আদিল ভগাপি ভিনি নেইরূপ অটলই রহিলেন। সাহদ করিয়া যাহার তাঁহার নিকট আসিতে লাগিল, তিনি সেই অল সেনা लहेशाहे जाहारमज भर्क हुन कतिए लागिरलन । ममत्रनिः रहत বীরভাবে ভীত হইয়া ক্রমে যবনেরা তাঁহার নিকট শাসিতে ভীত হইতে লাগিল। যখন মহমদ্যোরি দেখিলে ভাঁহার আজ্ঞার আর সৈত্তগণ অগ্রসর হইডেছে না তথন ভাহাদের সাহসী করিতে স্বয়ং তিনি আওয়ান হইয়া সমর্সিংহের দৈলগণকে আক্রমণ করিলেন। ভাহাতে তাঁহার দৈনাগণও সাহস প্রাপ্ত হইরা তাঁহার পশ্চাৎ আগমন করিল। যখন সমর্দিংহের সকল সৈনাই প্রায় বিনর হইল তথন মহত্তদ-

ঘোরি সমরসিংহকে আক্রমণ করিলেন। কিন্ত ভাঁহার হস্ত-চালিত ভরবারির সন্মুথে আসিতে সাহসী না হইয়া পশ্চাৎ হইতে আসিয়া সমরসিংহের অথের এক পদ ছেদন করিয়া দিলেন। অব পড়িতে না পড়িতে সমরসিংহ ज्ञा नक धानान कतिरामन, अमिन ठजु किंक हहेराज जाहात অঙ্গে অস্ত্র বৃষ্টি হইতে লাগিল, তিনি হুই হস্ত পরিচালিত করিল। তাহাব মধা হইতে যুদ্ধ করিতে লাগিলেন। সমর-সিংহকে বিপন্ন দেখিয়া মহম্মদঘোরি এবার ভাঁহার মস্তক শুক্ষা করিয়া থজোভোলন করিলেন। কিন্তু ভাহাতে কেবল সমরসিংহের ঘৃণ্যমান দক্ষিণ বাহু ছিল্ল হইয়া পড়িল। তাহা দেথিয়াই প্রভূত ধবনদেনা নিকটবন্তী হইয়া ভাঁহাকে ঘেরিয়া फिलिन। किर राख किर पृष्ठि किरै राक्ष किर मखक আঘাত করিতে লাগিল। সমর্সিংহ আর পারিলেন না, অস্ত্র চালাইতে চালাইতে ধরাশায়ী হইয়া প্রাণভাগে করিলেন। সন্ধার পূর্বেই যবনের। জয়ী হইল। চির প্রজলিত দীপ। এইবার নির্মাণ হইল, আর্য্যগৌরবসূর্য্য আজ অস্তমিত হইল, পর্ম আল অধর্মের নিকট পরাস্ত হইলেন: ভারতবর্ষ আজ বিষাদর্জাধারে আরুত হইল, কেবল যবনদিগের বিজয়পভাকা রূপ জলম্ভ ধূমকেতু মস্তকোপরে জাজন্যমান রহিল।

ত্রিংশ পরিচ্ছেদ।

এখনো দিবা অবসান হয় নাই। অনেককণ হইতে নভোমতন অল অল মেঘে আবরিত রহিয়াছে। অন্ত-গমনোন্ধ স্থাদেব সেই তরল মেঘমালার মধ্যে লুকাইয়া ্ আপন নিস্তেপ আলোক প্রকাশ করিভেছেন। মেঘা-বরিত মানালোকে চতুর্দ্ধিকের অন্ধকারভাব যেন আরো বদ্ধিত হইয়াছে। ওদিকে ঐ দূরবর্তী ভীষণ রণক্ষেতের ভীষণভাব ভীষণতর হইয়াছে, এদিকে এই নিভ্ত নিৰ্জ্জন ক্ষেত্রপ্রান্তবিত সক্ষিত চিতা মানবহদয় ঔদাস্যে অভিভূত করিয়া দিতেছে। স্বহিষী আজ কন্যার সহিত এই চিতায় আরোহণ করিবেন। মহিষী আজ দেবলোকে স্বামীনন্দর্শনে পমন করিবেন। কিন্তু মহিষীর মুখে একটিও কথা নাই, ভিনি আপন মনে প্রাণের উষাবতীকে বক্ষে ধারণ ক্রিয়া সচল প্রস্তরমূর্তির ন্যায় চিতাভিমুখে আগমন করিলেন। প্রিচারিকাণাও স্তম্ভিতভাবে তাঁহার পশ্চাৎ প্রস্কাৎ আগমন করিল। পরে তিনি কন্যাকে দেই চিতায় শয়ান করাইয়া ठांशास्क इन्मन गाला जुविज कतिया आंशनिव ननारहे व्रक्कनम्ब लिशन कविलान, धवः त्रष्टे हिलाक लेकिलाव প্রণাম করিয়া চিতার আরোহণ করিতে যাইভেছেন, এমন সময় একদল ক্ষত্রিয় অখারোহী সৈন্য সেইথানে আসিয়া

উপনীত হইল এবং ভাহাদের দেনাপতি স্বীর অস্থ হইতে অবভরণ করতঃ মহিবীকে প্রণাম করিয়া কি বনিবার আশরে কৃতাঞ্চলিপুটে তাঁহার সমুখে দাঁড়াইরা রহিল। ভাহাদের আগমনে মহিবী আবার দাঁড়াইলেন, জিজ্ঞাদা করিলেন "বলদেবসিংহ! তোমার কি বনিবার আছে বল, বলিতে আজা দিতেছি।"

বল। "দেবি! দিলীখর আমাকে আপনার নিকট" একট কথা নিবেদন করিতে প্রেরণ করিয়াছেন।"

ন মহি। "দিল্লীখর!—ভিনি ভো রণক্ষেত্রে প্রাণভ্যাগ করিয়াছেন।"

বল। "না দেবি! ভিনি আহত ও মৃচ্ছিত হইরা ভূমিতে পতিত হইলে সকলেই তাঁহার মৃত্যু অহমান করিঞা-ছিল, কিন্তু বাস্তবিক ভিনি—"

মহি। "কান্তবিক ভিনি কি—?—বল, ভোমান্দৈর মহিষী আজ্ঞা করিভেছেন—বল।"

বল। "বাস্তবিক তিনি যবন করে— ব— ক্লী— হইরাছেন"।
বন্দী শুনিরা মহিষী চমকিত হইলেন। দিলীখর তাঁহাকে
যে কি কথা বলিরা পাঠাইরাছেন তাহা ভিনি শুনিতে ভূলিরা
গোলেন। ভিনি দৈনিকদিগের প্রতি একটী স্থণাব্যঞ্জক
ক্রাক্টা নিক্ষেপ করিয়া, পরিচারিকাদের পানে রোষকম্পিভ
মুখ কিরাইয়া বলিতে লাগিলেন "পরিচারিকাগণ! এই
ক্রিরিদৈনিকেরা, এই ক্রিয়ে বীরপুক্ষেরা সমরক্ষেত্র ভাগ

করিয়া মহারাজ বন্দী হইয়াছেন এই স্থাংবাদটি দিতে এত-দূর কষ্ট স্বীকার করিরা আসিয়াছে। থাকুক, ইহারা এই খানেই থাকুক, অথবা খ্রীপুত্র কন্তাদিগের মুগ দেখিতে দেশে প্রত্যাবর্ত্তন করুক, কিন্তু মহারাজ দিল্লীর নুমাট, আমি প্রজা হইরা কথনই নিরপেক থাকিতে পারিব না, মহারাজ আমার স্বামী, আমি পত্নী হইয়া কথনই নিশ্চিত্ত থাকিব না। ইহার। ্কথনই ক্ষত্তিয় জননীর স্তনহুগ্ধে প্রতিপালিত নহে, কিন্তু আমি ক্ষত্রিয় কন্তা, আমি ক্ষত্রিয়পত্নী, আমি নিঃসহায়ই আজ তাঁহাকে বন্ধনমুক্ত করিয়া আনিব।" এই বলিয়াই যে দৈনিক পুরুষ মহিধীকে সংবাদ দিবার জন্য অশ্ব হইতে অব-ভরণ করিয়াছিল, ভাহার হস্ত হইতে কুপাণ টানিয়া লইয়া ও, তাহার অবে আরে হণ করিয়া দেই পট্রবন্ত্র পরিধানা. ্রক্ত চল্মচ্চিতা, নিবিড় খালি হকুত্ব জালশোভি হা,বীরপত্নী অভিনানে গভীর হইয়া, ক্রোধে রক্তবর্ণ হইয়া, ও বীরতেজে ে উন্মত্তের ভার সমরক্ষেত্র অভিমুথে গমন করিলেন। সৈনিক পুরুবেরা এতক্ষণ লক্ষার ও অহতাপে মৃতপ্রার হইয়া মনে মনে বলিতেছিল "মহারাজকে মুক্ত করিবার জক্ত যতক্ষণ আমাদের একজনের প্রাণ থাকিত ততক্ষণ পর্যান্ত যুদ্ধ করি-তাম, কিন্তু কি করিব, মহারাজ আমাদের যুদ্ধে নিবৃত্ত করিয়া অত্যাচারী যবনকর হইতে মহিষী ও অত্যাত্ত স্ত্রীলোকদিগকে অন্ততঃ চিতারোহণ পর্যান্ত রক্ষা করিবার জক্ত এখানে कानिए जाका थनान कतिलन।" भारत महिनीएक अध्यक्ष অথসর হইতে দেখিয়া তাহারাও আবার যেন তাড়িত-প্রভাবে উত্তেজিত হইয়া উঠিল এবং সকলে ভারতের জ্বয়-ধ্বনি করিতে করিতে রাণীর অত্থামন করিল। পরিচারিকা-গণ চিতার সন্ধিকটে উ্যাবতীকে লইয়া শৃন্ত দৃষ্টিতে চাহিয়া রহিল।

মহিষী যথন যুদ্ধার্থে বহির্গত হইলেন তথন যবনের তাহা-দের একমাত্র অবশিষ্ট অদমা ও অটল শক্র বীরশ্রেষ্ঠ সমব দিংহকে বহুকটে বধ করিয়া নি**দ্**নতকে জয়ধ্বনি ক্রিতে করিতে শিবির লুঠনে আসিছেছিল। পথে ভাহারা সেই উগ্রমৃত্তি, দেই সংহারমৃতি বীরাঙ্গণাকে কুপাণ হস্তে অশ্বপৃষ্ঠে অগ্রসর হইতে দেখিয়া প্রথমে চমকিত হইল: পরে যথন ক্ষত্রিয় দেনাদল তাহাদের গতিলোধ করিতে ভরবারি আন্দালন করিতে লাগিল, তথন ভাহাদের চমক ভন্ন ইইল। জলধারার স্থায় চতুর্দ্দিক হইতে ভীর, বর্ধা, আসিয়া বৈণে ক্ষতিয় সেনাদিগের উপর পড়িতে লাগিল, ক্ষতিয় সৈভাগু শ ছুর্ভেদ্য ব্যুহবদ্ধ হইয়া রাজ্ঞীকে বেষ্টন পূর্ব্বক প্রাণপণে যুদ্ধ করিতে লাগিল। যবনগণ উন্মন্ত তরক্ষের ভার ষতই আক্র-মণ করিতে লাগিল, ক্ষতিয়েরাও সমুদ্রতীরের শৈলশ্রেণীর ন্তায় অটল ভাবে পুনঃ পুনঃ তাহাদিগকে দূরে প্রক্ষেপণ করিভে লাগিল। কিন্তু মহিধী বাহ মধ্যে আর নিশ্চেষ্ট হইরা বদিয়া থাকিতে পারিলেন না, জাপন সৈভদিগকে দরাইয়া, कुलांगश्र वरनरेमस्मत ममुख आमिए कही कतिलन,

নেই ঠেটার তাঁহার দক্ষ্থীন দেনাদল বিচ্ছিন ছইয়া গেল,
জ্মনি তাহার মধ্য দিয়া একটি বর্বা জাসিয়া রাণীর বজে
বিদ্ধ হইল, তিনি জ্ব ছইতে পড়িয়া গেলেন। পাছে তাঁহার
দেহ ববনে স্পর্শ করে এই আশহার এক জন সৈনিক
তাঁহাকে আপন অবে উঠাইয়া লইয়া জ্বা বেগে ছুটাইয়া
দিল। ধবনেরা ভাহার নিকট হইতে বলগারা মহিনীকে
লইতে গেল, ভাহা নিবারণ করিতে রাজ্ঞীর সলে সলে আরও
ক্ষেক জন সৈনিক জ্ঞাতবেগে জ্বা চালনা করিয়া দিল।
যবনেরা ভাহাদের পশ্চাৎ জ্বগ্রমন করিতে না করিতে
রাজ্ঞীর অবশিষ্ট সৈন্যগণ ভাহাদের গতিবোধ করিয়া দাড়াইল। বাঁচিবার আশা কিয়া ইচ্ছা আর ভাহাদের কাহারো
রহিল না। সেই জ্বা সংখ্যক ক্ষর্তির সেনাদের প্রাক্ষর
করিতে জনেক সমন্ত্র লাগিল এবং জনেক যবন সৈন্য ধরাশারী হইল।

দৈনিকেরা রাজ্ঞীর মৃতদেহ লইয়া যথন চিভার নিকট উপস্থিত হইল তথন সন্ধ্যাকাল অভীত হইয়াছে উষাবতীকে বক্ষে ধারণ করিয়া চিভা প্রশাস্ত ভাবে থেন রাজ্ঞীর অপেক্ষা করিভেছে। সৈনিকেরা সেই চিভার উষাবভীর নিকট রাণীকে শ্যান করাইয়া ভাহাতে অগ্নি সংযোগ করিয়া দিল, চিভা হ হ করিয়া অলিয়া উঠিল। দৈনিকেরা আরো আছতি প্রদান করিতে লাগিল, রাশি রাশি চক্ষন কাঠে অনল বর্দ্ধিত করিতে লাগিল। ক্রমে আয়িশিখা গগণ-

স্পর্শ করিল, পরিচারিকাগণও দকলে চিডারোহণ করিল, অরি আরো আফালন করিরা উঠিল, পতিরভার আলোকন্তন্ত স্বরূপ দিগ্র দিগাল আলোকিত করিয়া দেই চিডা
জলিতে লাগিল, ফুনে কুনে অনল উচ্ছার আরক্তিম হইরা
আদিল, অবশেষে চতুর্দিক আবার করিয়া দেই প্রদীপ্ত
আলোকস্তন্ত অদৃশ্য হইল, দঙ্গে দুর্ঘীর চন্দ্রমাও অন্তমিত হইলেন, ভারতের দীপও নির্মাণ হইল।

চারিদিক অন্ধকারময়—চারিদিক শ্নাময়—ভানেশ্র অব্য শশানময়—কেবল মধ্যে মধ্যে যবনদিগের আছলাদ কোলা-হল, হিন্দুদিগের আর্ভনাদ, আহতদিগের কাতরধ্বনি, ও শিবার অশিব চীৎকার দিগ্দিগন্ত হইতে উবিত হইয়া গগণমার্গ বিলারণ করিতে লাগিল।

সেই অবধি সেই দক্ষীর্থ শশানক্ষেত্র ক্রমে বর্দ্ধিতকায়
হইয়া হিমাচল হইতে কুমারিকা পর্যান্ত সমস্ত ভারতভূমি
মধ্যে পরিবাপ্ত হইয়া উঠিতে লাগিল। ক্রমে ক্রমে সমস্ত প্
ভারতক্ষেত্র শশানক্ষেত্র রূপে পরিণত হইয়া উঠিল। চারিদিক হইতেই সেই শিবার অশিব চীৎকার, সেই শাহতদিগের আর্ত্রনাদ প্রতিধ্বনিত হইতে লাগিল। দীপশ্ন্য
ভারতের চতুর্দিকই ক্রমে নিশার ঘোর অন্ধকারে আবরিত
হইয়া আদিল। কিছুই আর দৃষ্টিগোচর হয় না, কেবল
মধ্যে মধ্যে কোথাও বা দ্রপ্রান্তে ছই একটা প্রজ্ঞানিত
চিতানলে পাষাণ হার্মকেও সম্ভপ্ত করিয়া ভূলিতেছে,

কোষাও বা অবিখান্য আলেয়ার আলোকে নেত্র কলনিত করিতেছে।

একত্রিংশ পরিচেছদ।

সমরসিংহ হত, পৃথীরাজ বন্দী, রণজয়ী মহস্মদঘোরির ন্ধান্ত কি স্থথের দিন, তাঁহার আজ গ্রান্তি নাই, তাঁহার আজ বিশ্রাম নাই। যুদ্ধ জয়ের পর বিশ্রাম না করিয়া তিনি এখন অশ্বপৃষ্ঠে আরোহণ পূর্ব্বক, চতুর্দ্দিকের তত্বাবধারণ করিতে ছেন। সৈভাগণকে যুদ্ধের পুরস্কার স্বরূপ হিন্দুশিবির লুঠনে আজ্ঞা দিতেছেন, আহত শ্রাস্ত সৈন্যগণকে আবার বিশ্রাম , আজ্ঞা নিতেছেন, হিন্দু বন্দীগণ কে কোথায় আছে দেথিয়া ভাহাদের নিকট উত্তমরূপে প্রহরী নিযুক্ত করিভেছেন, কোন হিন্দুবনীর বা আশু বধের আজ্ঞা প্রদান করিতেছেন। এই প্রকারে চতুর্দিকের বন্দোবস্ত করিতেই তিনি ব্যস্ত রহিয়াছেন, এমন সময় তুই তিনজন ধবনকেনা আদিয়া অভিবাদন পূৰ্ব্বক ভাঁহাকে বলিল ''জাঁহাপন। আমর। শিবির লুঠনে যাইতেছিলান, পথে অল্লনংখ্যক দৈন্য লইয়া হিন্বেগম উন্তোবেশে আমাদের আক্রমণ করিয়াছিলেন। পুথীরাজ বন্দী শুনিয়া তিনি উদ্ধার অভিপ্রায়ে আসিয়া-ছিলেন। কিন্তু আমরা তাঁহাকে এই বধ করিয়া আদিতেছি।" **এই कथा ए**निया महत्रमधाति विश्विष्टत नगात्र मूहर्छ कान নিস্তক ভাবে রছিলেন, পরে কি ভাবিরা আবার বলিলেন
"ভোমরা আমার সেনাপতি ও প্রধান সভাসদদিপকে এই
থানে লইয়া আইস, শীজ যাও, আমি এই বটবৃক্তলে
অপেক্ষা করি।" একজন সৈনিক বলিল "প্রধান সেনাপতি
ভোষুদ্ধে প্রাণভাগে করিয়াছেন।"

মহ। "অদ্য কৃতবউদিনকে নৃতন সেনাপতি পদে নিষ্ক্র করা গিয়াছে। তাহাকেই সংবাদ দাও।" এই কথায় দৈনি-কেরা চলিয়া গেল। কিয়ৎক্ষণ পরে সেনাপতি ও সভাসদগণ এই থানে আদিয়া উপস্থিত হইল। মহম্মদমোরি সেনাপ-তিকে সম্বোধন করিয়া বলিলেন "কৃতব! শুনিয়াছ পৃথীরাজ্ব বন্দী শুনিয়া হিন্দুবেগ্ম তাঁহার উদ্ধারার্থে আদিয়াছিলেন।"

সেনাপতি বলিল ''কিন্তু যেমন স্পীন্ধা তার তো তেম কি.
প্রতিফল হইয়াছে?'

মহ। "তাহা যেন হইল, কিন্তু ইহাতে কি ভোমাণের", বোধ হয় না, যে পৃথীরাজ যতকণ বন্দী থাকিবেন তভক্ক। আমরা নিশ্চিত্ত হইতে পারিব না। পারুক বা নাই পারুক, ভাঁহার উদ্ধার জন্য হিন্দুরা আবার যুদ্ধ করিতে আদিবে ?'

সেনা। "হিন্রা যেরপ পরাজিত হইয়াছে, তাহাদের আরু যুরের শক্তি থাকিলে তো ?''

মহ। "তবে তোমবা এখনো তাহারের চেন নাই। তাহারা যেরূপ রাজভক্ত, রাজা বন্দী তনিলে দেশীয় যে লোকেরা কথনো অস্ত্র ধারণ করে নাই, কথনো অস্ত্র ধরিতে ও জানে মা, ওাঁহারা পর্যন্ত একবার অন্ত ধরিতে চেষ্টা করিবে। ভাহার সাক্ষী—জ্বীলোকেও তাঁহার জন্ত আমা-ধের সহিও বৃদ্ধ করিতে আসিয়াছিল।"

দেনা। "কিন্ত যদিও আদে ভাহা হইলেই বা কি? এখন পৃথীরাজ নাই, সমরসিংহ নাই, সেই সিংহশাবক কল্যাণও নাই, এখন কাহাকে ভর ? দেশীয় লোককে? যাহারা জন্ম কথনো অন্ত ধরে নাই ?"

মহ। "না, না, আমি ভয়ের কথা বলিতেছি না, এখন ভো আমরা নিঃদল্দেহ দেই দকল কুদ্র কুদ্র উপদ্রব দমন করিতে পারিব। কিন্তু দুদ্ধ করিতে গেলেই আবার দৈন্য কর হইবে, নানা দিকে ক্ষতি হইবে। নিছ্টকে যদি ক্ষামরা জয়ের কলভোঁগ করিতে পারি,তবে অনর্থক কেন মুদ্ধ করিব। পৃথীরাজকে বধ করিলেই এখন আমরা কণ্টকশ্না, হই, তাহা হইলে আর কাহার উদ্ধারের জন্য হিন্দুরা প্রাণ দিতে আদিবে? বধ করিলেকি ক্ষতি বৃদ্ধি সকলে মিলিয়া বিবেচনা পূর্কক এখনি ইহার যাহা হয় হির্কেরিছে ছইবে।" দেই বটবৃক্ষ তলায় অয়পুঠে এইরূপ বিষয়ে তাঁহাদের পরামর্শ চলিতে লাগিল। একজন সৈনিক পুক্ষ বলিল "কিন্তু পৃথীরাজকে বধ করা অপেক্ষা যুদ্ধ জয়ের চিক্ত্ররূপ দেশে লইয়া গেলে আমাদের আরো। গোরব বৃদ্ধি হয়।"

মহ। "না, না, যে সকল কারণ বলিলাম সেই নকল কারণে পৃথীরাজকে ততদিন বন্দী রাখা আমাযুকের জিদিদ্ধ

हि।" बात धककन रिनिक्यूक्य रनिन "किस पृथीताकैरक ীবিত রাথিলে তদারা যদি আমরা আর এক উপকার পাই াহা হইলে তাঁহাকে জীৱিত রাখা উচিত, কেননা আমরা াখন ভারতবর্ধের অন্যান্য প্রদেশ অধিকার করিতে হাইব. । থীরাজ এ বিষয়ে আমাদের দাহায়া করিলে নিশ্চয়ই কার্যা नेकि इटेरव। आत जिनि यनि आमारनत क्षेत्रार मण्ड ন, তাহা হইলে আমাদের অধীনে একটা ক্ষুদ্র রাজত্ব দিয়া গাঁহাকে জীবিত রাখা যাউক। এ কার্য্য দিদ্ধি হইলে প্রয়ো-ন মত দক্ষি ভঙ্গ করা আমাদেরই ত ইচ্ছাধীন। এইরূপ াদ্ধি হইয়া গেলে আর কোন উপদ্রবের ভয় নাই।" দকলেই मरे कथात **जरू** सामन कतिन। मरुचन चाति वनितन की ातामर्भ मन्न नटर । किन्छ मिसरे कति कान्त वधरे कति, अधनि াকল স্থির করিতে হইবে।" এই বলিয়া তিনি পৃথীরাজকে এইখানে আনিতে আদেশ করিলেন। দৈনিক পুরুষেরা গুৰুলাবদ্ধ পৃথীরাজকে সেই থানে আনয়ন করিল। পৃথী-গান্তের সমস্ত শরীর ক্ষতবিক্ষত, কিন্তু শারীরিক করে ভাঁছার কিছুই ক্রক্ষেপ নাই, দৃষ্টিতে অবনতির ভাব বা সঙ্কৃচিত ভাব কিছুমাত্র নাই। বরং বীর মূর্ত্তি অধিকতর উগ্রভর ইইয়াছে, অধিকভর ভেজমিন ইইয়াছে। পৃথীরাজ এখানে আদিয়া একটিও কথা কহিলেন না, কথা কহিতেও তাঁহার ষ্পমান বোধ হইতে লাগিল। তিনি তাচ্চিলাভাববাঞ্জ প্রথচ রোবগন্তীর আরক্ত দৃষ্টিতে চাহিয়া রহিলেন। বন্দীর

এই রূপ ভাব দেখিয়া মহমদ্যোরি বিশ্বিত হইলেন, তাঁহার দৃষ্টি পানে চাহিয়া অজ্ঞাত ভাবে আপনা আপনি যেন কিছু স্তম্ভিত হইয়া পড়িলেন। ভাঁহার মুখ হইতে আর কঠোর বাক্য নিৰ্গত হইল না। তিনি নমভাবে বলিলেন "মহারাজ, অাপনি আর বার আমাদের উপকার করিয়াছিলেন, এবার দেখিবেন যবনে ভাহা ভোলে নাই, আমি ও আপনার প্রভাপকার করিব।'' এই কথায় পৃথীরাজ কি উত্তর দেন ভনিতে ইচ্ছা করিয়া মহমদঘোরি নিস্তব্ধ হইলেন; কিন্তু পুথীরাজ কিছুই উত্তর করিলেন না। অন্তগ্রহের কথা ভনিয়া অপনানে ভাঁহার আপাদমন্তক জলিয়া উঠিল, কেশ পর্যান্তও যেন শিহরিয়া উঠিল। যবনে অনুগ্রহের কথা বলিবে ইহাও ভাঁহার ভনিতে হইল ! বিধাতা যুদ্ধেও ভাঁহার মৃত্যু লেথেন নাই! পৃথীরাজ অতি কটে চিত্ত সংযত .. করিলেন। কাহারো পানে না চাহিয়া নিম্নুট করিয়া রহিলেন। ভাহাকে নিরুত্তর দেখিয়া মহম্মদঘোরি স্পাবার বলিলেন "আমি আপনাকে প্রাণ দান করিব, স্থামাদের অধীনে রাজ্য প্রদান করিব"—অধীনে রাজ্য প্রদান করিব ! পৃথীরাছের চকু হইতে অগ্নি ফুলিস নির্গত হইতে লাগিল, শরীরের শোণিত উষ্ণ হইয়া উঠিল। মহমদুঘোরি মনে করিলেন জীবনদান ওনিয়া বুকি সহদা পৃথীরাজ আরো সতেজ হইয়া উঠিলেন, তিনি বলিলেন "কিন্তু আমি যে আপনার এত উপকার করিব, আপনারও দেই দঙ্গে আমার

কটি উপকার করিতে হইবে। আমি ভারতবর্ষের অন্যান্য াদেশ জয় করিতে যাইব, আপনাকে দাহায়া করিতে ইবে।" পৃথীরাজ আর থাক্সিতে পারিলেন না, আর াপন সম্বন্ধ স্থির রাখিতে পারিলেন না, কথা না কহিয়া যার থাকিতে পারিলেন না। ক্রোধে আত্ম বিশ্বত হইয়া নভ্যানগুণে কটীস্থ ভরবারিতে হস্ত দিবার চেষ্টা করিলেন, কন্ত চেষ্টা নিজ্ফল হইল, শুঙ্খালের ঝন ঝন শব্দ হইল, হস্তে াধা প্রাপ্ত হইলেন, তাঁহার প্রকৃত অবস্থা মরণ হইল, দ্বিলেন তিনি বন্দী, দিলির স্থাট মহারাজাধিরাজ পৃথী-াজ আজ যবনকরে বন্দী। তথন তিনি রজজুবদ্ধ জুদ্দ नेश्टरत नाम, कक मारानलत नाम ভीयन मुर्कि धातन চরিয়া রোযকস্পিত বজগভীর স্বরে বঁলিলেন, "যবন! রোত্মন! বলী বলিয়া আমার নিকট প্ররুপ জঘনা প্রস্তাব স্রিতেও সাহস হইল। আনি যবন অধীনে রাজা ভোগ চরিব !— আমি স্বদেশ দিয়া—" ক্রোধে পৃথীরাজের বাক্য রাধ হইয়া গেল, আর কথা কহিতে পারিলেন না। সেই ার্বিত বাক্যে মহমদঘোরিও ক্রুদ্ধ হইলেন। আপনা ইতেই হৃদয়ের যথার্থ ভাব প্রকাশ হইয়া পড়িল, মিষ্ট চথায় আর তাহা ঢাকিতে পারিলেন না। কর্ম কঠোর হরে বলিলেন, "হাঁ যবনদিগের সহিত সন্ধি দিলীখরের এখন সপমান! ভবে যবন করে মৃত্যুই এখন হিন্দু রাজার পক্ষে াখানজনক বোধ হয় ?''

পৃথী। ''যবন করে?—পিশাচ করে মৃত্যুও এখন স্থামার পক্ষে সন্মানজনক। কিন্তু আর না-ভোর উপহাস বাক্যে আর আমি উত্তর করিব না। ত্রাত্মন। যবনের সঙ্গে বাক্যালাপ করাও ফতিয়ের পক্ষে কলঙ্ক।" বলিয়া পৃথীরাজ মৌন হইয়া রহিলেন। বন্দীর গর্বিতভাব মহমদঘোরি আর সহ্য করিতে পারিলেন না। তৎক্ষণাৎ ভাঁহার সন্মুথে তাঁহাকে বধ কবিবার আজা দিলেন। তিনি নিম্নভাবে ইক্তি করিলেন, প্রহরীগণ পৃথীরাজের হস্তধারণ পূর্বক কিঞ্চিং অন্তরে লইয়া গেল, ভাঁহাকে অবনত মন্তকে বৃদিতে আজ্ঞা করিল, দৈনিকেরা চারিদিক ঘেরিয়া দাঁডাইল, মহ-মদঘোরি আবার ইঞ্কিত করিলেন, ঘাতক আদেশান্ত্রসারে কুঠার দারা প্রথমে একে একে পৃথীরাজের সকল অঙ্গ ছেলন করিতে লাগিল, হর্ষনিম্পন্দ লোচনে মহম্মদঘোরি ভাহ। দেখিতে লাগিলেন। কিন্তু এত যাতনাতেও পৃথীরাজ এক-টিও কথা কহিলেন না, একবারও কাতরোক্তি করিলেন না। মহমদঘোরি আবার ইঙ্গিত করিলেন, ছাঙ্গ হস্তো-ভোলন করিয়া পৃথীরাজের গলদেশে কুঠারাঘাত করিল, রক্তোচ্ছাসিত মস্তক ভূমিতে পড়িল, আর্থাকুল গৌরব দিল্লী-খরের মস্তক আজ যবন হস্তে ছিল্ল হইয়া ভূমিতে পড়িল— বাস্থকি সহস্র মন্তকে ব্যথিত হইল—আসমুদ্র ভারতবর্ষ কাঁপিয়া উঠিল-স্বাধীনতা অনম্ভ মুচ্ছা য় মৃচ্ছিত হইল-দীপ নিৰ্বাণ হটল।

উপসংহার।

मीत (छ। निर्ताण श्रेम, धक्राण कित्रणिश्र, कविष्ठस. रेगनवाना ७ श्राचावात कि रहेन, छाहा किছू वनिया अहे উপতাদের উপদংহার করি। কবিচন্দ্র যথাসাধ্য চেষ্টা করিয়াও নানা কারণ বশতঃ সময়কালে দিল্লি উপস্থিত হইতে পারিলেন না। প্রথম কারণ — কবিচল্রকে অনুসন্ধান করিতে ঘবননিগের প্রথমে দিলি অভিমুখে যাওয়া সম্ভব বোধে তিনি সেই রাত্রে প্রায়নের পর অগ্রে দিল্লির দিকে याउँ । युक्तिनिक्त मत्न करतम नाहे, त्महे ११कु व्यथत नित्क গিয়া একরাত্র মধ্যেই দিল্লি হইতে আরো অধিক দূরে গিয়া পড়িলেন। বিভীয় কারণ—সেধান হইতে দিলি আগমনের স্থবিধামত উত্তম পথ না থাকায়, সেই সন্ধটাকীৰ্ ছুৰ্গম 🔭 পথ দিয়া আদিবার সময় পথভ্রম ইড্যাদি নানা অস্থবিধা ঘটিল। স্বতরাং এইরূপ দামান্ত দামান্ত নানা কারণে হব-নেরা স্থানেশ্র আসিবার তিন চারি দিন পরে, তিনি দিলি আসিয়া পঁত্তিকেন। সেথানে আসিয়া ভনিলেন, মহন্দল-ঘোরি জ্বরী হইরা পুথীরাজকে বধ করিয়াছেন এবং দিলিতে রাজ্ব স্থাপন করিবার নিমিত্ত স্থানেশ্বর হইতে দিল্লি জাগি-তেছেন। ক্বিচল্ল সমুদায় দেথিয়া শুনিয়া কতদুর ব্যথিত

ছইলেন বলা বাহল্যমাত। পরে তিনি গোলাপের সংফ দেখা করিলেন, গোলাপকে উন্মন্তাবস্থায় দেখিয়া তাঁহার শোকসাগর একেবারে উথলিয়া উঠিল, কিন্তু কি করেন-ভগ্রহদয়ে উন্মন্তা গোলাপকে সঙ্গে লইয়া চিতোর যাত্রা করিলেন। গোলাপ উন্মন্ত হইয়াছিল বলিয়া ভাছাকে সঙ্গে করিয়া স্থানেশ্বর লইয়া যান নাই, দিলিতে রাথিয়া গিয়াছিলেন। কিন্তু কবিচন্দ্র নিজে যতই বাথিত ভউন নাকেন, তিনি চিতোরে আসিয়া প্রথমেই একটি িশেষ কার্য্য করিতে তৎপর হইলেন—যদি যবনে চিতোর-্লাক্রমণ করিতে আইদে ভাহা বর্থে করিবার আশয়ে ভিনি িতোরনগরীকে উত্তমরূপে যুদ্ধসজ্জার সজ্জিত করিয়া রাথি-্লন। সে কার্য্য সমাধা হইলে কিছুদিন পরে শৈলবালা ও ্ৰিৱৰ্সিংহের বিবাহ দিয়া প্ৰভাবতী ও গোলাপকে লইয়া অ্যুক্তমি আজ্মীরের একটা নিভূত পর্বতকলরে আদিয়া ত াকসভপ্ততিতে সেই থানে বাস করিতে লাগিলেন। ুখানে পৃথীরাজের পরাক্রম, রূপ, ও মহিমা বর্ণন, এবং ্চনাও কাব্যক্তলে রাজপুত ইতিহাস বর্ণনাক াই ভাঁহার ্বনের একমাত্র প্রধান উদ্দেশ্য হইল। গোলাপ আছ-্বীরে আসিয়া অল্পদিন পরেই পরলোক গমন করিল।

্নিন হাবকালে বিজ্ঞের জীবনের উপদংহার ভাগও বৰ্মা করা আবশ্যক। যুদ্ধজনের পর যথন মহম্মদঘোরি ব্যানিকদের পুরস্কার দিবার জন্মভাকরিয়া বিদিশেন, ভথন

বিজয় স্কাগ্রেই কুডাঞ্জিপুটে দ্ভায়মান হইয়া মৃহখদ-ঘোরির নিকট দিলির বিংহাদন প্রার্থনা করিলেন। মহম্মদ-धाति छेक्षत्रत वनित्न "त्रामानत अछि ए विश्वान-ঘাতকতা করিতে পারে, তাহাকে সিংহাসন দান না. করিয়া যে জীবন দান করিয়াছি এই ভাহার যথেষ্ট পুর-স্কার।" এই কথা বলিতে সভাসদগণ সকলেই হাস্য করিয়া উঠিল, বিজয় স্তপ্তিত হইলেন, পুরন্ধার শ্রবণে বিজয় বজ্ঞা-হত হইলেন, তাঁহার হাদয় হইতে সকল আশাই বিলুপ্ত হইল, তিনি বুঝিলেন কোন কুকর্ম করিলে যাহার জন্ম তাহ। করা বায় ভাহার নিকটেও হেয় হইতে হয়, আপনার কার্য্য দিদ্ধি হইলে তাহাদের দারা আর প্রত্যুপকার পাওয়া যায় না। বিশেষতঃ যবনজদয়ে দয়া নাই, তাহাদের কথায় তিনি কেন ভুলিলেন ? তথন কি হিংদা ও লোভপরবশ হইয়া যবনস্বভাবকেও চিনিতে পারেন নাই? স্বদেশকে কি যবনদিগকে দিবার নিমিত্তই তিনি বিশাস্থাতকতা করিয়া-িছিলেন। এখন তাহার হাদয় অনুতাপে পূর্ণ হইল। তিনিং দেখিলেন তিনি সকল দোষেই লোষী। তিনি লোভপরবশ হট্যা অদেশের গৌরব নষ্ট করিলেন, তিনি হিংসাপরবন্দ इहेबा कन्यान । अ जाककन्यात है हत्नारकत सूथ हत्र कित-লেন, ভিনি স্বার্থপরবশ হইয়া নির্দোষী গোলাপকে দোষী করিলেন। তিনিই কল্যাণের হত্যাকারী। তাঁহা হইতে কি পাপ না হইয়াছে? তাঁহার পাপের আর প্রায়শ্চিত

নাই ৷ বিজয় আপনার স্তায় পাপী আর কাহাকেও দেখিলেন না। তিনি ছীবিত অবস্থাতেই নরকভোগ করিতে লাগিলেন, তথন সেই যত্ৰণা হইতে মৃক্ত হইতে মৃত্যুই একমাত্ৰ উপায় বলিয়া বোধ হইতে লাগিল। এইরূপ ভাবিতে ভাবিতে ক্রমে প্রথম মনোবেগ যথন কিছু হ্লাস হইল তখন তাঁহার চিন্তা-শ্রেণী ভিন্নভাব ধারণ করিল, মহম্মদঘোরির অস্তায়াচরণ মনে করিয়া ক্রোধে অঙ্গ জলিয়া উঠিল, তথন তিনি অতি কুন্ধ-ভাবে মহম্মদঘোরিকে বলিলেন "যবন! আমি অতি মুর্থ!--ভাই নরাখ্য-ভাই পাষ্ড-ভাই কুভন্ন ব্বনকে বিশ্বাস করিয়া আমার দেশের আমি বৈরিতা সাধন করিয়াছি। পাষও! আমি ইহার প্রতিশোধ তুলিবই তুলিব, এবং ইহার প্রতিশোধ তুলিয়াই আমার দকল পাপের প্রায়ন্চিত করিব।" - এই বলিয়া বিজয়সিংহ ক্রোধে কাঁপিতে লাগিলেন। বিজ-য়ের বাক্য শ্রবণে মহম্মদামোরিও জুদ্ধ হইয়া তাঁহাকে ধাব-ঁজ্জীবন শৃষ্থলাবদ্ধ করিয়া রাথিতে আর্দেশ করিলেন। এই স্থলে বলা উচিত—বিজয়ের পিতা বৃদ্ধ মন্ত্রী রণক্ষেত্রে প্রাণ-ভাগে করিয়াছিলেন, পুত্রের বিধানঘাতকদ: জানিতে পারিয়া এবং তাঁধার এই কট্ট দেখিয়া তাঁহাকে আর বুদ্ধ বয়দে কষ্ট ভোগ করিতে হয় নাই।

OPINION OF THE PRESS.

দীপ-নির্ম্বাণ।

We have no hesitation in pronouncing this book to be by far the best that has yet been written by a Bengali lady, and we should no more hesitate to call it one of the ablest in the whole literature of Bengal.

CALCUTTA REVIEW.

"দীপ-নির্বাণ নামে এথকানি অভিনব নভেল আমরী। সমালোচনার জন্ত পাইয়াছি। শুনিয়াছি এথানি কোন সম্রান্ত বংশীয়া মহিলার লেথা। আহ্লোদের কথা। স্ত্রীলো কের এরপ পড়াশুনা, এরপ রচনা, এরপ সহদরতা এরপ লেথার ভঙ্গী বন্ধদেশ বলিয়া নয় অপর সভ্যতর দেশেও অর দেখিতে পাওয়া যায়।

সাধারণী।

বসম্ভোৎসব।

Basanta Utsab * * has here and there passages of such intrinsic poetic beauty and natural worth that we have little doubt it will make its way to every lover of Bengali literature. The . songs in pp, 8, 21, and 33, and especially the one in dedication, are truly poetic, and have an exquisitely delicate touch. There is no melodrama in Bengali, that we know of which is so throughly chaste and sweet, so rich in charms of Poetry, and, therefore, none so well calculated to improve the taste of the play-going public. We have little hesitation in declaring that it will, at no distant date, revolutionize the exsisting style of operawriting in Bengali by giving it a healthy tone and moral vigour which it so much wants. As we read It, its morning freshness and lyrical sweetness steal upon us, and we feel as if we were in a "bubble of visionary happiness" unruffled by the tempests blowing without. We cordially recommend it to the reading public, and sincerely congratulate the author on her very excellent pro-We shall be glad to see it in the hands duction. of every reader of Bengali literature.

We hear the author is a lady of a very respectable Bengali family of Calcutta. It is customary to make some relaxations of strict critical canons in favour of lady writers. We are not inclined to countenance such partiality, nor is there any necessity for it, in the present case Basanta Utsab can stand upon its own merits.

INDIAN MIRROR.

This charming little work is, we understand, the production of a Bengali lady, otherwise known as the authoress of *Dip Nirban*. It has an immense interest for us. Written by a lady belonging to an illustrious family in Bengal, it shows in the clearest manner possible, the many advantages to be derived from a superior order of mental training among females.

The number of operatic pieces in Bengali is small, much less the number of good and readable ones. But here we have a work containing a number of exquisite songs. The scenes are all well conceived. And we are of opinion that its production is a marked indication of a cultivated mind and refined taste, so rarely to be met with in the ordinary run of Bengali operas. We may venture to say Basanta Utsab is the best of its kind in the Bengali language. The song serving as dedi-

cation, Lila's songs of despair and disappointed love, and those of Sangit and Kabita have a charming effect upon the reader. The third scene, Act I, which brings us to the temple of Maya Debi with Udasini absorbed in prayer is exquisitely grand. And we can well conceive what a telling effect it will have on the audience if properly managed. From what we have said above we have no hesitation in asserting that Basanta Utsab is a work of intrinsic merit and that it differs widely from other works of its class in its superior moral tone and purity of sentiments and expression. We heartily wish it may have an extensive circulation.

BRAHMO PUBLIC OPINION.

আজকাল বন্ধভাষার বিভন্ধ ভাবপূর্ব গীতিনাট্য অতি বিরল। রাধাক্ষক্ষর প্রেম, মানভঞ্জন ইত্যাদি পুরাজন গল্প লইরা যে দকল গীতিনাট্য রচিত হইরাছে তাঞ্চতে বন্ধানীদের ক্ষৃতি যে অত্যন্ত দ্বিত হইরা পদ্ধিরাছে তাহা বলা বাছলা। বসন্ত উৎসব এরূপ স্কৃতিনিন্দিত গীতিনাট্য নহে। ইহার কবিতাগুলি প্রথম হইতে শেষ পর্যন্ত উৎকৃত্ত বিশুদ্ধ ভাবে পরিপূর্ব। স্থীদের ফুল্ডোলা, লীলার নৈরাশ্য শোভার ভালবাসা, উদাসিনীর মন্ত্রভ্র অভি-

স্থচাক্তরপে চিত্রিভ হইয়াছে। আমরা এই স্থন্দর গীতিনাট্য থানির উৎকৃষ্ট অভিনয় দেখিতে অপেক্ষা করিতেছি।

নববিভাকর।

The writer of this small opera is a Bengali lady who is very favorably known to our readers is the authoress of Dip Nirvan a novel which has been noticed at considerable length in a previous number of this Review. The present work fully sustains the reputation of its writer. The subject of the opera is a well conceived story of two male and two female lovers. The story is told in an exquisite style. The authoress displays high poetical powers and many of her discription are charming webs of fancy woven by a fine and subtle instinct of poetry.

This is indeed the best Bengali opera we have yet seen. Its writer is an honour to her sex and to her country.

CALCUTTA REVIEW, JANUARY 1881.

ছিন-মুকুল।

Another good book is before us-Chinna Mukul a Novel by the authoress of Dip Nirban and Basanta Utsob. The workmanship throughout is exactly what might be expected from so able a literary artist. It is a pleasent transition to nature and fancy-to the calm and placid sweetness of Indian home life from the din and bustle of war. the gorgeous magnificence and heroic grandeur of the ancient Rajput Princes of Dip Nirban. A deep shade of Tragedy pervades the whole of the book, giving its color to more than one of the principal characters broken in here and there by a faint glimmer of incidental comic scenes which instead of relieving the senses, server to thicken the gloom around. The dialogues are well sustained. The style is, as is characteristic of this writer, chaste, clear, sweet, and vigorous. The book is interspersed with many charming little songs, all of which, it is a pity, are not set to tune. Almost all of the characters are exteemely natural especially Kanak the heroine of the story. She is an admirable portrait of self-sacrifice and disappointed love. Instances of such grand womanheroism and abnegation of self, liberate the fancy

tion of the writer. She then produced Malati an excellent novel, in which within a short compass, are vividly protrayed some of the subtlest workings of the heart.

Srimati Svarna Kumari Devi's last published work is Gatha, which is now before us. It is a collection of four beautiful idylls and as such a novelty in Bengali literature. Its poetry, as a contemporary justly remarks "is the poetry of genuine heart felt pathos-powerful from its soblimity and affecting from its tenderness," and its vercification is delicate and sweet." It is difficult to single out any one passage when so many challenge our admiration. But the best piece in the book is certainly that with which it concludes. The story on which this truly pathetic piece is based is very simple. A young man leaving behind his beloved and charming wife goes to a distant foreign country to fight the battle of life. He achieves success and sets out for home. He, however, encounters the grave perils of a ship-wreak on the return journey, and reaches his destination just in time to clasp in his agonised bosom the almost lifeless form of his wife. The feelings and situation of the unfortunate wife are beautifully conceived and skilfuly delineated.

The richness of imagination with which the

picture of the final catastrophe is drawn cannot be sufficiently admired, and reminds us of some of Byron's vigorous touches.

It is customary to make some relaxation of strict critical canons in favour of lady writers. But there is no necessity for extending this indulgence of the productions of Srimati Svarna Kumari Devi * * *

The works of Srimati Svarna Kumari Ghosal show clearly that she is well read in both English and Sanskrit poetry as well as in European works of imagination; and we perfectly agree with the Calcutta Correspondent of the *Hindu* of Madras, an extract from whose letter we published in these columns some little while ago, "that never before in Bengal did a lady writer of such real powers and abilities appear, and shed such a lustre on the literature of her country" as the talented arthoress of Dip Nirvan, Basanta Utsav, Chinna Mukul, Malati and Gatha.

HINDOO PATRIOT.

To readers of this Review, the writer of this work is already favorably known as the authoress of a good Bengali novel, entitled Dip Nirvan, and of a good Bengali opera entitled Basanta Utsav.

The work before us consists of four small love stories in verse. The stories, we must say, are all happily conceived, indicating a refined and cultivated taste, a poetical frame of mind and a sweet, tender, and some times even vigorous, fancy. The stories are told in a half lyrical, half narrative style, of which the fair writer seems to be a parfect master. Her versification is sweet, smooth musical and eloquent. She appeals strongly to her reader's feelings. She describes the minds of lovers with great skill, and she has also a fine pencil for external objects.

CALCUTTA REVIEW.

১। 'দীপনির্ব্বাণরচন্ত্রিতী কর্তৃক প্রণীত, মানতী, ছিল্ল-মুকুল, বসস্ত উৎসব, গাথা ও দীপ-নির্ব্বাণ।"

বঙ্গের চিরভ্ষণ-স্বরূপ। দীপনির্কাণরচয়িত্রীর উচ্চশ্রেণীয় কাব্যোপন্যাসসমূহ বালিকা কুস্থমকুমারীর কুস্থমিকার সহিত এ স্থলে একত্র স্থাপিত ও একস্ত্রে গ্রথিত রহিয়াছে। দীপনির্কাণ, ছিরমুক্ল ও গাথা প্রভৃতি গ্রন্থ এভাবে এবং এইরূপে সমালোচিত হইতে পারে না। আমরা যদি কথনও হিমেন্স, হানামোর, হৈরিয়েট মার্টিনিয়ু এবং মেরায়া একওয়ার্প প্রভৃতি বুটিশললনাদিগের কবিষ্ক ও লিপিনৈপুণ্যের সমান

লোচনা করিতে অবসর পাই, ভাহা হইলে ভূলনার সমা-লোচনা করিরা তথন আমরা এই চিরশ্বরণীয় বঙ্গললনার কবিছ ও চিত্রনৈপুণ্যের পরিচর দিব। ইহাঁর সম্বন্ধে সম্প্রতি আমরা এই মাত্র বলিতে ইচ্ছা করি যে, ইহাঁর পুশ্মরী লেথনীর উপর ভারতীর পুশার্ষ্টি হউক, এবং বঙ্গের যে সকল শিক্ষাহ্রাগিণী কুলকামিনী লেখা পড়া শিথিতে ইচ্ছা করেন, তাঁহারা একবার ইহাঁর গ্রন্থগুলি মনোযোগ সহকারে পাঠ করুন। পড়িলে অনেক বিষয়েই তাঁহাদিগেরও আমা-দিগের উপকার হইতে পারে।

বান্ধব, পৌষ ১২৮৮।

পৃথিবী।

This book is a novelty in the Scientific literature of Bengali. It contains a series of essays in the astronomical, geological and physical aspects of the earth, by a lady of real powers and abilities. Srimati Sarna Cumari Devi, wife of Mr Janoki nath Ghosol, is well known to the literary world.

The book before us opens with a learned essay in the study of Science, in which the writer gives a clear explanation of Bacon's theory of induction and traces the rise and development of astronomy geology in Europe. She frequently compares the

astronomical theories of Europe with those of Hindoo astronomy.

The early chapters treat of the fundamental physical phenomena such as the solar system, the motions of the earth and the seasons. To elucedate the solar system, a clear explanation of Newton's laws of universal gravitation and of motion has been given. Later on the authoress enters way fully into the origin and structure of the earth's surface. She also touches upon the various theories regarding the interior of the carth. The concluding chapter is devoted to the discussion of the possible end of the earth.

The writer brings a great research and vast information to bear upon her book. All the difficult theories of the European astronomers and geologists have been explained in a clare chaste, and vigorous style. She has introduced many Scientific terms into the Bengali language. The work does great credit to the writer. We have no hesitation in saying that this is the best book in popular astronomy and geology in the Bengali language.

THE STATESMAN AND FRIEND OF INDIA.

Thursday, May 24 1883.

This is a book on Astronomy, Geology &c. It consists of an Introduction and of nine chapters. The first two chapters are astronomical treaties of universal gravitation, centripetal and centrifugal forces, the solar system the milky way, the fixed stars, the planets, the satellites, the comets &c. and of the size, figure, and movements of the earth. The third chapter treats of the origin of the Earth. and gives a short account of the views of Kant. Sir William Herschell, Laplace, Sir William Thomson and Helmholtj. The fourth, fifth, sixth, seventh' and eighth chapters are goological, treating of the origin and formation of the crust of the earth of the different geological epochs and of the state of the interior at the earth. The last or ninth chapter is a speculation on the final condition of the earth-or, in other words, of its natural death. In the Introduction, the authoress gives a short account of the origin of history of science in India and in Europe, and, also of the progress and methods (Induction and Deduction) of modern science. The book is written in a very clear and simple style. On the whole, it is perhaps the best book in Bengali on the subjects of which it treats. the astronomical chapters give a very accurate account of the relation and revolution of the earth, of the precession of the Equinoxes, &c.

ced her literary career six years ago nor her other works which followed one another in rapid succession disclosed the name of their writer. And as these books possessed great merits and gave promise of . future excellence, speculation was naturally rife as to their authorship. We set all the speculation at rest by announcing the name of this fair writer, an announcement which as might be expected created much interest. The public saw now a zenana lady, who had never been in any school, or mixed in society, could write books in a chaste and vigorous style, delineating some of the sublest working of the human heart and displaying admirable depth and purity of thought. Srimati Svarno Kumari Devi, indeed, is an ornament to her sex and to her country.

We are very glad to see that this talented authoress does not allow her powers to remain idle. Her last production—the work before us—fully sustains her reputation. She had previously written romances and tales, poetical and operatic pieces. This might have led the public to suppose that her powers did not go beyond the field of imagination. If such an impression was created, it would be removed by the present work which treats of scientific subjects. The "Prithivi," which is the first Scientific work written by a Ben

gali lady, is a collection and repend of a series of papers that appeared from tir time within the last two or three years in the pages of the well known Bengali periodicals-the Tatwabodhini Patrica and the Bharati. The authoress informs us in the preface that those papers have been care fully revised and in many places intirely re-written. The introduction to the book is worth more than a passing notice. It bears testimony to the extent of the fair writer's sanskrit learning. She points out that India was the birth-place of sci ence, and that even in the Vedic times we find indications of the scientific acquirements of our fore-fathers. The Ancient Indians diligently cultivated astronomy at least three thousand years before the commencement of the Christian era: and it was from here that the cultivation of this science gradually extended to Chaldea, Egypt, and Greece. The law that the sun stands motionless in the centre while the earth and the other planets revolve about it was made known in Europe by copernicus in the sixteenth century; but Sirmati Surno Kumari Devi quotes a passage of Arva Bhatta's works which proves conclusively that the law was known in India more than a thousand years before its discovery in Europe. Then, She gives us a sloka from the Martundya

